আরও চাকরির খবর ভেতরের পাতায়

কর্মক্ষেত্র তথ্যভাণ্ডার ...পৃঃ ১২

# কর্মক্ষেত্র

ISSN 0971-7765

বর্ষ ৪৬ সংখ্যা ৪৪ কলকাতা বুধবার, ২৭ মে ২০২৬/১ **বাঙালির কর্মজীবনের প্রবেশপথ** ১২ জ্যৈষ্ঠ ১৪৩৩ দাম ৬.০০ টাকা ১২ পাতা R. N. 37120/80

নার্সিংয়ের সার্টিফিকেট ও ডিপ্লোমা

প্রবেশিকা পরীক্ষার নমুনা প্রশ্নোত্তর ...পৃঃ ৯

## কেন্দ্রীয় সরকারে নানা পদে ১২২৫৬ গ্র্যাজুয়েট

### কম্বাইন্ড গ্র্যাজুয়েট লেভেল এক্সামিনেশন, ২০২৬-এর কম্পিউটার বেসড এক্সামিনেশন (টিয়ার-১) অগস্ট-সেপ্টেম্বরে

কেন্দ্রীয় সরকারের বিভিন্ন অফিসে অফিসার, অ্যাসিস্ট্যান্ট, আপার ডিভিশন ক্লার্ক-সহ বিবিধ পদে ১২,২৫৬ জন গ্র্যাজুয়েট তরুণ-তরুণীকে নিয়োগ করা হবে। প্রার্থী বাছাই করবে স্টাফ সিলেকশন কমিশন, 'কম্বাইন্ড গ্র্যাজুয়েট লেভেল এক্সামিনেশন, ২০২৬'-এর মাধ্যমে। প্রার্থী বাছাই করা হবে দু'পর্যায়ের কম্পিউটার বেসড এক্সামিনেশন (টিয়ার-১ ও টিয়ার-২) ও কম্পিউটার নলেজ-টেস্টের মাধ্যমে। টিয়ার-১ পরীক্ষা অগস্ট-সেপ্টেম্বরে, টিয়ার-২ পরীক্ষা ডিসেম্বরে। পশ্চিমবঙ্গে একাধিক পরীক্ষাকেন্দ্র রয়েছে।

নিয়োগ হবে কেন্দ্রীয় সরকারের বিভিন্ন মন্ত্রক, বিভাগ, অফিস ও ক্যাডারে এই সব গ্রুপ 'বি' ও 'সি' পদে (বন্ধনীতে দপ্তর): **গ্রুপ 'বি'**— অ্যাসিস্ট্যান্ট অডিট অফিসার-সেন্ট্রাল ও স্টেট ক্যাডার (ইন্ডিয়ান অডিট অ্যান্ড অ্যাকাউন্টস ডিপার্টমেন্ট), অ্যাসিস্ট্যান্ট অ্যাকাউন্টস অফিসার-স্টেট ক্যাডার (ইন্ডিয়ান অডিট অ্যান্ড অ্যাকাউন্টস ডিপার্টমেন্ট)। অ্যাসিস্ট্যান্ট সেকশন অফিসার (সেন্ট্রাল সেক্রেটারিয়েট সার্ভিস)। অ্যাসিস্ট্যান্ট সেকশন অফিসার (ইন্টেলিজেন্স ব্যুরো)। অ্যাসিস্ট্যান্ট সেকশন অফিসার (মিনিস্ট্রি অব রেলওয়েজ)। অ্যাসিস্ট্যান্ট সেকশন অফিসার (মিনিস্ট্রি অব এক্সটার্নাল অ্যাফেয়ার্স)। অ্যাসিস্ট্যান্ট সেকশন অফিসার (এয়ারফোর্স হেডকোয়ার্টার্স)। অ্যাসিস্ট্যান্ট সেকশন অফিসার (মিনিস্ট্রি অব ইলেক্ট্রনিক্স অ্যান্ড ইনফর্মেশন টেকনোলজি)। বিবিধ মন্ত্রক, দপ্তর ও প্রতিষ্ঠানে অ্যাসিস্ট্যান্ট বা অ্যাসিস্ট্যান্ট সেকশন অফিসার। ইনস্পেক্টর অব ইনকাম ট্যাক্স (সেন্ট্রাল বোর্ড অব ডিরেক্ট ট্যাক্সেস)। ইনস্পেক্টর-সেন্ট্রাল এক্সাইজ (সেন্ট্রাল বোর্ড অব ইনডিরেক্ট ট্যাক্সেস অ্যান্ড কাস্টমস)। ইনস্পেক্টর (প্রিভেন্টিভ অফিসার) ও ইনস্পেক্টর (এক্সামিনার)। অ্যাসিস্ট্যান্ট এনফোর্সমেন্ট অফিসার (ডিরেক্টোরেট অব এনফোর্সমেন্ট, রেভেনিউ)। সাব-ইনস্পেক্টর (সেন্ট্রাল ব্যুরো অব ইনভেস্টিগেশন)। ডিপার্টমেন্ট অব পোস্টস-এ ইনস্পেক্টর পোস্টস। ইনস্পেক্টর (সেন্ট্রাল ব্যুরো অব নার্কোটিক্স)। সেকশন হেড (ডিরেক্টর জেনারেল অব ফরেন ট্রেড)। এক্সিকিউটিভ অ্যাসিস্ট্যান্ট (সেন্ট্রাল বোর্ড অব

*এরপর চারের পাতায়*

## আর্মি নেভি এয়ারফোর্সে ৪৫১ অফিসার

ট্রেনিং দিয়ে আর্মি, নেভি ও এয়ারফোর্সে অফিসার র‍্যাঙ্কে ৪৫১ জন তরুণ-তরুণীকে নেওয়া হবে। গ্র্যাজুয়েটরা আবেদন করতে পারেন। প্রার্থী বাছাই করবে ইউনিয়ন পাবলিক সার্ভিস কমিশন, 'কম্বাইন্ড ডিফেন্স সার্ভিসেস এক্সামিনেশন (২), ২০২৬'-এর মাধ্যমে। পরীক্ষা ১৩ সেপ্টেম্বর। পশ্চিমবঙ্গের পরীক্ষাকেন্দ্র কলকাতা ও শিলিগুড়ি। এই পরীক্ষার বিজ্ঞপ্তি নম্বর: 11/2026-CDS-II

**শূন্যপদ:** দেরাদুনের ইন্ডিয়ান মিলিটারি অ্যাকাডেমিতে ১৬৩তম (ডিই) কোর্সের জন্য ১০০টি। এর মধ্যে এনসিসি 'সি' সার্টিফিকেটধারীদের (আর্মি উইং) জন্য ১৩টি শূন্যপদ সংরক্ষিত থাকবে। এঝিমালার ইন্ডিয়ান ন্যাভাল অ্যাকাডেমিতে এক্সিকিউটিভ (জেনারেল সার্ভিস)/হাইড্রো কোর্সের জন্য ২৬টি। এর মধ্যে ৬টি শূন্যপদ এনসিসি 'সি' সার্টিফিকেটধারীদের (ন্যাভাল

*এরপর দুয়ের পাতায়*

## এডুকেশন কনসালট্যান্টসে ৬২৯

বিভিন্ন পদে ৬২৯ জন কর্মী নেবে এডুকেশন কনসালট্যান্টস ইন্ডিয়া। এটি কেন্দ্রের শিক্ষা মন্ত্রকের অধীনস্থ একটি সংস্থা। চুক্তিতে নিয়োগ করা হবে অন্ধ্রপ্রদেশের বিভিন্ন পুরসভার অধীন অটিজম সেন্টারগুলোতে। এই নিয়োগের বিজ্ঞপ্তি নম্বর: TSG/Autism/Multidisciplinary-Team/2026-01.

**শূন্যপদের বিবরণ: অকুপেশনাল থেরাপিস্ট:** ১২৫টি। **শিক্ষাগত যোগ্যতা:** অকুপেশনাল থেরাপিতে স্নাতক বা স্নাতকোত্তর। সেই সঙ্গে অকুপেশনাল থেরাপিস্ট হিসেবে বৈধ রেজিস্ট্রেশন বা লাইসেন্স থাকতে হবে। অভিজ্ঞতা থাকলে অগ্রাধিকার। **বেতন:** নির্দিষ্ট মাসিক ৩০,০০০ টাকা।

**ফিজিয়োথেরাপিস্ট:** ১২৫টি। **শিক্ষাগত যোগ্যতা:** ফিজিয়োথেরাপিতে স্নাতক বা স্নাতকোত্তর। সেই সঙ্গে ফিজিয়োথেরাপিস্ট হিসেবে বৈধ রেজিস্ট্রেশন বা লাইসেন্স থাকতে হবে। অভিজ্ঞতা থাকলে অগ্রাধিকার। **বেতন:** নির্দিষ্ট মাসিক ৩০,০০০ টাকা।

**সাইকোলজিস্ট:** ১২৫টি। **শিক্ষাগত যোগ্যতা:** সাইকোলজিতে (ক্লিনিক্যাল/কাউন্সেলিং/ডেভেলপমেন্টাল সাইকোলজি) স্নাতক বা

*এরপর সাতের পাতায়*

## বর্ডার রোডস অর্গানাইজেশনে ৮৯৯

### ড্রাফটসম্যান, স্টোর কিপার, অপারেটর

স্টোর কিপার টেকনিক্যাল, অপারেটর কমিউনিকেশন, ইলেক্ট্রিশিয়ান সহ বিভিন্ন পদে ৮৯৯ জনকে নেবে বর্ডার রোডস অর্গানাইজেশন। এটি কেন্দ্রের প্রতিরক্ষা মন্ত্রকের অধীনস্থ একটি সংস্থা। নিয়োগ করা হবে জেনারেল রিজার্ভ ইঞ্জিনিয়ার ফোর্সে। শুধু পুরুষরাই আবেদন করবেন। এই নিয়োগের বিজ্ঞপ্তি নম্বর: 01/ 2026.

প্রসঙ্গত, গত ১৫ এপ্রিলের 'কর্মক্ষেত্র'য় এই নিয়োগ বিষয়ে আগাম জানানো হয়েছিল। এই সংখ্যায় বিশদে জানানো হল।

**শূন্যপদের বিবরণ: ড্রাফটসম্যান:** ৪২টি (সাধারণ ২৪, তফসিলি জাতি ৫, তফসিলি উপজাতি ২, ওবিসি ১০, আর্থিক ভাবে অনগ্রসর ১)। এর মধ্যে ৩টি শূন্যপদ দৈহিক প্রতিবন্ধী ও ৬টি শূন্যপদ প্রাক্তন সমরকর্মীদের জন্য সংরক্ষিত। **শিক্ষাগত যোগ্যতা:** বিজ্ঞান শাখায় উচ্চ মাধ্যমিক। সেই সঙ্গে আর্কিটেকচার বা ড্রাফটসম্যানশিপে ২ বছরের সার্টিফিকেট অথবা ড্রাফটসম্যান (সিভিল) ট্রেডে ২ বছরের ন্যাশনাল ট্রেড সার্টিফিকেট-সহ সংশ্লিষ্ট ট্রেডে ১ বছরের কাজের অভিজ্ঞতা।

*এরপর সাতের পাতায়*

## তিন বাহিনীতে ৩৯৪

ট্রেনিং দিয়ে আর্মি, নেভি ও এয়ারফোর্সে ৩৯৪ জন অফিসার নিয়োগ করা হবে। উচ্চ মাধ্যমিক পাশ অবিবাহিত তরুণ-তরুণীরা আবেদন করতে পারেন। ১৫৮তম ন্যাশনাল ডিফেন্স অ্যাকাডেমি এবং ১২০তম ইন্ডিয়ান ন্যাভাল অ্যাকাডেমি কোর্স শুরু হবে ২০২৭-এর জুলাই মাসে। প্রার্থী বাছাই করবে ইউনিয়ন পাবলিক সার্ভিস কমিশন 'ন্যাশনাল ডিফেন্স অ্যাকাডেমি অ্যান্ড ন্যাভাল অ্যাকাডেমি এক্সামিনেশন (২), ২০২৬'-এর মাধ্যমে। পরীক্ষা ১৩ সেপ্টেম্বর। প্রথমে ট্রেনিং। সফল হলে চাকরি। পশ্চিমবঙ্গে পরীক্ষাকেন্দ্র আছে। এই পরীক্ষার নোটিশ নম্বর: 10/2026-NDA-II.

**শূন্যপদের বিবরণ:** ন্যাশনাল ডিফেন্স অ্যাকাডেমি: মোট ৩৭০টি (আর্মি ২০৮, নেভি ৪২, এয়ারফোর্স ১২০)। এয়ারফোর্সের ক্ষেত্রে নিয়োগ হবে ফ্লাইং (শূন্যপদ ৯২টি), গ্রাউন্ড ডিউটি-টেকনিক্যাল (শূন্যপদ ১৮টি) এবং গ্রাউন্ড ডিউটি-নন টেকনিক্যাল (শূন্যপদ ১০টি) শাখায়। আর্মিতে ১০টি, নেভিতে ৫টি

*এরপর চারের পাতায়*

## স্টেট ব্যাঙ্কে ৭১৫০

### তরুণ-তরুণীকে অ্যাপ্রেন্টিসশিপ ট্রেনিং

দেশের ৭,১৫০ জন স্নাতক তরুণ-তরুণীকে অ্যাপ্রেন্টিসশিপ ট্রেনিং দেবে স্টেট ব্যাঙ্ক অব ইন্ডিয়া। প্রশিক্ষণের মেয়াদ ১ বছর। প্রশিক্ষণ চলাকালীন স্টাইপেন্ড পাওয়া যাবে। প্রশিক্ষণের জন্য যোগ্যতামান যাচাইয়ের পরীক্ষা নেওয়া হবে জুলাই মাসে। প্রার্থীকে সংশ্লিষ্ট রাজ্যের স্থানীয় ভাষা বলতে, পড়তে ও লিখতে জানতে হবে। তাই এখানে পশ্চিমবঙ্গের জন্য নির্দিষ্ট ৪৬০টি আসনের বিষয়ে জানানো হল। পশ্চিমবঙ্গে একাধিক পরীক্ষাকেন্দ্র রয়েছে। এই প্রশিক্ষণের বিজ্ঞপ্তি নম্বর: CRPD/APPR/ 2026-27/07.

আসনসংখ্যার বিন্যাস: পশ্চিমবঙ্গ: মোট আসন ৪৬০টি (সাধারণ ১৮৫, তফসিলি জাতি ১০৫, তফসিলি উপজাতি ২৩, ওবিসি ১০১, আর্থিক ভাবে অনগ্রসর ৪৬)। এর মধ্যে ১৯টি আসন দৈহিক প্রতিবন্ধীদের জন্য সংরক্ষিত।

নিয়োগ হবে এই সব জেলায়: উত্তর চব্বিশ পরগনা, দক্ষিণ চব্বিশ পরগনা, মুর্শিদাবাদ, নদিয়া, বাঁকুড়া, বীরভূম, পশ্চিম বর্ধমান, পূর্ব বর্ধমান, পুরুলিয়া, হুগলি, ঝাড়গ্রাম, পূর্ব মেদিনীপুর, পশ্চিম মেদিনীপুর, কলকাতা, আলিপুরদুয়ার, কোচবিহার, দার্জিলিং, দক্ষিণ দিনাজপুর, উত্তর দিনাজপুর, জলপাইগুড়ি, কালিম্পং, মালদা, হাওড়া। প্রতিটি জেলায় ২০টি

*এরপর দুয়ের পাতায়*

## অ্যাকসেঞ্চারে ৬০০ গ্র্যাজুয়েট

মার্কেটিং ও কমিউনিকেশন বিভাগে ৬০০ কর্মী নেবে তথ্যপ্রযুক্তি সংস্থা অ্যাকসেঞ্চার। নিয়োগ হবে ট্রাস্ট ও সেফটি অ্যাসোসিয়েট, ডিজিটাল মার্কেটিং অ্যাসোসিয়েট, ডিজিটাল কনটেন্ট ম্যানেজমেন্ট অ্যাসোসিয়েট পদে। সংশ্লিষ্ট কাজে ১ বছরের অভিজ্ঞতা থাকলে চাকরি পেতে সুবিধা হবে। তবে, কাজের অভিজ্ঞতা

*এরপর বারোর পাতায়*

শীঘ্রই প্রকাশিত হচ্ছে




ও আরও অনেক কিছু

স্বনির্ভরতার সন্ধান

## পাটের হস্তশিল্প সামগ্রী তৈরি করা শিখে উপার্জন

**সরকারি প্রতিষ্ঠানে বারো দিনে শিখে নিন পাট থেকে দৈনন্দিনের ব্যবহার্য বিভিন্ন হস্তশিল্প সামগ্রী তৈরির কাজ। এই সব সামগ্রীর ব্যবসায় লাভ যথেষ্ট। পরিবেশবান্ধব বলে পাটের তৈরি জিনিসের চাহিদা আছে। সরকারও সচেতনতা বাড়াতে উৎসাহী। ব্যবসা করতে চাইলে ব্যাঙ্ক থেকে ঋণ পাবেন।**

**নিজস্ব প্রতিনিধি:** পরিবেশবান্ধব পাটকে যুগোপযোগী করে দৈনন্দিন জীবনে প্রয়োজনীয় বিভিন্ন পণ্যের রূপ দেওয়া হচ্ছে। রাজ্য ও দেশের বিভিন্ন হস্তশিল্প মেলা ও প্রদর্শনীতে পাটের তৈরি এই সব সামগ্রীর চাহিদা উল্লেখযোগ্য ভাবে বাড়ছে। বিশেষ করে নতুন প্রজন্মের ক্রেতার নজর কাড়ছে পাটের তৈরি জিনিস। পাট দিয়ে তৈরি হচ্ছে ব্যাগ, ঘর সাজানোর জিনিস, পুতুল, জুতো, পাপোষ, ওয়ালহ্যাংগিং, ফুলদানি, গয়না, ফল রাখার ঝুড়ি, টেবিল ম্যাট ইত্যাদি হাজারো জিনিস। এমনকী শাড়িও! এ সবের চাহিদা বেড়েছে ইউরোপ, আমেরিকা ও এশিয়ার বিভিন্ন দেশে।



পাট দিয়ে হস্তশিল্প সামগ্রী তৈরি করে বিক্রির কথা ভাবতে পারেন বেকার তরুণ-তরুণীরা। প্রশিক্ষণ নিয়ে তাঁরা স্বাধীন ভাবে ব্যবসা শুরু করতে পারেন, কোনও সংস্থার সঙ্গে যুক্ত হয়েও কাজ করতে পারেন। নাগরিকদের মধ্যে পরিবেশবান্ধব প্রাকৃতিক তন্তু দিয়ে তৈরি সামগ্রী ব্যবহারের সচেতনতা বৃদ্ধিতে সরকারও সামিল হয়েছে। তাই প্রশিক্ষণের পরে সার্টিফিকেট থাকলে ব্যবসার জন্য ঋণ পেতে সুবিধা হবে।

*এরপর সাতের পাতায়*

# কর্মক্ষেত্র

শ্রেণিবদ্ধ বিজ্ঞাপন

## কর্মখালি

নামী কোং-তে স্থায়ী/ অস্থায়ী ম্যানেজার পদে নিয়োগ। প্রচুর আয় + অন্যান্য বেনিফিটস্। বয়স: 21-64, HS+. M/F, গৃহবধূ/ অবসরপ্রাপ্ত/বীমা কার্যকর্তা। Call- 85858-82303.

□

Bank/রেল/গৃহবধূ/গভঃ Retd/ VRS -দের সম্মানের সাথে কাজের সুযোগ ফুল/পার্ট টাইমে। Age: 20-65, HS+. আয়: 30K + PF + ESI & Others. অফিসিয়াল জব: 99037-48034.

□

**Reqd for a Pet Shop Bhawanipur** 6Days, Age:18-35, Sales, Material tracking, Bookkeep Sal: 8K-10K Negotiable, Time: 10AM-8PM. 89814-08631.

□

বাংলা ফাস্ট ফুডের জন্য অভিজ্ঞ রাঁধুনি চাই। (ফ্রাই, মোগলাই, কাবিরাজি, ফিঙ্গার, চাইনিজে) সল্টলেক সেক্টর-১, Ph: 83348-37555.

□

**ICSE English Medium School in** Birati requires PGTs for Computer Science, Physics, Chemistry, Mathematics, EVS & PT. Qualification PG in relevant subject with B.Ed., good English communication, experience preferred. Send CV to: igmsbirati.office@gmail.com & 98301-34593.

□

ইলেকট্রিক ই.ভি টু-হুইলার মেকানিক চাই। খাওয়া, থাকা-সহ বেতন 10000/- যোগাযোগ- 62907-13356.

□

## কর্মখালি

**Req:- Graduate M/F (Well fly.** background) pref. Behala surround. Cont: technographic enterprise 2024@gmail.com/ 96743-63975 (11 : 30 a.m.-3 : 00 p.m.)

□

সিনিয়র ম্যানুয়াল জুয়েলারি ডিজাইনার অভিজ্ঞতা- ১০ বছরের বেশি, শূন্যপদ- ৫ কাজের দায়িত্ব- হাতে আঁকা নকশা (ম্যানুয়াল ড্রয়িং) হীরা, সোনা, পোলকি ও জাড়াও-এর অভিজ্ঞতা Contact- 74398-15297 Email id-hr.online recruitments@gmail.com

□

মেমারিতে ফাউন্ড্রির কাজের জন্য গ্রাইন্ডার কন্ট্রাক্টর প্রয়োজন। যোগাযোগ: 93308-01819.

□

বারাকপুর হুগলীতে স্থায়ী অফিস জবে Mngr পদে বসে কাজ নো টার্গেট HS+ 35-65, Retd, ব্যাঙ্ক, রেলকর্মী, Ex আর্মি, টিচার, মহিলা স্বাগত 35k+ মেডিকেল 98743-59044.

□

ফার্নেস কোম্পানি-তে কর্মরত ইঞ্জিনিয়ার চাই উপযুক্ত বেতন + কমিশন। 2-3 years অভিজ্ঞতা Mech-Draftsman চাই। Machinotherm Engineers, 1/9 Sucheta Nagar, Haltu, Kol- 78 Email: info@machinotherm.com

□

সল্টলেকে বাড়ির কাজের জন্য ১৮-২৫ বছরের মধ্যে আয়া চাই। খাওয়া ও থাকার ব্যবস্থা রয়েছে। M-62896-96933.

□

**Need Back office cum Tele caller** and data entry Exe at Chinarpark and Shreebhumi. Fixed Salary, No Target Call/Wapp: 62920-53253.

□

## কর্মখালি

বৃদ্ধাশ্রমে স্থায়ী কাজ- রাঁধুনি, আয়া/ সহায়িকা, নার্স, সুপারভাইজার/ In-charge ও অন্যান্য কাজে মহিলা/ পুরুষ চাই। থাকা + খাওয়া + চিকিৎসা ফ্রি। 86974-70032.

□

ভারতবর্ষের তৃতীয় বৃহত্তম কোম্পানিতে লোক নেওয়া হচ্ছে, স্থায়ী/অস্থায়ী ম্যানেজার পদে। বয়স: 21-64, M/F, গৃহবধূ/ অবসরপ্রাপ্ত/ বীমা কার্যাকর্তা। যোগাযোগ: 90735-00885.

□

**Cook, Helper, Boy reqd for** Restaurant at Andul, Howrah. Contact: 91230-81782 Salary: 10K to 20k negotiable মানুষ দরকার।

□

ডানকুনির ১টা **Restaurant**-এ ভালো কাজ জানা Waiter, Chinese & Indian Cook, Sweeper ও অন্যান্য পদে লোক চাই। শীঘ্রই যোগাযোগ করুন- 98304-06131.

□

**Wanted Boys & Girls for Factory** Production of Electronics & Mechanical Goods. Contact: Ph:- + 91 62916-35867 Email: avisam 13@yahoo.in

□

মা ও ছেলের সংসারে রান্না ও যাবতীয় কাজের জন্য ২৪ ঘণ্টার ৪০-৪৫ বয়সের সম্পূর্ন পিছুটানহীন থাকা খাওয়া পরা সমেত নিজে যোগাযোগ করুন: 70449-11578.

□

আপনি **High Profile Job** করতে চান, এটি আপনার জন্য। High Grade officer for Exp Person Fixed 30K-65K, অন্যান্য 10K-35K. 76027-60560/98301-20316.

□

## কর্মখালি

**Req. Sr. Jr. Sister/ Brother/** Nurse, Technician, X-Ray Tech., Receptionist for MB Nursing Home. M: 97487-52613, 98310-90774.

□

**Content BOOKS.COM @ Part** Time বই দেখে হাতে লিখে/ ফর্ম ফিলাপ করে/ Comp, ল্যাপটপ/ স্মার্ট ফোনে টাইপ করে 5 দিনে 5K- মাসে 30K আয়। 82748-74519.

□

দিল্লী/মুম্বাই-তে আয়া, নার্স, গভর্নেস, রাঁধুনী, পেশেন্ট কেয়ার, মেড, কুক, হেল্পার চাই। জয়া সেন্টার- 93301-58486/ 70114-56402/ 93158-25811.

□

ইনভার্টার ও ব্যাটারি কোম্পানির জন্য ব্যাঙ্গালোর এবং হায়দ্রাবাদে ইলেকট্রিশিয়ান আবশ্যক। থাকা-খাওয়ার সুব্যবস্থা রয়েছে। 98445-16993/ 81230-41821.

□

বেহালা ঠাকুরপুকুরে বৃদ্ধাকে দেখাশোনার জন্য, পিছুটানহীন মহিলা সত্বর যোগাযোগ করুন। (থাকা-খাওয়া + মাসিক বেতন) মোঃ-75959-29218/ 96742-35884.

□

**Require for Housekeeping &** Room Attendant, Age: 30-35, For 3 Star Hotel at Newtown & Park Street area. Qualification: 10 + 2. Liftman (Licence Must). 90514-18015.

□

**Multinational Co. Kolkata**-তে Fixed Salary-তে উচ্চ আধিকারিক পদে 2 জন (55-65) ও অফিস স্টাফ 20 জন চাই। এটি IRDA নয়। 62919-38565/ 83450-23181.

□

## কর্মখালি

ক্রাইমস/চিপস কোম্পানীতে অভিজ্ঞ পুরুষ সেলসম্যান চাই। যোগাযোগ-Okay Polytech Pvt. Ltd. সুগন্ধা, হুগলী, পঃ বঃ, M-85849-12729.

□

NGO-তে কাজের জন্য একাধিক পুরুষ স্বেচ্ছাসেবক প্রয়োজন। থাকা ও খাওয়া বিনামূল্যে। যোগাযোগ: +91 62891-02112 Email :ngo025077@ gmail. com

□

**Ecodea Projects and Control** Pvt. Ltd. requires Welder Pan India Turner Behala Office Assistant Salt Lake Electrician Behala Exp. Min 5 yrs. Cont: 98302-60942.

□

কর্মক্ষেত্রর আগামী সংখ্যার জন্য বিজ্ঞাপন নেওয়া হবে ৩০ মে দুপুর ২টো পর্যন্ত।

□□□

বিজ্ঞাপন দিতে আগ্রহীরা যোগাযোগ করুন: ৮৯৬১২-৪২৬২৯

## কর্মখালি

বেলেঘাটা অঞ্চলে একটি সংস্থায় অবিলম্বে সিকিউরিটি গার্ড এবং হাউস কিপার প্রয়োজন। ইচ্ছুক ব্যক্তিরা যোগাযোগ করুন: M: 62917-18895 / 89817-44407.

□

## স্কুল-কলেজ-শিক্ষা

**MERCHANT NAVY CONSULTANCY SERVICES**

FOR TRAINING, COURSE AND JOINING IN MERCHANT SHIP, INLAND VESSELS. CONTACT NUMBER: 97495-93636/70012-61219. Send mail: rivertoseatour andtravels1997@gmail.com

**DISCLAIMER
SWARNAKSHAR PRAKASANI PVT. LTD.**

**assumes no responsibility for the authenticity or reliability of any advertisement published in this newspaper. The advertisements carried in the newspaper are accepted on good faith.**

### পাঠকের প্রতি

**কোনও বেসরকারি প্রতিষ্ঠানের বিজ্ঞাপনের উত্তরে আবেদন বা সাক্ষাৎ করার সময় কোনওরকম টাকা চাওয়া হলে সেই টাকা দেওয়া সম্পূর্ণ ন্যায়সঙ্গত কিনা সেবিষয়ে পুরোপুরি নিশ্চিত না হয়ে টাকা দেবেন না। যে-কোনও বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানে ভর্তি হওয়ার আগে সংস্থাটির যাবতীয় স্বীকৃতিপত্র যাচাই করে নেওয়া সঙ্গত। বিজ্ঞাপনদাতারা কোনও প্রতিশ্রুতি পালনে ব্যর্থ হলে তার জন্য প্রকাশক, মুদ্রক, সম্পাদক এবং স্বর্ণাক্ষর প্রকাশনী প্রাইভেট লিমিটেড-এর মালিকপক্ষকে কোনওভাবেই দায়ী করা যাবে না।**

# আর্মি নেভি এয়ারফোর্সে ৪৫১ অফিসার

*প্রথম পাতার পর*

উইং) জন্য এবং ১টি শূন্যপদ হাইড্রো শাখার জন্য সংরক্ষিত থাকবে। হায়দরাবাদের এয়ারফোর্স অ্যাকাডেমিতে প্রি-ফ্লাইং ট্রেনিং কোর্সের জন্য ৩২টি। এর মধ্যে ৩টি শূন্যপদ এনসিসি 'সি' সার্টিফিকেটধারীদের (এয়ার উইং) জন্য সংরক্ষিত থাকবে। চেন্নাইয়ের অফিসার্স ট্রেনিং অ্যাকাডেমিতে ছেলেদের ১২৬তম এসএসসি কোর্সের (নন-টেকনিক্যাল) জন্য ২৭৫টি। চেন্নাইয়ের অফিসার্স ট্রেনিং অ্যাকাডেমিতে মহিলাদের ১২৬তম এসএসসি (নন-টেকনিক্যাল) কোর্সের জন্য ১৮টি।

পরীক্ষায় সফল হলে প্রাথমিক ট্রেনিং হবে এই সব প্রতিষ্ঠানে: (১) ইন্ডিয়ান মিলিটারি অ্যাকাডেমি, দেরাদুন, (২) ইন্ডিয়ান ন্যাভাল অ্যাকাডেমি, এঝিমালা, (৩) এয়ারফোর্স অ্যাকাডেমি, হায়দরাবাদ, (৪) অফিসার্স ট্রেনিং অ্যাকাডেমি, চেন্নাই। মিলিটারি, ন্যাভাল ও এয়ারফোর্সের ট্রেনিং ২০২৭-এর জুলাই মাসে এবং অফিসার্স ট্রেনিং ২০২৭-এর অক্টোবর মাসে শুরু হবে।

**এয়ারফোর্স অ্যাকাডেমিতে ভর্তির জন্য শিক্ষাগত যোগ্যতা:** গ্র্যাজুয়েট ডিগ্রি। উচ্চ মাধ্যমিকে ফিজিক্স ও অঙ্ক পড়ে থাকতে হবে। ইঞ্জিনিয়ারিংয়ের গ্র্যাজুয়েটরাও আবেদনের যোগ্য। শুধুমাত্র তরুণরা আবেদন করবেন। **বয়স:** ১-৭-২০২৭ তারিখে ২০ থেকে ২৪ বছরের মধ্যে হতে হবে। বৈধ কমার্শিয়াল পাইলট লাইসেন্সধারীদের ক্ষেত্রে ২৬ বছরের মধ্যে বয়স থাকতে হবে। ২৫ বছরের কমবয়সি প্রার্থীদের অবশ্যই অবিবাহিত হতে হবে।

**ইন্ডিয়ান মিলিটারি অ্যাকাডেমি ও অফিসার্স ট্রেনিং অ্যাকাডেমিতে ভর্তির জন্য শিক্ষাগত যোগ্যতা:** যে-কোনও শাখায় গ্র্যাজুয়েট। ইন্ডিয়ান মিলিটারি অ্যাকাডেমির জন্য কেবল অবিবাহিত তরুণরা আবেদন করতে পারবেন। অফিসার্স ট্রেনিং অ্যাকাডেমিতে শর্ট সার্ভিস কমিশন (নন-টেকনিক্যাল) কোর্সটির জন্য অবিবাহিত তরুণরা আবেদন করতে পারবেন। শর্ট সার্ভিস কমিশন উইমেন (নন-টেকনিক্যাল) কোর্সটির জন্য অবিবাহিত মেয়েরা, বিধবা ও বিবাহবিচ্ছিন্নারা সন্তানহীনা হলে এবং আবার বিবাহ না করে থাকলে আবেদন করতে পারবেন।

**ইন্ডিয়ান ন্যাভাল অ্যাকাডেমিতে ভর্তির জন্য শিক্ষাগত যোগ্যতা:** ইঞ্জিনিয়ারিংয়ের যে-কোনও শাখায় গ্র্যাজুয়েট। শুধু অবিবাহিত তরুণরা আবেদন করতে পারবেন।

ইন্ডিয়ান মিলিটারি অ্যাকাডেমি এবং ইন্ডিয়ান ন্যাভাল অ্যাকাডেমির ক্ষেত্রে জন্মতারিখ হতে হবে ১-৭-২০০৩ থেকে ১-৭-২০০৭ তারিখের মধ্যে। বৈধ কমার্শিয়াল পাইলট লাইসেন্সধারীদের ক্ষেত্রে ১-৭-২০০১ থেকে ১-৭-২০০৭-এর মধ্যে। অফিসার্স ট্রেনিং অ্যাকাডেমির ক্ষেত্রে জন্মতারিখ হতে হবে ১-৭-২০০২ থেকে ১-৭-২০০৮-এর মধ্যে।

সব ক্ষেত্রেই ফাইনাল ইয়ারের ছাত্রছাত্রীরাও শর্তসাপেক্ষে আবেদনের যোগ্য। মহিলারা কেবল শর্ট সার্ভিস কমিশন উইমেন (নন-টেকনিক্যাল) কোর্সটির জন্য আবেদন করবেন।

**দৈহিক মাপজোক:** ছেলেদের ক্ষেত্রে: আর্মির জন্য উচ্চতা অন্তত ১৫৭ সেমি, নেভির ক্ষেত্রে ১৫৭ সেমি ও এয়ারফোর্সের ক্ষেত্রে ১৬২.৫ সেমি। মহিলাদের ক্ষেত্রে: অন্তত ১৫২ সেমি। এয়ারফোর্সের গ্রাউন্ড ডিউটি ব্রাঞ্চের ক্ষেত্রে উচ্চতা ১৫৭ সেমি। এছাড়া সুগঠিত ও অন্তত ৫ সেমি ফোলানোর ক্ষমতা-সহ বুকের ছাতি থাকতে হবে। এয়ারফোর্সের ফ্লাইং ব্রাঞ্চের ক্ষেত্রে পায়ের মাপ দরকার লম্বায় ৯৯-১২০ সেমি, থাইয়ের দৈর্ঘ্য সর্বাধিক ৬৪ সেমি ও বসে থাকা অবস্থায় উচ্চতা ৮১.৫-৯৬ সেমি। আর্মি ও নেভির ক্ষেত্রে কোনও কড়াকড়ি নেই। সব ক্ষেত্রেই গোর্খা ও পার্বত্য এলাকার প্রার্থীরা উচ্চতায় ৫ সেমি ছাড় পাবেন। উচ্চতা ও বয়সের অনুপাতে ওজন থাকতে হবে।

**দৃষ্টিশক্তি:** আর্মির ক্ষেত্রে ন্যূনতম দূরের ক্ষেত্রে চশমা ছাড়া ৬/৬০, চশমা থাকলে উভয় চোখে ৬/৬। মায়োপিয়া মাইনাস ৩.৫ ডি-র বেশি হলে চলবে না। হাইপারমেট্রোপিয়া প্লাস ৩.৫ ডি-র বেশি হওয়া চলবে না। রং চেনার ক্ষমতা সিপি-টু মানের হতে হবে। এয়ারফোর্সের ক্ষেত্রে ন্যূনতম দূরের ক্ষেত্রে এক চোখে ৬/৬, অন্য চোখে ৬/৯। শুধুমাত্র হাইপারমেট্রোপিয়ার ক্ষেত্রে ৬/৬ পর্যন্ত সংশোধনযোগ্য। রং চেনার ক্ষমতা সিপি-ওয়ান মানের হতে হবে। নেভির ক্ষেত্রে চশমা ছাড়া দৃষ্টিশক্তি হতে হবে উভয় চোখে ৬/১২, চশমা-সহ ৬/৬ পর্যন্ত সংশোধনযোগ্য। মায়োপিয়া মাইনাস ১.০-এর বেশি হলে চলবে না। হাইপারমেট্রোপিয়া প্লাস ২.০-এর বেশি হলে চলবে না। অস্টিগম্যাটিজম থাকলে প্লাস-মাইনাস ১.০-এর বেশি হলে চলবে না। রং চেনার ক্ষমতা সিপি-পাস মানের হতে হবে। স্বাভাবিক শ্রবণশক্তি ও নিখুঁত শারীরিক ও মানসিক স্বাস্থ্য থাকা দরকার। কোনওরকম দৈহিক ত্রুটি এই কাজের প্রতিকূল।

ট্রেনিং চলাকালীন স্টাইপেন্ড বাবদ পাওয়া যাবে ৫৬,১০০ টাকা। লেফটেন্যান্ট র‍্যাঙ্কে নিয়োগ হবে। তখন বেতনক্রম ৫৬,১০০-১,৭৭,৫০০ টাকা, সঙ্গে মিলিটারি সার্ভিস পে প্রতি মাসে ১৫,৫০০ টাকা। সঙ্গে অন্যান্য সুযোগ-সুবিধা।

ইন্ডিয়ান মিলিটারি অ্যাকাডেমি, ইন্ডিয়ান ন্যাভাল অ্যাকাডেমি ও এয়ারফোর্স অ্যাকাডেমির ক্ষেত্রে লিখিত পরীক্ষা হবে এই তিন বিষয়ে: ইংলিশ (কোড ১১), জেনারেল নলেজ (কোড ১২), এলিমেন্টারি ম্যাথমেটিক্স (কোড ১৩)। অফিসার্স ট্রেনিং অ্যাকাডেমিতে ভর্তির পরীক্ষা হয় শুধু ইংলিশ (কোড ১১) ও জেনারেল নলেজ (কোড ১২) বিষয়ে। সব ক্ষেত্রেই প্রতি পেপারে ১০০ নম্বর। সময় ২ ঘণ্টা করে। অবজেক্টিভ টাইপ প্রশ্ন হবে। ভুল উত্তরের ক্ষেত্রে নেগেটিভ মার্কিং থাকবে। এলিমেন্টারি ম্যাথমেটিক্সে থাকবে পাটিগণিত, বীজগণিত, জ্যামিতি, ত্রিকোণমিতি, পরিমিতি ও রাশিবিজ্ঞানের মাধ্যমিক মানের প্রশ্ন। লিখিত পরীক্ষায় সফল হলে ৩০০ (অফিসার্স ট্রেনিং অ্যাকাডেমির ক্ষেত্রে ২০০) নম্বরের ইন্টেলিজেন্স অ্যান্ড পার্সোন্যালিটি টেস্ট। এটি দু'পর্যায়ে হয়। প্রথম পর্যায়ে থাকে অফিসার ইন্টেলিজেন্স রেটিং টেস্ট ও পিকচার পারসেপশন অ্যান্ড ডেসক্রিপশন টেস্ট। দ্বিতীয় পর্যায়ে থাকে ইন্টারভিউ, গ্রুপ টেস্টিং অফিসার টাস্ক, সাইকোলজি টেস্ট ও কনফারেন্স। গোটা প্রক্রিয়া মোট ৪ দিন ধরে চলে।

অনলাইন দরখাস্ত করতে হবে এই ওয়েবসাইটের মাধ্যমে: https://upsconline.nic.in প্রার্থীর চালু ই-মেল আইডি থাকতে হবে। অনলাইন দরখাস্ত করা যাবে ৯ জুন পর্যন্ত। দরখাস্তের সময় প্রার্থীর সম্প্রতি তোলা রঙিন পাসপোর্ট মাপের ফটো এবং সই (উভয়ই জেপিজি ফর্ম্যাটে, ২০ থেকে ৩০০ কেবি সাইজের মধ্যে) স্ক্যান করে আপলোড করতে হবে।

দরখাস্তের ফি বাবদ দিতে হবে ২০০ টাকা। মহিলা এবং তফসিলিদের ফি লাগবে না। অনলাইনে ফি জমা দেওয়া যাবে ইন্টারনেট ব্যাঙ্কিং বা ভিসা/রুপে/মাস্টার ডেবিট বা ক্রেডিট কার্ড বা ইউপিআইয়ের মাধ্যমে। ফি জমা দিয়ে পাওয়া ই-রিসিটের এক কপি প্রিন্ট আউট নিয়ে নেবেন। এটি কোথাও পাঠাতে হবে না। নিজের কাছে রাখবেন। পরে প্রয়োজন হবে।

খুঁটিনাটি তথ্যের জন্য দেখতে পারেন এই ওয়েবসাইট: www.upsc.gov.in যোগাযোগ করতে পারেন ফোনেও, এই নম্বরে: (০১১) ২৪০৪-১০০১/৪০৩০-৩৪৪৪ (যে-কোনও কাজের দিন সকাল ১০টা থেকে বিকেল সাড়ে ৫টা পর্যন্ত)।

# স্টেট ব্যাঙ্কে ৭১৫০

*প্রথম পাতার পর*

করে আসন রয়েছে।

**শিক্ষাগত যোগ্যতা:** স্বীকৃত প্রতিষ্ঠান থেকে যে-কোনও শাখায় স্নাতক। ২০২৬-এর ১ এপ্রিল বা তার আগে প্রার্থীকে স্নাতক হয়ে থাকতে হবে। প্রার্থীকে স্থানীয় ভাষায় বলতে, পড়তে ও লিখতে জানতে হবে।

**বয়স:** ১-৪-২০২৬ তারিখে ২০ থেকে ২৮ বছরের মধ্যে হতে হবে। তফসিলিরা ৫, ওবিসিরা ৩, দৈহিক প্রতিবন্ধীরা ১০ বছরের ছাড় পাবেন।

**স্টাইপেন্ড:** প্রতি মাসে নির্দিষ্ট ১৫,০০০ টাকা।

এর আগে কোথাও অ্যাপ্রেন্টিসশিপ ট্রেনিং নিয়ে থাকলে বা কোনও সংস্থায় ১ বছর বা তার বেশি সময় কাজের অভিজ্ঞতা থাকলে আবেদন করবেন না।

প্রার্থী বাছাই করা হবে অনলাইন পরীক্ষা, নথিপত্র যাচাই, রাজ্যের স্থানীয় ভাষার পরীক্ষা ও মেডিক্যাল এক্সামিনেশনের মাধ্যমে। পশ্চিমবঙ্গের পরীক্ষাকেন্দ্রগুলি হল: কলকাতা, আসানসোল, দুর্গাপুর, হুগলি, কল্যাণী, শিলিগুড়ি ও বর্ধমান। পরীক্ষায় মাল্টিপল চয়েস প্রশ্ন হবে এই সব বিষয়ে (ব্র্যাকেটে প্রতি বিষয়ের নম্বর): জেনারেল/ফিনান্সিয়াল অ্যাওয়্যারনেস (২৫), জেনারেল ইংলিশ (২৫), কোয়ান্টিটেটিভ অ্যাপ্টিটিউড (২৫), রিজনিং এবিলিটি অ্যান্ড কম্পিউটার অ্যাপ্টিটিউড (২৫)। সময়সীমা ১ ঘণ্টা। নেগেটিভ মার্কিং আছে।

প্রার্থীকে প্রথমে রেজিস্ট্রেশন করতে হবে এই ওয়েবসাইটের মাধ্যমে: www.apprenticeshipindia.gov.in এরপর অনলাইন আবেদন করতে হবে এই ওয়েবসাইটের মাধ্যমে: https://www.sbi.co.in/ careers অথবা https://sbi.bank.in/web/careers/current-openings দরখাস্তের শেষ তারিখ ৮ জুন। অনলাইন আবেদনের সময় প্রার্থীর পাসপোর্ট মাপের রঙিন ফটো (২০০×২৩০ পিক্সেল ডাইমেনশনে ২০-৫০ কেবি সাইজের মধ্যে), সই (১৪০×৬০ পিক্সেল ডাইমেনশনে ১০-২০ কেবি সাইজের মধ্যে), বাঁ-হাতের বুড়ো আঙুলের ছাপ (২৪০×২৪০ পিক্সেল ডাইমেনশনে ২০-৫০ কেবি সাইজের মধ্যে), হাতে লেখা ডিক্লারেশন (৮০০×৪০০ পিক্সেল ডাইমেনশনে ৫০-১০০ কেবি সাইজের মধ্যে) এবং প্রয়োজনীয় যাবতীয় নথিপত্র স্ক্যান করে আপলোড করতে হবে।

ফি বাবদ অনলাইন দিতে হবে ৩০০ টাকা। অনলাইনে ডেবিট কার্ড বা ক্রেডিট কার্ড বা নেট ব্যাঙ্কিংয়ের মাধ্যমে ফি জমা দিতে হবে। তফসিলি ও দৈহিক প্রতিবন্ধীদের ফি দিতে হবে না। ফি জমা দিয়ে পাওয়া ই-রিসিটের এক কপি প্রিন্ট আউট নিয়ে নেবেন। এটি কোথাও পাঠাতে হবে না।

দরখাস্ত যথাযথ ভাবে পূরণ করে সাবমিটের পর পূরণ করা দরখাস্তের এক কপি প্রিন্ট আউট নিয়ে নেবেন। এটিও কোথাও পাঠাতে হবে না। নিজের কাছে রাখবেন। পরে কাজে লাগবে।

খুঁটিনাটি তথ্যের জন্য দেখুন এই ওয়েবসাইট: https://bfsissc.com

## কী পড়বেন, কোথায় পড়বেন

# ফিজিয়োথেরাপি, অকুপেশন থেরাপি, প্রস্থেটিক্স অ্যান্ড অর্থোটিক্স এবং অডিয়োলজি অ্যান্ড স্পিচ ল্যাঙ্গুয়েজ প্যাথোলজির স্নাতক কোর্স

ফিজিয়োথেরাপি, অক্যুপেশন থেরাপি এবং প্রস্থেটিক্স অ্যান্ড অর্থোটিক্স এবং অডিয়োলজি অ্যান্ড স্পিচ ল্যাঙ্গুয়েজ প্যাথোলজির স্নাতক কোর্সে ভর্তি নিচ্ছে কলকাতার ন্যাশনাল ইনস্টিটিউট ফর লোকোমোটর ডিজেবিলিটিজ, কটকের স্বামী বিবেকানন্দ ন্যাশনাল ইনস্টিটিউট অব রিহ্যাবিলিটেশন ট্রেনিং অ্যান্ড রিসার্চ, চেন্নাইয়ের ন্যাশনাল ইনস্টিটিউট ফর এমপাওয়ারমেন্ট অব পার্সনস উইথ মাল্টিপল ডিজেবিলিটিজ এবং দিল্লির পণ্ডিত দীনদয়াল উপাধ্যায় ন্যাশনাল ইনস্টিটিউট ফর পার্সনস উইথ ফিজিক্যাল ডিজেবিলিটিজ। এ ছাড়াও পড়ানো হবে কলকাতা, মুম্বই ও সেকেন্দ্রাবাদের আলি জাভর জং ন্যাশনাল ইনস্টিটিউট অব স্পিচ অ্যান্ড হিয়ারিং ডিজেবিলিটিজ, গুয়াহাটি ও চেন্নাইয়ের কম্পোজিট রিজিওনাল সেন্টার ফর স্কিল ডেভেলপমেন্ট, রিহ্যাবিলিটেশন অ্যান্ড এম্পাওয়ারমেন্ট অব পারসন্স উইদ ডিজেবিলিটিজে। প্রতিটি কোর্সের মেয়াদ ৪ বছর। কোর্স শেষে ৬ মাস থেকে ১ বছরের ইন্টার্নশিপ। কোর্স শুরু হবে সেপ্টেম্বর থেকে।

**কোর্সের বিবরণ:** আসনসংখ্যা: ফিজিয়োথেরাপি: কলকাতা: ৫৭টি, কটক: ৬২টি, চেন্নাই: ১৮টি, দিল্লি: ৬৮টি। অক্যুপেশনাল থেরাপি: কলকাতা: ৫৬টি, কটক: ৬২টি, চেন্নাই: ১৮টি, দিল্লি: ৬৮টি। প্রস্থেটিক্স অ্যান্ড অর্থোটিক্স: কলকাতা: ৪৭টি, কটক: ৪৬টি, দিল্লি: ৩৯টি, পাটনা: ৩০টি।

অডিয়োলজি অ্যান্ড স্পিচ ল্যাঙ্গুয়েজ প্যাথোলজি: কটক: ২০টি, চেন্নাই ২৭টি, গুয়াহাটি ২০টি, মুম্বই: ২৫টি, কলকাতা: ১৪টি, সেকেন্দ্রাবাদ: ৭টি, সর্বভারতীয়: ৪৪টি।

**শিক্ষগত যোগ্যতা:** ফিজিয়োথেরাপি অ্যান্ড অক্যুপেশনাল থেরাপির ক্ষেত্রে ফিজিক্স, কেমিস্ট্রি এবং বায়োলজি বা বটানি বা জুলজি-সহ উচ্চমাধ্যমিক। প্রস্থেটিক্স অ্যান্ড অর্থোটিক্স বিষয়ের ক্ষেত্রে উচ্চমাধ্যমিকে ফিজিক্স, কেমিস্ট্রি এবং বায়োলজি বা ম্যাথমেটিক্স পড়ে থাকতে হবে। অডিয়োলজি অ্যান্ড স্পিচ ল্যাঙ্গুয়েজ প্যাথোলজির ক্ষেত্রে উচ্চমাধ্যমিকে বিজ্ঞান শাখার অন্তর্ভুক্ত যে-কোনও দু'টি বিষয় পড়ে থাকতে হবে।

সব ক্ষেত্রেই উচ্চমাধ্যমিকে মোট অন্তত ৫০ শতাংশ (তফসিলিদের ক্ষেত্রে ৪৫ শতাংশ ও দৈহিক প্রতিবন্ধীদের ক্ষেত্রে ৪০ শতাংশ) নম্বর পেয়ে থাকতে হবে। সব ক্ষেত্রেই উচ্চমাধ্যমিকে ইংরেজি পড়ে থাকতে হবে।

**বয়স:** ৩১-১২-২০২৬ তারিখে অন্তত ১৭ বছরের হতে হবে। বয়সের কোনও উর্ধ্বসীমা নেই।

প্রার্থী বাছাই করা হবে একটি সর্বভারতীয় প্রবেশিকা পরীক্ষার মাধ্যমে। পরীক্ষা ২৮ জুন, সকাল ১১টা থেকে। সময়সীমা ২ ঘণ্টা। ১০০ নম্বরের পরীক্ষায় প্রশ্ন হবে এইসব বিষয়ে: জেনারেল এবিলিটি ও জেনারেল নলেজ (১০ নম্বর), ফিজিক্স (৩০ নম্বর), কেমিস্ট্রি (৩০ নম্বর) এবং বায়োলজি বা ম্যাথমেটিক্স (৩০ নম্বর)। নেগেটিভ মার্কিং নেই। রাজ্যের পরীক্ষাকেন্দ্রগুলি হল কলকাতা ও শিলিগুড়ি।

অনলাইন আবেদন করতে হবে এই ওয়েবসাইটের মাধ্যমে: https://admission.svnirtar.nic.in আবেদনের শেষ তারিখ ৫ জুন। আবেদনের সময় প্রার্থীর স্ক্যান করা রঙিন পাসপোর্ট মাপের ফটো, সই, বাঁ-হাতের বুড়ো আঙুলের ছাপ, উচ্চমাধ্যমিকের সার্টিফিকেট, কাস্ট, ওবিসি সার্টিফিকেট, ডোমিসাইল সার্টিফিকেট, দৈহিক প্রতিবন্ধকতার সার্টিফিকেট ও আর্থিক ভাবে অনগ্রসর প্রার্থীদের ক্ষেত্রে যথাযথ সার্টিফিকেট (প্রযোজ্য ক্ষেত্রে) আপলোড করতে হবে।

আবেদনের ফি বাবদ অনলাইনে দিতে হবে ১,৫০০ টাকা (তফসিলি, আর্থিক ভাবে অনগ্রসর এবং দৈহিক প্রতিবন্ধীদের ক্ষেত্রে ১,১০০ টাকা)। ফি জমা দেওয়া যাবে অনলাইনে ডেবিট বা ক্রেডিট কার্ড বা নেট ব্যাঙ্কিং বা ইউ পি আই বা মোবাইল ওয়ালেটের মাধ্যমে।

অনলাইন আবেদন সংশোধন করা যাবে ৬ থেকে ৮ জুনের মধ্যে।

অনলাইন আবেদনের পদ্ধতি-সহ অন্যান্য তথ্যের জন্য দেখুন উপরোক্ত ওয়েবসাইট।

## এনএসওইউ-তে স্পেশ্যাল এডুকেশনে এমএড

**নিজস্ব প্রতিনিধি:** ২০২৬-২৭ শিক্ষাবর্ষের জন্য স্পেশ্যাল এডুকেশনে স্নাতকোত্তরের (এমএড) ভর্তি প্রক্রিয়া শুরু হয়ে গিয়েছে নেতাজি সুভাষ মুক্ত বিশ্ববিদ্যালয়ে (এনএসওইউ)। কোর্সটি নয়া দিল্লির রিহ্যাবিলিটেশন কাউন্সিল অব ইন্ডিয়া (আরসিআই) দ্বারা স্বীকৃত। ইন্টেলেকচুয়াল অ্যান্ড ডেভেলপমেন্টাল ডিজেবিলিটিস (আইডিডি) এবং হিয়ারিং ইমপেয়ারমেন্ট (এইচআই) নিয়ে স্পেশ্যালাইজেশন করা যাবে। পাঁচটি সেমেস্টারে বিভক্ত দু'বছর ছ'মাসের এই কোর্স পড়ানো হবে অনলাইন এবং দূরশিক্ষা মাধ্যমে (ওডিএল)। রাজ্যের কল্যাণীর এনএসওইউ স্টাডি সেন্টার থেকেই স্নাতকোত্তর করা যাবে। আগ্রহীরা আবেদন করতে পারেন এখনই।

**শিক্ষাগত যোগ্যতা:** ৫০ শতাংশ নম্বর সহ স্পেশ্যাল এডুকেশনে (ইন্টেলেকচুয়াল অ্যান্ড ডেভেলপমেন্টাল ডিজেবিলিটিস, হিয়ারিং ইমপেয়ারমেন্ট) বিএড পাশ করে থাকতে হবে।

**আসন সংখ্যা:** ইন্টেলেকচুয়াল অ্যান্ড ডেভেলপমেন্টাল ডিজেবিলিটিস-এ ৩০টি এবং হিয়ারিং ইমপেয়ারমেন্ট-এ ৩০টি।

**কোর্স ফি:** ৮৫,০০০ টাকা।

**আবেদন মূল্য:** ৫০০ টাকা।

**আবেদনের শেষ দিন:** ৬ জুন।

**আবেদন করবেন কী ভাবে:** এনএসওইউ-এর ওয়েবসাইটে (https://www.wbnsou.ac.in/)-র হোমপেজ থেকে বিজ্ঞপ্তি পাওয়া যাবে। বিজ্ঞপ্তির তথ্য অনুযায়ী প্রয়োজনীয় নথি সহ অনলাইনে আবেদন করা যাবে। বিশদ তথ্যের জন্য দেখতে হবে এই ওয়েবসাইট।

## কলকাতা বিশ্ববিদ্যালয়ে স্নাতক কোর্স

ফুড অ্যান্ড নিউট্রিশন, হিউম্যান ডেভেলপমেন্ট, হিন্দুস্তানি ক্লাসিক্যাল মিউজিক-সহ বিভিন্ন বিষয়ের স্নাতক কোর্সে ভর্তি নিচ্ছে কলকাতা বিশ্ববিদ্যালয়ের হোম সায়েন্স ও পারফর্মিং আর্টস অ্যান্ড মিউজিক বিভাগ। প্রতিটি কোর্সের মেয়াদ ৪ বছর। কোর্স শুরু হবে জুলাইয়ে।

**কোর্সের বিবরণ:** বি এসসি (অনার্স রিসার্চ-সহ অনার্স) ইন ফুড অ্যান্ড নিউট্রিশন: আসনসংখ্যা ৭৭টি। শুধু মহিলারা আবেদন করবেন। শিক্ষাগত যোগ্যতা: মোট অন্তত ৫০ শতাংশ নম্বর-সহ উচ্চমাধ্যমিক পাশ। উচ্চমাধ্যমিকে কেমিস্ট্রি পড়ে থাকতে হবে ও সেই বিষয়ে অন্তত ৫৫ শতাংশ নম্বর পেয়ে থাকতে হবে।

**বি এসসি (অনার্স রিসার্চ-সহ অনার্স) ইন হিউম্যান ডেভেলপমেন্ট:** আসনসংখ্যা ৭১টি। শুধু মহিলারা আবেদন করবেন। শিক্ষাগত যোগ্যতা: মোট অন্তত ৫০ শতাংশ নম্বর-সহ উচ্চমাধ্যমিক পাশ। উচ্চমাধ্যমিকে হোম ম্যানেজমেন্ট পড়ে থাকলে অগ্রাধিকার।

**বি মিউজিক (অনার্স রিসার্চ-সহ অনার্স) ইন হিন্দুস্তানি ক্লাসিক্যাল মিউজিক (ভোকাল):** আসনসংখ্যা ৩০টি। **বি মিউজিক (অনার্স রিসার্চ-সহ অনার্স) ইন রবীন্দ্র সঙ্গীত:** আসনসংখ্যা ৪৫টি। **বি মিউজিক (অনার্স রিসার্চ-সহ অনার্স) ইন বেঙ্গলি সংস:** আসনসংখ্যা ৪৫টি। শিক্ষাগত যোগ্যতা: মোট অন্তত ৫০ শতাংশ নম্বর-সহ উচ্চমাধ্যমিক পাশ। উচ্চমাধ্যমিকে অন্যতম বিষয় হিসেবে মিউজিক পড়ে থাকতে হবে।

তফসিলি ও দৈহিক প্রতিবন্ধীদের ক্ষেত্রে উচ্চমাধ্যমিকে মোট অন্তত ৪০ শতাংশ নম্বর পেলেই আবেদন করতে পারবেন।

অনলাইন আবেদন করতে হবে এই ওয়েবসাইটের মাধ্যমে: www.caluniv-ucsta.net আবেদনের শেষ তারিখ ১ জুন।

আবেদনের ফি বাবদ দিতে হবে ৫০০ টাকা (তফসিলি ও দৈহিক প্রতিবন্ধীদের ক্ষেত্রে ২৫০ টাকা)।

আবেদনের পদ্ধতি-সহ অন্যান্য তথ্যের জন্য দেখুন উপরোক্ত ওয়েবসাইট।

## প্যাকেজিংয়ে স্নাতকোত্তর ডিপ্লোমা

প্যাকেজিংয়ের স্নাতকোত্তর ডিপ্লোমা কোর্সে ভর্তি নিচ্ছে ইন্ডিয়ান ইনস্টিটিউট অব প্যাকেজিং। কোর্সের মেয়াদ ২ বছর। কোর্সটি পড়ানো হবে কলকাতা, মুম্বই ও দিল্লি-সহ একাধিক প্রশিক্ষণকেন্দ্রে।

**শিক্ষাগত যোগ্যতা:** বিজ্ঞান শাখায় স্নাতক, স্নাতক স্তরে অন্যতম বিষয় হিসেবে কেমিস্ট্রি বা ফিজিক্স বা ম্যাথমেটিক্স বা মাইক্রোবায়োলজি বা বায়োকেমিস্ট্রি পড়ে থাকতে হবে। অথবা এগ্রিকালচার বা ফুড সায়েন্স বা পলিমার সায়েন্সে স্নাতক পাশ। এ ছাড়াও ইঞ্জিনিয়ারিং বা টেকনোলজির স্নাতক কোর্স পাশ প্রার্থীরাও আবেদন করতে পারেন।

**বয়স:** ৩১-৫-২০২৬ তারিখে ৩০ বছরের মধ্যে হতে হবে। সংরক্ষিত ক্যাটেগরির প্রার্থীরা নিয়মানুসারে বয়সের ছাড় পাবেন।


প্রার্থী বাছাই করা হবে লিখিত পরীক্ষার মাধ্যমে। পরীক্ষা ২৭ জুন।

রাজ্যের পরীক্ষাকেন্দ্র কলকাতা।

আবেদন করা যাবে অনলাইন-অফলাইন উভয় পদ্ধতিতেই। অনলাইন আবেদন করতে হবে এই ওয়েবসাইটের মাধ্যমে https://iip-in.com এছাড়াও অফলাইনে আবেদন করা যাবে। সে ক্ষেত্রে আবেদনের বয়ান ডাউনলোড করে নেবেন উপরোক্ত ওয়েবসাইট থেকে।

অফলাইনে আবেদনের ক্ষেত্রে আবেদনের ফি বাবদ দিতে হবে ৫০০ টাকার ডিমান্ড ড্রাফট। ড্রাফটটি 'Indian Institute of Packaging'-এর অনুকূলে কলকাতায় প্রদেয় হতে হবে।

আবেদনের পদ্ধতি-সহ অন্যান্য তথ্যের জন্য দেখুন উপরোক্ত ওয়েবসাইট।



## স্কলারশিপের খোঁজখবর

### ডঃ রাজেন্দ্র প্রসাদ স্কলারশিপ প্রোগ্রাম ২০২৬-২৭

২০২৫-২৬ শিক্ষাবর্ষে মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক উত্তীর্ণ আর্থিক ভাবে অনগ্রসর ছাত্রছাত্রীদের স্কলারশিপ দিচ্ছে বাডি ফর স্টাডি ফাউন্ডেশন। বার্ষিক পারিবারিক আয় হতে হবে ৮ লাখ টাকার নীচে। আবেদনের যোগ্যতা: শেষ দেওয়া পরীক্ষায় মোট অন্তত ৬৫ শতাংশ নম্বর পেয়ে থাকতে হবে। **স্কলারশিপের পরিমাণ:** ৩০,০০০ টাকা। অনলাইন আবেদন করতে হবে এই ওয়েবসাইটের মাধ্যমে: www.b4s.in/karma/DRPSP1 আবেদনের শেষ তারিখ ২৮ জুন।

### জে এম শেঠিয়া মেরিট স্কলারশিপ ২০২৬

নবম থেকে দ্বাদশ শ্রেণি, স্নাতক, স্নাতকোত্তর ও পেশাদারি কোর্সে পাঠরত মেধাবী ছাত্রছাত্রীদের স্কলারশিপ দিচ্ছে জে এম শেঠিয়া চ্যারিটেবল ট্রাস্ট।

**স্কলারশিপের পরিমাণ:** প্রতি মাসে ১,০০০ টাকা।

অনলাইন আবেদন করতে হবে এই ওয়েবসাইটের মাধ্যমে: www.b4s.in/karma/JMST2 আবেদনের শেষ তারিখ ৩১ জুলাই।

### আই ই টি ইন্ডিয়া স্কলারশিপ অ্যাওয়ার্ড ২০২৬

ইঞ্জিনিয়ারিংয়ের স্নাতক কোর্সে পাঠরত ছাত্রছাত্রীদের স্কলারশিপ দিচ্ছে দ্য ইনস্টিটিউশন অব ইঞ্জিনিয়ারিং অ্যান্ড টেকনোলজি।

**আবেদনের যোগ্যতা:** প্রতিটি সেমেস্টারে মোট অন্তত ৬০ শতাংশ করে নম্বর পেয়ে থাকতে হবে। বয়সের কোনও উর্ধ্বসীমা নেই।

**স্কলারশিপের পরিমাণ:** সর্বাধিক ২০ লাখ টাকা।

অনলাইন আবেদন করতে হবে এই ওয়েবসাইটের মাধ্যমে: www.b4s.in/karma/IET6 আবেদনের শেষ তারিখ ১৫ জুন।

*(তথ্য সহায়তা:* buddy4study*)*

## কী শিখবেন, কোথায় শিখবেন

# জাপানি ভাষার অনলাইন কোর্স

**নিজস্ব প্রতিনিধি:** হোটেল পরিষেবা, পর্যটন ব্যবসা, কূটনীতি, সংবাদমাধ্যম সহ জীবিকার্জনের বিবিধ ক্ষেত্রে নিজের মাতৃভাষা ও ইংরেজির পাশাপাশি একটি বিদেশি ভাষা জানা থাকলে কাজ পেতে এবং কাজের জায়গায় উন্নতি করতে সুবিধা হয়। বিশেষ করে বিশ্বের বিভিন্ন অগ্রসর দেশগুলির ভাষা, যেমন ফরাসি, স্প্যানিশ, জার্মান, মান্দারিন, জাপানি জানা লোকেদের চাহিদা আছে।

অনলাইন কমিউনিকেটিভ জাপানি শেখাবে বেলুড়ের রামকৃষ্ণ মিশন বিদ্যামন্দির। অনলাইন পড়ানো হলেও পরীক্ষা দিতে আসতে হবে রামকৃষ্ণ মিশন বিদ্যামন্দিরে। পাশ করলে রামকৃষ্ণ মিশন বিদ্যামন্দিরের ট্যুরিজম ও ট্রাভেল বিভাগ সার্টিফিকেট দেবে। নারী-পুরুষ উভয়ই এই কোর্সে ভর্তির জন্য আবেদন করতে পারেন।

**কোর্সের নাম:** কমিউনিকেটিভ জাপানিজ (বেসিক লেভেল)।




**শিক্ষাগত যোগ্যতা:** উচ্চ মাধ্যমিক বা সমতুল পাশ।

**বয়স:** কোনও বাধানিষেধ নেই।

**কোর্সের মেয়াদ:** ৪ মাস।

**কোর্স ফি:** ৩,০০০ টাকা।

**পঠনপাঠনের ভাষা:** বাংলা।

**আবেদন করার শেষ দিন:** ৫ জুন।

ক্লাস শুরু হবে ১০ জুন থেকে। সপ্তাহে দু'দিন— বুধবার এবং শুক্রবার ক্লাস হবে। ক্লাসের সময় সন্ধে ৭টা থেকে রাত ৯টা।

বিশদ জানতে দেখুন এই ওয়েবসাইট: www.vidyamandira.ac.in প্রয়োজনে তথ্যের জন্য ফোন করতে পারেন এই নম্বরে ৯১০৩৬-৪৬৩০৬।

## নিখরচায় তফসিলিদের দক্ষতা বৃদ্ধির প্রশিক্ষণ

বিভিন্ন দীর্ঘমেয়াদি ও স্বল্পমেয়াদি বিষয়ে দক্ষতা-বৃদ্ধির প্রশিক্ষণ দিচ্ছে কেন্দ্রীয় সরকারের শ্রম ও কর্মসংস্থান মন্ত্রক। প্রশিক্ষণ দেওয়া হবে কলকাতা-সহ দেশের বিভিন্ন কেন্দ্রে। প্রার্থীর বার্ষিক পারিবারিক আয় হতে হবে ৩ লাখ টাকার নীচে। কোর্স শুরু হবে জুলাই থেকে।

দীর্ঘমেয়াদি কোর্সগুলি হল— স্পেশ্যাল কোচিং স্কিম। 'ও' লেভেল আই টি কম্পিউটার ট্রেনিং, 'ও' লেভেল কম্পিউটার হার্ডওয়্যার মেইন্টেন্যান্স ট্রেনিং, অফিস অটোমেশন অ্যাকাউন্টিং অ্যান্ড পাবলিশিং অ্যাসিস্ট্যান্ট, কম্পিউটার অ্যাপ্লিকেশন অ্যান্ড বিজনেস অ্যাকাউন্টিং অ্যাসোসিয়েট, সাইবার সিকিওরড ওয়েব ডেভেলপমেন্ট অ্যাসোসিয়েট। প্রতিটি কোর্সের মেয়াদ ১ বছর।

**শিক্ষাগত যোগ্যতা:** উচ্চমাধ্যমিক। **বয়স:** ১-৭-২০২৬ তারিখে স্পেশ্যাল কোচিং স্কিমের ক্ষেত্রে ১৮ থেকে ২৭ বছর এবং অন্যান্য বিষয়ের ক্ষেত্রে ১৮ থেকে ৩০ বছরের মধ্যে হতে হবে।

**স্টাইপেন্ড:** প্রতি মাসে ১,০০০ টাকা।

**স্বল্পমেয়াদি কোর্সগুলি হল—** কোর্স অব কম্পিউটার কনসেপ্টস, ফাউন্ডেশন অব আর্টিফিশিয়াল ইন্টেলিজেন্স টেকনোলজি এবং থ্রিডি প্রিন্টিং ডিজাইনং অ্যান্ড ডেভেলপমেন্ট ফান্ডামেন্টালস। প্রতিটি কোর্সের মেয়াদ ২ মাস।

**শিক্ষাগত যোগ্যতা:** উচ্চমাধ্যমিক। **বয়স:** ১-৭-২০২৬ তারিখে ১৮ থেকে ৩০ বছরের মধ্যে হতে হবে।

প্রার্থী যে-কোনও একটি কোর্সের জন্যই আবেদন করতে পারবেন।

আবেদন করতে হবে নির্দিষ্ট বয়ানে। আবেদনের বয়ান ডাউনলোড করে নেবেন এই ওয়েবসাইট থেকে: https://dge.gov.in

প্রয়োজনীয় নথিপত্র-সহ আবেদনপত্র ৩১ মে-র মধ্যে জমা দিতে হবে কলকাতার ন্যাশনাল কেরিয়ার সার্ভিস সেন্টারে। ঠিকানা: National Career Service Centre for SC/STs, NCSC DA Building, Block- EN/81, Sector –V, Salt Lake City, Kolkata-700091 (West Bengal).

খুঁটিনাটি তথ্যের জন্য দেখতে পারেন এই ওয়েবসাইট: www.ncs.gov.in

## সুগন্ধী তৈরির প্রশিক্ষণ

সুগন্ধী তৈরির প্রশিক্ষণ দিচ্ছে উত্তরপ্রদেশের কনৌজের ফ্র্যাগ্র্যান্স অ্যান্ড ডেভেলপমেন্ট সেন্টার। এটি কেন্দ্রীয় সরকারের ক্ষুদ্র, ছোট ও মাঝারি উদ্যোগ মন্ত্রকের অধীনস্থ একটি স্বশাসিত প্রশিক্ষণ। কোর্সটির পুরো নাম: 'সামার ট্রেনিং প্রোগ্রাম অন এসেনশিয়াল অয়েল, ফ্র্যাগ্র্যান্স অ্যান্ড ফ্লেভার উইথ কিট'। কোর্স চলবে ১ থেকে ২৭ জুন পর্যন্ত।

আসনসংখ্যা: ২৫টি। আবেদনের যোগ্যতা: স্নাতক।

কোর্স ফি: ২৯,০০০ টাকা (থাকা-খাওয়ার খরচ-সহ)।

অনলাইন আবেদন করতে হবে গুগল লিংকের মাধ্যমে। লিংক পাবেন এই ওয়েবসাইটে: www.ffdcindia.org আবেদনের শেষ তারিখ এখনও প্রতিষ্ঠানের তরফে জানানো হয়নি। আবেদনের সময় প্রার্থীর স্ক্যান করা রঙিন পাসপোর্ট মাপের ফটো, স্বচিত্র পরিচয়পত্র, আধার কার্ড, প্রযোজ্য ক্ষেত্রে কাস্ট সার্টিফিকেট স্ক্যান করে আপলোড করতে হবে। আবেদনপত্র পূরণ করবেন যথাযথ ভাবে।

কোর্স ফি দিতে হবে অনলাইনে এন ই এফ টি বা আই এম পি এস বা ক্যাশ ট্রান্সফার বা চেক ট্রান্সফারের মাধ্যমে এই অ্যাকাউন্ট নম্বরে: 10892289104 (Name of Account: FFDC, Branch Name & Address: State Bank of India, Saraimeera, Kannauj, IFSC Code: SBIN0000664).

পূরণ করা আবেদনপত্র, প্রার্থীর এক কপি পাসপোর্ট মাপের ফটো, প্রয়োজনীয় সার্টিফিকেট এবং ফি জমা দেওয়ার নথি ই-মেল করতে হবে এই আইডি-তে: info@ffdcindia.org

আবেদনের পদ্ধতি-সহ অন্যান্য তথ্যের জন্য দেখুন উপরোক্ত ওয়েবসাইট।

# কেন্দ্রীয় সরকারে নানা পদে ১২২৫৬ গ্র্যাজুয়েট

*প্রথম পাতার পর*

ইনডিরেক্ট ট্যাক্সেস অ্যান্ড কাস্টমস)। রিসার্চ অ্যাসিস্ট্যান্ট (ন্যাশনাল হিউম্যান রাইটস কমিশন)। ক্যাগ-এর অধীনস্থ অফিসে ডিভিশনাল অ্যাকাউন্ট্যান্ট। সাব-ইনস্পেক্টর (ন্যাশনাল ইনভেস্টিগেশন এজেন্সি)। সাব-ইনস্পেক্টর/জুনিয়র ইন্টেলিজেন্স অফিসার (নার্কোটিক্স কন্ট্রোল ব্যুরো)। জুনিয়র স্ট্যাটিস্টিক্যাল অফিসার (স্ট্যাটিস্টিক্স অ্যান্ড প্রোগ্রাম ইমপ্লিমেন্টেশন)। স্ট্যাটিস্টিক্যাল ইনভেস্টিগেটর গ্রেড-২ (মিনিস্ট্রি অব হোম অ্যাফেয়ার্স)। অফিস সুপারিন্টেন্ডেন্ট (সেন্ট্রাল বোর্ড অব ডিরেক্ট ট্যাক্সেস)।

**গ্রুপ 'সি'**— ক্যাগ-এর অধীনস্থ অফিসে অডিটর। কন্ট্রোলার জেনারেল অব ডিফেন্স অ্যাকাউন্টসের অধীনস্থ অফিসে অডিটর। অন্যান্য মন্ত্রক ও দপ্তরে অডিটর। ক্যাগ-এর অধীনস্থ অফিসে অ্যাকাউন্ট্যান্ট। অ্যাকাউন্ট্যান্ট (কন্ট্রোলার জেনারেল অব অ্যাকাউন্টস)। অন্যান্য মন্ত্রক ও দপ্তরে অ্যাকাউন্ট্যান্ট/জুনিয়র অ্যাকাউন্ট্যান্ট। পোস্টাল অ্যাসিস্ট্যান্ট/ সর্টিং অ্যাসিস্ট্যান্ট (ডিপার্টমেন্ট অব পোস্টস)। বিভিন্ন কেন্দ্রীয় সরকারি অফিস ও মন্ত্রকে সিনিয়র সেক্রেটারিয়েট অ্যাসিস্ট্যান্ট ও আপার ডিভিশন ক্লার্ক। মিলিটারি ইঞ্জিনিয়ারিং সার্ভিসেসে সিনিয়র অ্যাডমিনিস্ট্রেটিভ অ্যাসিস্ট্যান্ট। ট্যাক্স অ্যাসিস্ট্যান্ট (সেন্ট্রাল বোর্ড অব ডিরেক্ট ট্যাক্সেস, সেন্ট্রাল বোর্ড অব ইনডিরেক্ট ট্যাক্সেস অ্যান্ড কাস্টমস)। সেন্ট্রাল ব্যুরো অব নার্কোটিক্সে সাব ইনস্পেক্টর।

দৈহিক প্রতিবন্ধীরা অ্যাসিস্ট্যান্ট সেকশন অফিসার (আইবি ও সেন্ট্রাল সেক্রেটারিয়েট সার্ভিস), অ্যাসিস্ট্যান্ট এনফোর্সমেন্ট অফিসার (ডিরেক্টোরেট অব এনফোর্সমেন্ট, রেভেনিউ), অ্যাসিস্ট্যান্ট সেকশন অফিসার (এএফএইচ কিউ), ইনস্পেক্টর (সেন্ট্রাল ব্যুরো অব নার্কোটিক্স), জুনিয়র স্ট্যাটিস্টিক্যাল অফিসার (স্ট্যাটিস্টিক্স অ্যান্ড প্রোগ্রাম ইমপ্লিমেন্টেশন), সাব-ইনস্পেক্টর (সিবিআই এবং এনআইএ), সাব-ইনস্পেক্টর (সেন্ট্রাল ব্যুরো অব নার্কোটিক্স), অডিটর (কন্ট্রোলার জেনারেল অব ডিফেন্স অ্যাকাউন্টসের অধীনস্থ অফিস) পদে বিবেচিত হবেন না।

**শিক্ষাগত যোগ্যতা:** জুনিয়র স্ট্যাটিস্টিক্যাল অফিসার পদের ক্ষেত্রে যে-কোনও বিষয়ে স্নাতক। উচ্চ মাধ্যমিকে অঙ্কে ৬০ শতাংশ নম্বর পেয়ে থাকতে হবে অথবা স্নাতকে অন্যতম বিষয় হিসেবে স্ট্যাটিস্টিক্স পড়ে থাকতে হবে।

স্ট্যাটিস্টিক্যাল ইনভেস্টিগেটর গ্রেড-২ পদের ক্ষেত্রে স্ট্যাটিস্টিক্স বা ম্যাথমেটিক্স বা ইকনমিক্স বা ডেমোগ্রাফি বা পপুলেশন স্টাডিজ বা অপারেশন রিসার্চ বা ইনফর্মেশন টেকনোলজি বা কম্পিউটার সায়েন্স বা কম্পিউটার ইঞ্জিনিয়ারিং বা কম্পিউটার টেকনোলজি বা কম্পিউটার অ্যাপ্লিকেশন বা ডেটা সায়েন্স বা আর্টিফিশিয়াল ইন্টেলিজেন্সে স্নাতক।

অন্যান্য সবক'টি পদের ক্ষেত্রে যে-কোনও শাখায় গ্র্যাজুয়েট।

অ্যাসিস্ট্যান্ট সেকশন অফিসার (সেন্ট্রাল সেক্রেটারিয়েট সার্ভিস, এয়ারফোর্স হেডকোয়ার্টার্স এবং মিনিস্ট্রি অব এক্সটার্নাল অ্যাফেয়ার্স) এবং অ্যাসিস্ট্যান্ট (সিরিয়াস ফ্রড ইনভেস্টিগেশন অফিস), অ্যাসিস্ট্যান্ট (জিওলজিক্যাল সার্ভে অব ইন্ডিয়া ও ইন্ডিয়ান মেটিওরোলজিক্যাল বিভাগ), ইনস্পেক্টর (প্রিভেন্টিভ অফিসার, এক্সামিনার, সিজিএসটি অ্যান্ড সেন্ট্রাল এক্সাইজ), এক্সিকিউটিভ অ্যাসিস্ট্যান্ট (সেন্ট্রাল বোর্ড অব ইনডিরেক্ট ট্যাক্সেস অ্যান্ড কাস্টমস) এবং পোস্টাল অ্যাসিস্ট্যান্ট/সর্টিং অ্যাসিস্ট্যান্ট (ভারতীয় ডাক বিভাগ) পদের ক্ষেত্রে কম্পিউটারে দক্ষতা থাকতে হবে।

ফাইনাল ইয়ারের পরীক্ষার্থীরাও শর্তসাপেক্ষে আবেদন করতে পারবেন। সেক্ষেত্রে ১ অগস্টের মধ্যে ফাইনাল রেজাল্ট হাতে পেয়ে থাকতে হবে।

**বয়স:** ১-৮-২০২৬ তারিখে গ্রুপ 'বি' ক্যাটেগরির অ্যাসিস্ট্যান্ট সেকশন অফিসার (সেন্ট্রাল সেক্রেটারিয়েট সার্ভিস, মিনিস্ট্রি অব রেলওয়েজ, মিনিস্ট্রি অব এক্সটার্নাল অ্যাফেয়ার্স, এয়ারফোর্স হেডকোয়ার্টার্স), সাব-ইনস্পেক্টর (সেন্ট্রাল ব্যুরো অব ইনভেস্টিগেশন) পদের ক্ষেত্রে ২০ থেকে ৩০ বছর, জুনিয়র স্ট্যাটিস্টিক্যাল অফিসার (স্ট্যাটিস্টিক্স অ্যান্ড প্রোগ্রাম ইমপ্লিমেন্টেশন) পদের ক্ষেত্রে ১৮ থেকে ৩২ বছর এবং গ্রুপ 'বি'-র বাকি পদের ক্ষেত্রে ১৮ থেকে ৩০ বছরের মধ্যে হতে হবে।

গ্রুপ 'সি' ক্যাটেগরির সব ক'টি পদের ক্ষেত্রে ১৮ থেকে ২৭ বছরের মধ্যে হতে হবে।

বয়সে তফসিলিরা ৫, ওবিসিরা ৩ বছরের ছাড় পাবেন। দৈহিক প্রতিবন্ধীরা বয়সে ১০ (তফসিলি প্রতিবন্ধীরা ১৫, ওবিসি প্রতিবন্ধীরা ১৩) বছরের ছাড় পাবেন। গ্রুপ 'সি' পদগুলির ক্ষেত্রে বিধবা, আইনত স্বামীবিচ্ছিন্না ও বিবাহবিচ্ছিন্ন মহিলারা ফের বিয়ে না করে থাকলে ৩৫ বছর (তফসিলিদের ক্ষেত্রে ৪০ বছর) বয়স পর্যন্ত আবেদন করতে পারবেন। প্রাক্তন সমরকর্মীরা নিয়মানুসারে ছাড় পাবেন।

**দৈহিক মাপজোক:** ইনস্পেক্টর (সেন্ট্রাল এক্সাইজ, এক্সামিনার, প্রিভেন্টিভ অফিসার) এবং সেন্ট্রাল ব্যুরো অব নার্কোটিক্সের ইনস্পেক্টর ও সাব-ইনস্পেক্টর পদের পুরুষ প্রার্থীদের ক্ষেত্রে: উচ্চতা ১৫৭.৫ সেমি (তফসিলি উপজাতি ও গোর্খা প্রার্থীদের ক্ষেত্রে ১৫২.৫ সেমি), বুকের ছাতি না-ফুলিয়ে ও ফুলিয়ে যথাক্রমে ৭৬ ও ৮১ সেমি। মহিলাদের ক্ষেত্রে: উচ্চতা ১৫২ সেমি। ওজন অন্তত ৪৮ কেজি। তফসিলি উপজাতি ও গোর্খা প্রার্থীরা উচ্চতায় ২.৫ সেমি এবং ওজনে ২ কেজি ছাড় পাবেন।

সিবিআইয়ের সাব-ইনস্পেক্টর পদের পুরুষদের ক্ষেত্রে: উচ্চতা ১৬৫ সেমি। বুকের ছাতি: ফুলিয়ে ৭৬ সেমি। মহিলাদের ক্ষেত্রে: উচ্চতা ১৫০ সেমি। উভয় ক্ষেত্রেই আদিবাসী ও পার্বত্য এলাকার প্রার্থীরা উচ্চতায় ৫ সেমি ছাড় পাবেন।

ন্যাশনাল ইনভেস্টিগেশন এজেন্সিতে সাব-ইনস্পেক্টর পদের পুরুষদের ক্ষেত্রে: উচ্চতা ১৭০ সেমি। বুকের ছাতি: ফুলিয়ে ৭৬ সেমি। মহিলাদের ক্ষেত্রে: উচ্চতা ১৫০ সেমি। উভয় ক্ষেত্রেই আদিবাসী ও পার্বত্য অঞ্চলের প্রার্থীরা উচ্চতায় ৫ সেমি ছাড় পাবেন।

নার্কোটিক্স কন্ট্রোল ব্যুরোতে সাব-ইনস্পেক্টর ও জুনিয়র ইন্টেলিজেন্স অফিসার পদে পুরুষদের ক্ষেত্রে: উচ্চতা ১৬৫ সেমি। বুকের ছাতি: না ফুলিয়ে ও ফুলিয়ে যথাক্রমে ৭৬ সেমি ও ৮১ সেমি। মহিলাদের ক্ষেত্রে উচ্চতা ১৫২ সেমি।

বর্ডার রোডস অর্গানাইজেশনের জেনারেল রিজার্ভ ইঞ্জিনিয়ার ফোর্সে আপার ডিভিশন ক্লার্ক পদে নিয়োগের ক্ষেত্রে: উচ্চতা ১৫৭ সেমি, বুকের ছাতি না-ফুলিয়ে ও ফুলিয়ে যথাক্রমে ৭৫ ও ৮০ সেমি। ওজন অন্তত ৫০ কেজি। রাজ্যের কালিম্পং ও দার্জিলিং জেলায় বসবাসকারী প্রার্থীরা উচ্চতায় ৫ সেমি ছাড় পাবেন। ওজন অন্তত ৪৭.৫ কেজি হতে হবে।

**দৃষ্টিশক্তি:** সিবিআইয়ের সাব-ইনস্পেক্টর, ন্যাশনাল ইনভেস্টিগেশন এজেন্সিতে সাব-ইনস্পেক্টর, নার্কোটিক্স কন্ট্রোল ব্যুরোতে সাব-ইনস্পেক্টর ও জুনিয়র ইন্টেলিজেন্স অফিসার পদের ক্ষেত্রে দূরের ক্ষেত্রে এক চোখে ৬/৬, অন্য চোখে ৬/৯। কাছের ক্ষেত্রে এক চোখে ০.৬ এবং অন্য চোখে ০.৮। বর্ডার রোডস অর্গানাইজেশনের ক্ষেত্রে দূরের ক্ষেত্রে ডান চোখে ৬/৬, বাঁ চোখে ৬/২৪।

**বেতনক্রম:** গ্রুপ 'বি'-র অ্যাসিস্ট্যান্ট অডিট অফিসার পদের ক্ষেত্রে ৪৭,৬০০-১,৫১,১০০ টাকা, অ্যাসিস্ট্যান্ট সেকশন অফিসার, অ্যাসিস্ট্যান্ট, অ্যাসিস্ট্যান্ট এনফোর্সমেন্ট অফিসার, সাব-ইনস্পেক্টর, ইনস্পেক্টর পোস্টস, সেকশন হেড পদের ক্ষেত্রে ৪৪,৯০০-১,৪২,৪০০ টাকা, গ্রুপ 'বি'-র বাকি পদের ক্ষেত্রে ৩৫,৪০০-১,১২,৪০০ টাকা। গ্রুপ 'সি'-র অডিটর, অ্যাকাউন্ট্যান্ট এবং অ্যাকাউন্ট্যান্ট/জুনিয়র অ্যাকাউন্ট্যান্ট পদের ক্ষেত্রে ২৯,২০০-৯২,৩০০ টাকা। গ্রুপ 'সি'-র বাকি পদগুলির ক্ষেত্রে ২৫,৫০০-৮১,১০০ টাকা।

পরীক্ষা হবে পশ্চিমবঙ্গের এই সব কেন্দ্রে (ব্র্যাকেটে সেন্টার কোড): কলকাতা (৪৪১০), আসানসোল (৪৪১৭), বর্ধমান (৪৪২২), দুর্গাপুর (৪৪২৬), সিউড়ি (৪৪১৬), শিলিগুড়ি (৪৪১৫), মালদা (৪৪১২), কল্যাণী (৪৪১৯)।

কম্পিউটার বেসড এক্সামিনেশন (টিয়ার-১)-এ অবজেক্টিভ ধরনের মাল্টিপল চয়েস প্রশ্ন হবে এই সব বিষয়ে: জেনারেল ইন্টেলিজেন্স অ্যান্ড রিজনিং, জেনারেল অ্যাওয়্যারনেস, কোয়ান্টিটেটিভ অ্যাপ্টিটিউড এবং ইংলিশ কম্প্রিহেনশন। মোট ২০০ নম্বরের পরীক্ষা। সময় ১ ঘণ্টা। ভুল উত্তরের ক্ষেত্রে নেগেটিভ মার্কিং আছে।

কম্পিউটার বেসড এক্সামিনেশন (টিয়ার-২)-এ অবজেক্টিভ টাইপ মাল্টিপল চয়েস প্রশ্ন হবে এই সব বিষয়ে: ম্যাথমেটিক্যাল এবিলিটিজ, রিজনিং অ্যান্ড জেনারেল ইন্টেলিজেন্স, ইংলিশ ল্যাঙ্গুয়েজ অ্যান্ড কম্প্রিহেনশন, জেনারেল অ্যাওয়্যারনেস। এ ছাড়াও থাকবে কম্পিউটার নলেজ ও ডেটা এন্ট্রি স্পিড টেস্ট। ডেটা এন্ট্রির ক্ষেত্রে প্রার্থীর ঘণ্টায় ২,০০০ কী ডিপ্রেশনের দক্ষতা থাকতে হবে। জুনিয়র স্ট্যাটিস্টিক্যাল অফিসার পদের ক্ষেত্রে সেইসঙ্গে স্ট্যাটিস্টিক্স এবং অ্যাসিস্ট্যান্ট অডিট অফিসার ও অ্যাসিস্ট্যান্ট অ্যাকাউন্টস অফিসারের ক্ষেত্রে অতিরিক্ত জেনারেল স্টাডিজ (ফিনান্স ও ইকনমিক্স) সংক্রান্ত প্রশ্ন থাকবে। ভুল উত্তরের ক্ষেত্রে নেগেটিভ মার্কিং আছে।

ইনস্পেক্টর (সেন্ট্রাল এক্সাইজ, এক্সামিনার, প্রিভেন্টিভ অফিসার) এবং সেন্ট্রাল ব্যুরো অব নার্কোটিক্সের ইনস্পেক্টর ও সাব-ইনস্পেক্টর পদে নিয়োগের ক্ষেত্রে দৈহিক সক্ষমতার পরীক্ষায় থাকবে পুরুষদের ক্ষেত্রে ১৫ মিনিটে ১.৬ কিলোমিটার হাঁটা এবং ৩০ মিনিটে ৮ কিলোমিটার সাইক্লিং (মহিলাদের ক্ষেত্রে ২০ মিনিটে ১ কিলোমিটার হাঁটা এবং ২৫ মিনিটে ৩ কিলোমিটার সাইক্লিং)। সাব-ইনস্পেক্টর পদের ক্ষেত্রে সাইক্লিং থাকবে না।

বর্ডার রোডস অর্গানাইজেশনের জেনারেল রিজার্ভ ইঞ্জিনিয়ার ফোর্সে আপার ডিভিশন ক্লার্ক পদে নিয়োগের ক্ষেত্রে থাকবে ১০ মিনিটে ১ মাইল দৌড়।

অনলাইন দরখাস্ত করা যাবে এই ওয়েবসাইটের মাধ্যমে: https://ssc.gov.in অথবা গুগল প্লে স্টোর থেকে মোবাইল ফোনে ডাউনলোড করা এসএসসি অ্যাপ্লিকেশন my SSC-এর মাধ্যমে। প্রার্থীর চালু ই-মেল আইডি থাকতে হবে। ২২ জুন পর্যন্ত অনলাইন রেজিস্ট্রেশন করা যাবে। মনে রাখবেন, অনলাইন দরখাস্ত পূরণের সময় প্রার্থীর স্ক্যান করা সই (জেপিজি ফর্ম্যাটে, ১০ থেকে ২০ কেবি সাইজের মধ্যে) ও দৈহিক প্রতিবন্ধীদের ক্ষেত্রে দৈহিক প্রতিবন্ধকতার সার্টিফিকেট আপলোড করতে হবে। অনলাইন দরখাস্তের সময় রেজিস্ট্রেশন আইডি ও পাসওয়ার্ড পাওয়া যাবে। এগুলি লিখে রাখবেন। পরে কাজে লাগবে।

ফি বাবদ অনলাইনে দিতে হবে ১০০ টাকা। মহিলা, তফসিলি, দৈহিক প্রতিবন্ধী ও প্রাক্তন সমরকর্মীদের ফি লাগবে না। অনলাইনে ভীম ইউপিআই বা নেট ব্যাঙ্কিং বা ভিসা বা মাস্টার কার্ড বা মায়েস্ত্রো বা রুপে ক্রেডিট বা ডেবিট কার্ডের মাধ্যমে ফি জমা দেওয়া যাবে। ফি জমা দেওয়ার শেষ তারিখ ২৩ জুন। ফি দিয়ে পাওয়া ই-রিসিটের এক কপি প্রিন্ট আউট নিয়ে নেবেন। এটি কোথাও পাঠাতে হবে না।

অনলাইনে আবেদন সংশোধন করা যাবে ২৯ জুন থেকে ১ জুলাই পর্যন্ত। সংশোধনের ক্ষেত্রে ক্যাটেগরি নির্বিশেষে প্রথম বার ২০০ টাকা এবং পরের প্রতি বার ৫০০ টাকা করে ফি বাবদ দিতে হবে।

অনলাইন দরখাস্ত যথাযথ ভাবে পূরণ করে সাবমিট করার পর রেজিস্ট্রেশন নম্বর-সহ পূরণ করা দরখাস্তের এক কপি সিস্টেম জেনারেটেড প্রিন্ট আউট নিয়ে নেবেন। এটিও কোথাও পাঠাতে হবে না। নিজের কাছে রাখবেন। পরে প্রয়োজন হবে। খুঁটিনাটি তথ্যের জন্য দেখুন উপরোক্ত ওয়েবসাইট।

# তিন বাহিনীতে ৩৯৪

*প্রথম পাতার পর*

এবং এয়ারফোর্সে শাখা প্রতি ২টি করে মোট ৬টি শূন্যপদ মহিলা প্রার্থীদের জন্য সংরক্ষিত থাকবে। ন্যাভাল অ্যাকাডেমি (১০+২ ক্যাডেট এন্ট্রি স্কিম): ২৪টি (৩টি শূন্যপদ মহিলাদের জন্য সংরক্ষিত)।

**শিক্ষাগত যোগ্যতা:** ন্যাশনাল ডিফেন্স অ্যাকাডেমিতে আর্মির ক্ষেত্রে যে-কোনও শাখায় উচ্চ মাধ্যমিক বা সমতুল পাশ। ন্যাশনাল ডিফেন্স অ্যাকাডেমির এয়ারফোর্স ও ন্যাভাল উইং এবং ন্যাভাল অ্যাকাডেমিতে ১০+২ ক্যাডেট এন্ট্রির ক্ষেত্রে ফিজিক্স, কেমিস্ট্রি এবং ম্যাথমেটিক্স নিয়ে উচ্চ মাধ্যমিক বা সমতুল পাশ। সব ক্ষেত্রেই যাঁরা উচ্চ মাধ্যমিক পরীক্ষা দিয়েছেন বা দিতে চলেছেন তাঁরাও শর্তসাপেক্ষে আবেদন করতে পারবেন।

**জন্মতারিখ:** সব ক্ষেত্রেই জন্মতারিখ হতে হবে ১-১-২০০৮ থেকে ১-১-২০১১-র মধ্যে।

**দৈহিক মাপজোক:** আর্মির ক্ষেত্রে উচ্চতা: পুরুষ: ১৫৭ সেমি (গোর্খাদের ক্ষেত্রে ১৫২ সেমি), মহিলা: ১৫২ সেমি (গোর্খাদের ক্ষেত্রে ১৪৭ সেমি)। নেভির ক্ষেত্রে উচ্চতা: পুরুষ: ১৫৭ সেমি (গোর্খাদের ক্ষেত্রে ১৫২ সেমি), মহিলা: ১৫২ সেমি (গোর্খাদের ক্ষেত্রে ১৪৭ সেমি)। এয়ারফোর্সের গ্রাউন্ড ডিউটি শাখার ক্ষেত্রে উচ্চতা: পুরুষ: ১৫৭ সেমি (গোর্খাদের ক্ষেত্রে ১৫২ সেমি), মহিলা: ১৫২ সেমি (গোর্খাদের ক্ষেত্রে ১৪৭ সেমি)। এয়ারফোর্সের ফ্লাইং শাখার ক্ষেত্রে উচ্চতা: ১৬২.৫ সেমি, বসে থাকা অবস্থায় উচ্চতা ৮১.৫-৯৬ সেমি, পায়ের দৈর্ঘ্য ৯৯-১২০ সেমি, থাইয়ের দৈর্ঘ্য সর্বাধিক ৬৪ সেমি।

বয়স ও উচ্চতার সঙ্গে মানানসই ওজন থাকতে হবে। অন্তত ৫ সেমি ফুলিয়ে বুকের ছাতির ন্যূনতম মাপ হতে হবে ৮২ সেমি।

**দৃষ্টিশক্তি:** আর্মি ও এয়ারফোর্সের গ্রাউন্ড ডিউটি শাখার ক্ষেত্রে: চশমা ছাড়া উভয় চোখে ৬/৩৬, চশমা সহ ৬/৬ পর্যন্ত সংশোধনযোগ্য। হাইপারমেট্রোপিয়া থাকলে প্লাস ২.৫ ডি এবং মায়োপিয়া থাকলে মাইনাস ২.৫ ডির মধ্যে হতে হবে। অস্টিগম্যাটিজম প্লাস-মাইনাস ২.০ ডির মধ্যে সীমাবদ্ধ হতে হবে। রং চেনার ক্ষমতা সিপি-টু মানের হতে হবে। নেভির ক্ষেত্রে: চশমা ছাড়া দুই চোখে ৬/১২, চশমা সহ ৬/৬ পর্যন্ত সংশোধনযোগ্য। হাইপারমেট্রোপিয়া প্লাস ২.০ ডি, মায়োপিয়া মাইনাস ১.০ ডি, অস্টিগম্যাটিজম প্লাস-মাইনাস ১.০ ডির মধ্যে সীমাবদ্ধ হতে হবে। রং চেনার ক্ষমতা সিপি-ওয়ান মানের হতে হবে। এয়ারফোর্সের ফ্লাইং ব্রাঞ্চের ক্ষেত্রে: চশমা ছাড়া দুই চোখে ৬/৬, ৬/৯, কেবল হাইপারমেট্রোপিয়া থাকলে ৬/৬ পর্যন্ত সংশোধনযোগ্য। হাইপারমেট্রোপিয়া প্লাস ১.৫ ডি, অস্টিগম্যাটিজম প্লাস ০.৭৫ ডির মধ্যে সীমাবদ্ধ হতে হবে। রং চেনার ক্ষমতা সি পি-ওয়ান মানের হতে হবে।

সব ক্ষেত্রেই লাল ও সবুজ রং চেনার স্বাভাবিক ক্ষমতা, স্বাভাবিক শ্রবণশক্তি এবং নিখুঁত শারীরিক ও মানসিক স্বাস্থ্য থাকা দরকার। কোনওরকম দৈহিক ত্রুটি এই কাজের প্রতিকূল।

প্রার্থী বাছাই করা হবে লিখিত পরীক্ষা এবং ইন্টেলিজেন্স ও পার্সোন্যালিটি টেস্টের মাধ্যমে। লিখিত পরীক্ষায় অবজেক্টিভ টাইপ প্রশ্ন হবে এই দু'টি বিষয়ে: ম্যাথমেটিক্স (কোড ০১), জেনারেল এবিলিটি টেস্ট (কোড ০২)। ম্যাথমেটিক্সে মোট নম্বর ৩০০। জেনারেল এবিলিটি টেস্ট অংশে নম্বর ৬০০। দু'টি পর্বেরই সময়সীমা আড়াই ঘণ্টা করে। কোড ০১-এ থাকবে অ্যালজেব্রা, ম্যাট্রিক্স অ্যান্ড ডিটারমিন্যান্টস, ট্রিগোনোমেট্রি, অ্যানালিটিক্যাল জিওমেট্রি অব টু অ্যান্ড থ্রি ডাইমেনশনস, ডিফারেনশিয়াল ক্যালকুলাস, ইন্টিগ্রাল ক্যালকুলাস অ্যান্ড ডিফারেনশিয়াল ইক্যুয়েশনস, ভেক্টর অ্যালজেব্রা এবং স্ট্যাটিস্টিক্স অ্যান্ড প্রোবাবিলিটি। কোড ০২-এর পার্ট 'এ'-তে ইংরেজি (২০০ নম্বর) ও পার্ট 'বি'-এ জেনারেল নলেজের (৪০০ নম্বর) প্রশ্ন থাকবে। জেনারেল নলেজ অংশে ফিজিক্স, কেমিস্ট্রি, জেনারেল সায়েন্স, হিস্ট্রি, ফ্রিডম মুভমেন্ট, জিওগ্রাফি ও কারেন্ট ইভেন্ট বিষয়ক প্রশ্ন হবে। সব ক্ষেত্রেই ভুল উত্তরের জন্য নেগেটিভ মার্কিং আছে। পশ্চিমবঙ্গের পরীক্ষাকেন্দ্র কলকাতা ও শিলিগুড়ি।

লিখিত পরীক্ষার পরে হবে ইন্টেলিজেন্স ও পার্সোন্যালিটি টেস্ট। দুই পর্বে পরীক্ষা হবে। প্রথম পর্যায়ে থাকবে অফিসার ইন্টেলিজেন্স রেটিং টেস্ট, পিকচার পারসেপশন অ্যান্ড ডেসক্রিপশন টেস্ট। দ্বিতীয় পর্যায়ে থাকবে ইন্টারভিউ, গ্রুপ টেস্টিং অফিসার টাস্ক, সাইকোলজি টেস্ট ও কনফারেন্স। প্রথম পর্যায়ের পরীক্ষায় সফল হলে তবেই দ্বিতীয় পর্যায়ের পরীক্ষার জন্য ডাক পাওয়া যাবে।

নির্বাচিত প্রার্থীদের প্রথমে ৩ বছরের ট্রেনিং দেওয়া হবে। প্রথম আড়াই বছরের ট্রেনিং সবার ক্ষেত্রে একই। সফলরা জওহরলাল নেহরু বিশ্ববিদ্যালয়ের বি এসসি বা বি এসসি (কম্পিউটার) বা বি টেক (এয়ারফোর্স এবং নেভির ক্ষেত্রে) বা বি এ ডিগ্রি পাবেন। এরপর উইং অনুসারে বিশেষ ট্রেনিং দেওয়া হবে যথাক্রমে আর্মির জন্য দেরাদুনের ইন্ডিয়ান মিলিটারি অ্যাকাডেমিতে, নেভির জন্য এঝিমালার ইন্ডিয়ান ন্যাভাল অ্যাকাডেমিতে, এয়ারফোর্সের জন্য হায়দরাবাদের এয়ারফোর্স অ্যাকাডেমি এবং এয়ারফোর্স (গ্রাউন্ড ডিউটি-নন টেকনিক্যাল)-এর জন্য বেঙ্গালুরুর এয়ারফোর্স টেকনিক্যাল কলেজে।

পেশাদারি ট্রেনিংয়ের সময় মাসে ৫৬,১০০ টাকা স্টাইপেন্ড পাওয়া যাবে। নিয়োগ হলে শুরুতে বেতনক্রম: ৫৬,১০০-১,৭৭,৫০০ টাকা, সঙ্গে মিলিটারি সার্ভিস পে বাবদ প্রতি মাসে ১৫,৫০০ টাকা-সহ অন্যান্য সুযোগ-সুবিধা।

অনলাইন আবেদন করা যাবে এই ওয়েবসাইটের মাধ্যমে: https://upsconline.nic.in অনলাইন দরখাস্ত করা যাবে ৯ জুন পর্যন্ত। দু'টি পার্টে অনলাইন রেজিস্ট্রেশন করতে হবে। মনে রাখবেন, অনলাইন আবেদনের সময় প্রার্থীর স্ক্যান করা ফটো, সই (উভয়ই জেপিজি ফর্ম্যাটে ২০-৩০০ কেবি সাইজের মধ্যে) এবং বৈধ সচিত্র পরিচয়পত্র (পিডিএফ ফর্ম্যাটে ২০-৩০০ কেবি সাইজের মধ্যে) আপলোড করতে হবে।

ফি বাবদ দিতে হবে ১০০ টাকা। অনলাইনে নেট ব্যাঙ্কিং অথবা ভিসা বা মাস্টার বা রুপে ক্রেডিট বা ডেবিট কার্ড বা ইউপিআইয়ের মাধ্যমে ফি দেওয়া যাবে। ফি জমা দেওয়ার পর ই-রিসিটের এক কপি প্রিন্ট আউট নিয়ে নেবেন। এটি কোথাও পাঠাতে হবে না। নিজের কাছে রাখবেন। পরে প্রয়োজন হবে। মহিলা, তফসিলি, সেনাকর্মীদের সৈনিক স্কুলে পাঠরত সন্তানদের ফি লাগবে না।

অনলাইনে দরখাস্ত সাবমিটের পর পূরণ করা দরখাস্তের এক কপি প্রিন্ট আউট নিয়ে নেবেন। এটি কোথাও পাঠাতে হবে না। নিজের কাছে রাখবেন। পরে কাজে লাগবে। খুঁটিনাটি তথ্যের জন্য দেখতে পারেন এই ওয়েবসাইট: www.upsc.gov.in অথবা ফোন করতে পারেন এই নম্বরে: (০১১) ২৪০৪-১০০১/৪০৩০৩৪৪৪ (যে-কোনও কাজের দিন সকাল ১০টা থেকে বিকেল সাড়ে ৫টা পর্যন্ত)।

# প্রতিরক্ষা সংস্থায় ১৯১ ইন্টার্ন

সায়েন্স ও ইঞ্জিনিয়ারিং শাখায় স্নাতক ও স্নাতকোত্তর ডিগ্রিধারী ১৯১ জন তরুণ-তরুণীকে ইন্টার্নশিপের সুযোগ দিচ্ছে ডিফেন্স রিসার্চ অ্যান্ড ডেভেলপমেন্ট অর্গানাইজেশন। প্রশিক্ষণের মেয়াদ ৬ মাস। এই প্রশিক্ষণের বিজ্ঞপ্তি নম্বর: DRDO/DG(Aero)/PI/001/2026.

আসনসংখ্যার বিবরণ: কম্পিউটার সায়েন্স ইঞ্জিনিয়ারিং/ইনফর্মেশন টেকনোলজি বা সমতুল শাখা: ৫৭টি। এরোস্পেস ইঞ্জিনিয়ারিং: ২৭টি। মেকানিক্যাল ইঞ্জিনিয়ারিং: ৩৫টি। ইলেক্ট্রনিক্স বা ইলেক্ট্রিক্যাল অ্যান্ড ইলেক্ট্রনিক্স ইঞ্জিনিয়ারিং, ইলেক্ট্রনিক্স অ্যান্ড কমিউনিকেশন ইঞ্জিনিয়ারিং ও ইনস্ট্রুমেন্টেশন ইঞ্জিনিয়ারিং: ৬৭টি। টেক্সটাইল/পলিমার সায়েন্স: ৫টি।

আবেদনের যোগ্যতা: সংশ্লিষ্ট বা সমতুল সায়েন্স ও ইঞ্জিনিয়ারিং শাখায় স্নাতক বা স্নাতকোত্তর কোর্সের সমাপ্তি বর্ষে পাঠরতরা আবেদন করতে পারবেন। স্নাতক বা স্নাতকোত্তর স্তরে অন্তত ৬.৫ সিজিপিএ নম্বর পেয়ে থাকতে হবে।

স্টাইপেন্ড: প্রতি মাসে ৫,০০০ টাকা।

আবেদন করতে হবে নির্দিষ্ট বয়ানে। আবেদনের বয়ান ডাউনলোড করে নেবেন এই ওয়েবসাইট থেকে: https://drdo.gov.in আবেদনপত্র পূরণ করবেন যথাযথ ভাবে।

আবেদনপত্রের নির্দিষ্ট স্থানে প্রার্থীর ফটো সেঁটে দেবেন। ফর্ম পূরণের পর সেটি পিডিএফ ফর্ম্যাটে স্ক্যান করে কম্পিউটারে সেভ করে রাখবেন। এটি ই-মেলে পাঠাতে হবে।

পূরণ করা আবেদনপত্রের সঙ্গে স্ক্যান করে দেবেন— প্রার্থী যে-প্রতিষ্ঠানে পাঠরত সেই প্রতিষ্ঠানের প্রধানের থেকে প্রাপ্ত অনুমতিপত্র, শিক্ষাগত যোগ্যতার প্রমাণপত্র হিসেবে স্নাতক ও স্নাতকোত্তর স্তরের যাবতীয় মার্কশিট এবং আধার কার্ড।

প্রয়োজনীয় নথিপত্র-সহ আবেদনপত্র ই-মেল করতে হবে নির্দিষ্ট ঠিকানায়। আবেদনের শেষ তারিখ ৫ জুন।

বিশদ তথ্যের জন্য দেখুন উপরোক্ত ওয়েবসাইট।

# ইএসআই হাসপাতালে ১১৮ অধ্যাপক

বিভিন্ন বিভাগে ১১৮ জন প্রফেসর নেবে এমপ্লয়িজ স্টেট ইনশিওরেন্স কর্পোরেশন। এটি কেন্দ্রের শ্রম ও কর্মসংস্থান মন্ত্রকের অধীনস্থ একটি সংস্থা। প্রার্থীদের নিয়োগ করা হবে ইএসআইসি-পিজিআইএমএসআর এবং ইএসআইসি মেডিক্যাল কলেজগুলিতে।

শাখা অনুসারে শূন্যপদের বিন্যাস: অ্যানাটমি: ৭টি (সাধারণ ২, তফসিলি জাতি ১, তফসিলি উপজাতি ১, ওবিসি ২, আর্থিক ভাবে অনগ্রসর ১)। অ্যানেস্থিশিয়োলজি: ৭টি (সাধারণ ৩, তফসিলি জাতি ১, তফসিলি উপজাতি ১, ওবিসি ২)। বায়োকেমিস্ট্রি: ৪টি (সাধারণ ১, তফসিলি জাতি ১, তফসিলি উপজাতি ১, ওবিসি ১)। কমিউনিটি মেডিসিন: ৭টি (সাধারণ ২, তফসিলি জাতি ১, তফসিলি উপজাতি ১, ওবিসি ২, আর্থিক ভাবে অনগ্রসর ১)। ডার্মাটোলজি: ১টি (সাধারণ)। ইমার্জেন্সি মেডিসিন: ৬টি (সাধারণ ২, তফসিলি জাতি ১, তফসিলি উপজাতি ১, ওবিসি ১, আর্থিক ভাবে অনগ্রসর ১)। ফরেন্সিক মেডিসিন অ্যান্ড টক্সিকোলজি (এফএমটি): ৫টি (সাধারণ ২, তফসিলি জাতি ১, ওবিসি ১, আর্থিক ভাবে অনগ্রসর ১)। জেনারেল মেডিসিন: ৮টি (তফসিলি জাতি ৪, ওবিসি ৪)। জেনারেল সার্জারি: ৮টি (সাধারণ ৩, তফসিলি জাতি ১, ওবিসি ৩, আর্থিক ভাবে অনগ্রসর ১)। মাইক্রোবায়োলজি: ৭টি (সাধারণ ৩, তফসিলি জাতি ১, তফসিলি উপজাতি ১, ওবিসি ১, আর্থিক ভাবে অনগ্রসর ১)। অপথ্যালমোলজি: ৪টি (সাধারণ ১, তফসিলি জাতি ১, ওবিসি ১, আর্থিক ভাবে অনগ্রসর ১)। অর্থোপেডিক্স: ৮টি (সাধারণ ৩, তফসিলি জাতি ২, তফসিলি উপজাতি ১, ওবিসি ২)। অটোরাইনোল্যারিঙ্গোলজি (ইএনটি): ২টি (তফসিলি জাতি ১, ওবিসি ১)। পেডিয়াট্রিক্স: ৬টি (সাধারণ ২, তফসিলি উপজাতি ২, ওবিসি ২)। প্যাথোলজি: ৬টি (সাধারণ ১, তফসিলি জাতি ১, তফসিলি উপজাতি ১, ওবিসি ৩)। ফার্মাকোলজি: ৫টি (সাধারণ ২, তফসিলি জাতি ১, তফসিলি উপজাতি ১, ওবিসি ১)। ফিজিক্যাল মেডিসিন অ্যান্ড রিহ্যাবিলিটেশন: ২টি (সাধারণ ১, তফসিলি জাতি ১)। ফিজিয়োলজি: ৫টি (সাধারণ ১, তফসিলি জাতি ১, তফসিলি উপজাতি ১, ওবিসি ২)। সাইকিয়াট্রি: ৩টি (সাধারণ ১, তফসিলি জাতি ১, ওবিসি ১)। রেডিয়োডায়াগনসিস (রেডিয়োলজি): ৪টি (সাধারণ ১, তফসিলি জাতি ১, ওবিসি ২)। রেসপিরেটরি মেডিসিন: ৪টি (সাধারণ ১, তফসিলি জাতি ১, ওবিসি ২)। ট্রান্সফিউশন মেডিসিন (ব্লাড ব্যাঙ্ক): ৯টি (সাধারণ ২, তফসিলি জাতি ২, তফসিলি উপজাতি ১, ওবিসি ৩, আর্থিক ভাবে অনগ্রসর ১)। মোট শূন্যপদের মধ্যে ৮টি দৈহিক প্রতিবন্ধীদের জন্য সংরক্ষিত থাকবে।

বয়স: ২৭-৭-২০২৬ তারিখে ৫০ বছরের মধ্যে হতে হবে। নিয়মানুসারে সংরক্ষিত ক্যাটেগরির প্রার্থীরা বয়সে ছাড় পাবেন।

বেতন: ১,২৩,১০০-২,১৫,৯০০ টাকা।

প্রার্থী বাছাই করা হবে ইন্টারভিউয়ের মাধ্যমে।

দরখাস্ত করতে হবে নির্দিষ্ট বয়ানে। দরখাস্তের বয়ান পাবেন এই ওয়েবসাইটে: www.esic.gov.in পূরণ করবেন যথাযথ ভাবে।

ফি বাবদ দিতে হবে ৫০০ টাকার ডিমান্ড ড্রাফট বা ব্যাঙ্কার্স চেক। এটি 'ESI Fund Account No. 2'-এর অনুকূলে দিল্লিতে প্রদেয় হতে হবে। মহিলা, তফসিলি, প্রাক্তন সমরকর্মী ও দৈহিক প্রতিবন্ধীদের কোনও ফি দিতে হবে না।

২৭ জুলাইয়ের মধ্যে ডিমান্ড ড্রাফট বা ব্যাঙ্কার্স চেক ও যাবতীয় প্রয়োজনীয় নথিপত্রের স্বপ্রত্যয়িত নকল-সহ পূরণ করা দরখাস্ত স্পিডপোস্টে পৌঁছতে হবে এই ঠিকানায়: Regional Office Delhi, ESI Corporation, DDA Complex Cum Office, 3rd & 4th Floor, Rajendra Bhawan, Rajendra Place, New Delhi-110008.

শিক্ষাগত যোগ্যতা সহ অন্যান্য খুঁটিনাটি তথ্যের জন্য দেখুন উপরোক্ত ওয়েবসাইট।

# পঞ্জাব অ্যান্ড সিন্ধ ব্যাঙ্কে ৬৩৫ অ্যাপ্রেন্টিস

দেশ জুড়ে ৬৩৫ জন তরুণ-তরুণীকে অ্যাপ্রেন্টিসশিপ ট্রেনিং দেবে পঞ্জাব অ্যান্ড সিন্ধ ব্যাঙ্ক। প্রশিক্ষণের মেয়াদ ১ বছর। প্রশিক্ষণ চলাকালীন স্টাইপেন্ড পাওয়া যাবে। প্রার্থীকে সংশ্লিষ্ট রাজ্যের স্থানীয় ভাষা বলতে, পড়তে ও লিখতে জানতে হবে। তাই এখানে পশ্চিমবঙ্গের জন্য নির্দিষ্ট ২০টি আসনের বিষয়ে জানানো হল।

**পশ্চিমবঙ্গে আসনসংখ্যার বিবরণ:** মোট আসন: ২০টি (সাধারণ ৯, তফসিলি জাতি ৪, তফসিলি উপজাতি ১, ওবিসি ৪, আর্থিক ভাবে অনগ্রসর ২)।

**শিক্ষাগত যোগ্যতা:** স্নাতক। প্রার্থীকে স্থানীয় ভাষা জানতে হবে এবং স্কুল বা স্নাতক স্তরে অন্যতম ভাষা হিসেবে সেই ভাষাটি পড়ে থাকতে হবে।

স্নাতক হওয়ার পর ৫ বছর কেটে গেলে আবেদন করবেন না। এর আগে কোথাও অ্যাপ্রেন্টিসশিপ ট্রেনিং নিয়ে থাকলে, কোনও সংস্থায় ১ বছর বা তার বেশি সময়ের কাজের অভিজ্ঞতা থাকলে আবেদন করবেন না।

বয়স: ১-৫-২০২৬ তারিখে ২০ থেকে ২৮ বছরের মধ্যে হতে হবে। সংরক্ষিত ক্যাটেগরির প্রার্থীরা নিয়মানুসারে বয়সের ছাড় পাবেন।

**স্টাইপেন্ড:** প্রতি মাসে ১২,৩০০ টাকা।

মনে রাখবেন, প্রার্থী যে-কোনও একটি রাজ্যের নির্দিষ্ট আসনে আবেদন করতে পারবেন।

শিক্ষাগত যোগ্যতার ভিত্তিতে প্রাথমিক ভাবে বাছাই করা প্রার্থীদের নির্বাচিত করা হবে টেস্ট বা ইন্টারভিউয়ের মাধ্যমে।

প্রার্থীকে প্রথমে অ্যাপ্রেন্টিস হিসেবে নাম নথিভুক্ত করতে হবে এই অনলাইন পোর্টালের মাধ্যমে: https://nats.education.gov.in অথবা https://www.apprenticeshipindia.gov.in এরপর সংশ্লিষ্ট সংস্থায় প্রশিক্ষণের জন্য আবেদন করতে হবে এই ওয়েবসাইটের মাধ্যমে: https://punjabandsind.bank.in আবেদনের শেষ তারিখ ৬ জুন। আবেদনের সময় প্রার্থীর ফটো, সই, বাঁ-হাতের বুড়ো আঙুলের ছাপ ও প্রার্থীর নিজের হাতে নির্দিষ্ট বয়ানে লেখা ডিক্লারেশন স্ক্যান করে আপলোড করতে হবে। এ ছাড়াও আবেদনের সময় সরাসরি প্রার্থীর ফটো তুলতে হবে ওয়েবক্যাম বা মোবাইল ফোনের মাধ্যমে।

দরখাস্তের ফি বাবদ অনলাইনে দিতে হবে ২০০ টাকা (তফসিলি ও দৈহিক প্রতিবন্ধীদের ক্ষেত্রে ১০০ টাকা)।

দরখাস্ত যথাযথ ভাবে পূরণ করে সাবমিট করুন। সাবমিট করা দরখাস্ত এবং ফি জমা দিয়ে পাওয়া ই-রিসিটের এক কপি করে প্রিন্ট আউট নিয়ে নেবেন। এগুলি কোথাও পাঠাতে হবে না। নিজের কাছে রাখবেন। পরে কাজে লাগবে।

অন্যান্য রাজ্যের আসনসংখ্যা-সহ খুঁটিনাটি তথ্যের জন্য দেখুন এই ওয়েবসাইট: https://bankofbaroda.bank.in


বলাগড় পোর্ট
ইনফ্রাস্ট্রাকচার ডেভেলপমেন্ট লিমিটেড
কলকাতা পোর্ট অ্যাক্রেশন লিমিটেড এবং
ইনল্যান্ড ওয়াটারওয়েজ অথরিটি অফ ইন্ডিয়ার একটি যৌথ উদ্যোগ
৩১৫, স্ট্র্যান্ড রোড, কলকাতা-৭০০০০১, পশ্চিমবঙ্গ, ভারত

আমরা
পূর্ণকালীন
কোম্পানি সেক্রেটারী
নিয়োগে আগ্রহী
— চুক্তির ভিত্তিতে —



শ্যামাপ্রসাদ মুখার্জী পোর্ট, কলকাতা, ইনল্যান্ড ওয়াটারওয়েজ অথরিটি অফ ইন্ডিয়া (IWAI) এবং কলকাতা পোর্ট অ্যাক্রেশন লিমিটেড (KPAL) পশ্চিমবঙ্গের বলাগড়ে বর্ধিত পোর্ট গেট সিস্টেমের উন্নয়নের জন্য "বলাগড় পোর্ট ইনফ্রাস্ট্রাকচার ডেভেলপমেন্ট লিমিটেড (BPIDL)" নামে একটি বিশেষ উদ্দেশ্যমূলক সংস্থা SPV গঠনের লক্ষ্যে চুক্তিবদ্ধ হয়েছে যার জন্য পূর্ণকালীন ভিত্তিতে একজন কোম্পানি সেক্রেটারী প্রয়োজন

অবস্থান
চুক্তিভিত্তিক পূর্ণকালীন সেক্রেটারী

পারিশ্রমিক
মাসিক সমন্বিত পারিশ্রমিক ১,০০,০০০/- টাকা (বিধিবদ্ধ ডিডাকসান সাপেক্ষে)

অভিজ্ঞতা
৪০ বছরের মধ্যে, ১০ কোটি বা তার বেশি পরিশোধিত শেয়ার মূলধন সম্পন্ন কোন স্বনামধন্য প্রতিষ্ঠানে সেক্রেটারিয়াল বিভাগে/কোম্পানি সেক্রেটারী হিসাবে কর্মরত এবং স্নাতক পরবর্তী ৩ বছরের কাজের অভিজ্ঞতা থাকতে হবে

শিক্ষা ও যোগ্যতাঃ
প্রার্থীকে অবশ্যই ICSI-এর অ্যাসোসিয়েট মেম্বার হতে হবে।
কাঙ্খিত যোগ্যতা : ইনস্টিটিউট অফ চার্টার্ড অ্যাকাউন্ট্যান্টস অফ ইন্ডিয়া/ইনস্টিটিউট অফ কস্ট অ্যাকাউন্ট্যান্টস অফ ইন্ডিয়া -এর ফাইনাল পরীক্ষায় উত্তীর্ণ/এলএলবি পাশ

আরও বিস্তারিত জানতে
বিশদ নিয়ম ও শর্তাবলী https://smp.smportkolkata.in/smpk ওয়েবসাইটে "BPIDL Vacancy" মেনুর অধীনে পাওয়া যাবে।

কি ভাবে আবেদন করবেন
সম্পূর্ণ বায়োডাটাসহ আবেদনপত্র -এই অফিসিয়াল মেল bpidl@smportkolkata.shipping.gov.in অনলাইনে জমা দিতে হবে। বিষয় হিসাবে তাতে "Application for contractual engagement of whole time Company Secretary in BPIDL" উল্লেখ করতে হবে

এই বিজ্ঞাপন প্রকাশের ১৫ দিনের মধ্যে



OPPORTUNITIES
WALK-IN-INTERVIEW AT KOLKATA
On Friday 5th June., 2026 from 10:00 am to 06:00 pm
On Saturday 6th June., 2026 from 10:00 am to 04:00 pm

| PGT | TGT | TGT | TGT |
|---|---|---|---|
| Accountancy | Social Science | EVS | Mother Teacher |
| Physics | Hindi | English | Music |
| Chemistry | Sanskrit | Maths | Drawing/Painting |
| Geography | Computer | | |
| History | Maths | | |
| English | | | |

DAYAWANTI PUNJ MODEL SCHOOL
(English Medium)
(Day and Residential Co educational Senior Secondary School affiliated to CBSE)
(Sitamarhi, Bhadohi, Uttar Pradesh - 221309)
Strategically located between Allahabad and Varanasi, the campus is well equipped with modern facilities and provides free accommodation.
Mob : 9559108202
Email: principal@dpms.in | Website: www.dpms.in
UNTRAINED CONVENT EDUCATED OR GRADUATE FEMALES CAN ALSO APPLY FOR MOTHER TEACHER & PRT
*Qualifications, experience & remuneration as per CBSE norms.*
*Excellent Infrastructure, free semi furnished accommodation available on campus, PF.*
Venue : Collab Deck, 2/1 Russell Street, Kolkata-700071, India.

## বর্ডার রোডস অর্গানাইজেশনে ৮৯৯

প্রথম পাতার পর

**হিন্দি টাইপিস্ট:** ১০টি (সাধারণ ৪, তফসিলি জাতি ১, তফসিলি উপজাতি ১, ওবিসি ৪)। এর মধ্যে ১টি শূন্যপদ প্রাক্তন সমরকর্মীর জন্য সংরক্ষিত। **শিক্ষাগত যোগ্যতা:** উচ্চ মাধ্যমিক। সেই সঙ্গে হিন্দিতে মিনিটে ৩০টি শব্দ টাইপিংয়ের দক্ষতা থাকতে হবে।

**স্টোর কিপার টেকনিক্যাল:** ৩০০টি (সাধারণ ১৫১, তফসিলি জাতি ৪৩, তফসিলি উপজাতি ২২, ওবিসি ৭৭, আর্থিক ভাবে অনগ্রসর ৭)। এর মধ্যে ১২টি শূন্যপদ দৈহিক প্রতিবন্ধী ও ৪৫টি শূন্যপদ প্রাক্তন সমরকর্মীদের জন্য সংরক্ষিত। **শিক্ষাগত যোগ্যতা:** উচ্চ মাধ্যমিক। সেই সঙ্গে ভেহিক্যল এবং ইঞ্জিনিয়ারিং সরঞ্জাম সংক্রান্ত স্টোর কিপিংয়ের জ্ঞান থাকতে হবে। সংশ্লিষ্ট কাজে ৩ বছরের অভিজ্ঞতা বা স্টোরম্যান টেকনিক্যাল ক্লাস-টু কোর্স করে থাকলে অগ্রাধিকার।

**অপারেটর কমিউনিকেশন:** ২৬১টি (সাধারণ ১১৪, তফসিলি জাতি ৪১, তফসিলি উপজাতি ১৮, ওবিসি ৮৩, আর্থিক ভাবে অনগ্রসর ৫)। এর মধ্যে ৩৯টি শূন্যপদ প্রাক্তন সমরকর্মীদের জন্য সংরক্ষিত। **শিক্ষাগত যোগ্যতা:** মাধ্যমিক। সেই সঙ্গে আইটিআই থেকে ওয়্যারলেস অপারেটর বা রেডিয়ো মেকানিক কোর্স করে থাকতে হবে। অথবা আর্মি ইনস্টিটিউট থেকে ডিফেন্স ট্রেড সার্টিফিকেট পাশ করে থাকতে হবে। অথবা ওয়্যারলেস অপারেটর ক্লাস-ওয়ান কোর্স পাশ করে থাকতে হবে।

**অপারেটর এক্সক্যাভেটিং মেশিনারি (অর্ডিনারি গ্রেড)**: ২০৭টি (সাধারণ ১৩৫, তফসিলি জাতি ২০, তফসিলি উপজাতি ১৫, ওবিসি ৩৫, আর্থিক ভাবে অনগ্রসর ২)। এর মধ্যে ৩১টি শূন্যপদ প্রাক্তন সমরকর্মীদের জন্য সংরক্ষিত। **শিক্ষাগত যোগ্যতা:** মাধ্যমিক। সেই সঙ্গে হেভি মোটর ভেহিক্যল ড্রাইভিং লাইসেন্স অথবা ৬ মাসের অভিজ্ঞতা-সহ ডোজার/এক্সক্যাভেটর ড্রাইভিং লাইসেন্স অথবা অপারেটর এক্সক্যাভেটিং মেশিনারি ক্লাস-টু কোর্স করে থাকতে হবে।

**ইলেক্ট্রিশিয়ান:** ৭৯টি (সাধারণ ৩৮, তফসিলি জাতি ১০, তফসিলি উপজাতি ৯, ওবিসি ১৯, আর্থিক ভাবে অনগ্রসর ৩)। এর মধ্যে ১২টি শূন্যপদ প্রাক্তন সমরকর্মীদের জন্য সংরক্ষিত। **শিক্ষাগত যোগ্যতা:** মাধ্যমিক। সেই সঙ্গে আইটিআই থেকে অটো ইলেক্ট্রিশিয়ান কোর্স পাশ, সেইসঙ্গে সংশ্লিষ্ট ক্ষেত্রে ১ বছরের কাজের অভিজ্ঞতা থাকতে হবে। অথবা ইলেক্ট্রিশিয়ান ক্লাস-টু কোর্স পাশ।

**বয়স:** ১-৬-২০২৬ তারিখে ১৮ থেকে ২৭ বছরের মধ্যে। তফসিলিরা ৫, ওবিসি ও প্রাক্তন অগ্নিবীরেরা ৩ এবং দৈহিক প্রতিবন্ধীরা ১০ বছরের ছাড় পাবেন। প্রাক্তন সমরকর্মীরা নিয়মানুসারে বয়সের ছাড় পাবেন।

**দৈহিক মাপজোক:** উচ্চতা: ১৫৭ সেমি (গোর্খা প্রার্থী এবং দার্জিলিং ও কালিম্পং জেলার প্রার্থীদের ক্ষেত্রে ১৫২ সেমি)। বুকের ছাতি না-ফুলিয়ে ও ফুলিয়ে যথাক্রমে ৭৫ সেমি ও ৮০ সেমি। ওজন হতে হবে অন্তত ৫০ কেজি (গোর্খা প্রার্থী এবং দার্জিলিং ও কালিম্পং জেলার প্রার্থীদের ক্ষেত্রে অন্তত ৪৭.৫ কেজি)।

**বেতনক্রম:** ৫,২০০-২০,২০০ টাকা। সঙ্গে গ্রেড পে ড্রাফটসম্যান পদের ক্ষেত্রে ২,৮০০ টাকা, বাকি সব ক'টি পদের ক্ষেত্রে ১,৯০০ টাকা।

প্রার্থী বাছাই করা হবে লিখিত পরীক্ষা, দৈহিক সক্ষমতার পরীক্ষা, প্রযোজ্য ক্ষেত্রে ট্রেড টেস্ট ও ডাক্তারি পরীক্ষার মাধ্যমে। দৈহিক সক্ষমতার পরীক্ষায় থাকবে ১০ মিনিটে ১ মাইল (১.৬ কিলোমিটার) দৌড়।

দরখাস্ত করতে হবে নির্দিষ্ট বয়ানে। দরখাস্তের বয়ান ডাউনলোড করে নেবেন এই ওয়েবসাইট থেকে: www.bro.gov.in পূরণ করবেন যথাযথ ভাবে।

### পূরণ করা দরখাস্তের সঙ্গে দেবেন

✓২ কপি পাসপোর্ট মাপের রঙিন ফটো। ফটো দু'টি দরখাস্ত ও অ্যাডমিট কার্ডের নির্দিষ্ট জায়গায় সেঁটে দেবেন। ✓ প্রযোজ্য ক্ষেত্রে ফি জমা দেওয়ার ই-রসিদ। অনলাইনে ফি বাবদ দিতে হবে ৫০ টাকা। ফি জমা দেওয়া যাবে Commandant, GREF Centre, Pune-411015-এর অনুকূলে এই ওয়েবসাইট লিঙ্কের মাধ্যমে: https://www.onlinesbi.sbi/sbicollect/icollecthome.htm?corpID=1232156 তফসিলি ও দৈহিক প্রতিবন্ধীদের কোনও ফি দিতে হবে না। ফি জমা দেওয়ার পর ই-রসিদের প্রিন্ট আউট নিয়ে নেবেন। ✓ বয়স ও শিক্ষাগত যোগ্যতার যাবতীয় প্রয়োজনীয় নথিপত্রের নকল। ✓ অভিজ্ঞতার সার্টিফিকেটের নকল। ✓ কাস্ট বা ওবিসি সার্টিফিকেটের নকল (প্রযোজ্য ক্ষেত্রে)। ✓ দৈহিক প্রতিবন্ধী বা আর্থিক ভাবে অনগ্রসরদের ক্ষেত্রে প্রয়োজনীয় সার্টিফিকেটের নকল (প্রযোজ্য ক্ষেত্রে)। ✓ স্থায়ী বাসস্থানের প্রমাণপত্রের নকল। ✓ প্রাক্তন সমরকর্মীদের ক্ষেত্রে ডিসচার্জ সার্টিফিকেটের স্বপ্রত্যয়িত নকল।

৪ জুলাইয়ের মধ্যে ডাকে দরখাস্ত পৌঁছতে হবে এই ঠিকানায়: Commandant, GREF Centre, Dighi Camp, Pune-411015. খুঁটিনাটি তথ্যের জন্য দেখুন উপরোক্ত ওয়েবসাইট।

## এডুকেশন কনসালট্যান্টসে ৬২৯

প্রথম পাতার পর

স্নাতকোত্তর। অভিজ্ঞতা থাকলে অগ্রাধিকার। **বেতন:** নির্দিষ্ট মাসিক ৩০,০০০ টাকা।

**স্পিচ থেরাপিস্ট:** ১২৫টি। **শিক্ষাগত যোগ্যতা:** স্পিচ ল্যাঙ্গুয়েজ প্যাথোলজি বা অডিয়োলজি অ্যান্ড স্পিচ ল্যাঙ্গুয়েজ প্যাথোলজিতে স্নাতক বা স্নাতকোত্তর। রিহ্যাবিলিটেশন কাউন্সিল অব ইন্ডিয়ায় প্রার্থীর নাম অবশ্যই নথিভুক্ত থাকতে হবে। সংশ্লিষ্ট ক্ষেত্রে অভিজ্ঞতা থাকলে অগ্রাধিকার। **বেতন:** নির্দিষ্ট মাসিক ৩০,০০০ টাকা।

**ক্লিনিক্যাল সাইকোলজিস্ট:** ১২৫টি। **শিক্ষাগত যোগ্যতা:** ক্লিনিক্যাল সাইকোলজিতে স্নাতকোত্তর। রিহ্যাবিলিটেশন কাউন্সিল অব ইন্ডিয়ায় প্রার্থীর নাম অবশ্যই নথিভুক্ত থাকতে হবে। অভিজ্ঞতা থাকলে অগ্রাধিকার। **বেতন:** নির্দিষ্ট মাসিক ৩০,০০০ টাকা।

**পিএমইউ কনসালট্যান্ট** : ৪টি। **শিক্ষাগত যোগ্যতা:** ক্লিনিক্যাল সাইকোলজি বা সাইকোলজি বা স্পেশ্যাল এডুকেশনে পিএইচডি বা এম ফিল। দৈহিক প্রতিবন্ধীদের রিহ্যাবিলিটেশন বিষয়ে পিএইচডি করে থাকলে এবং সংশ্লিষ্ট কাজে অভিজ্ঞতা থাকলে অগ্রাধিকার। **বেতন:** নির্দিষ্ট মাসিক ৫৫,০০০ টাকা।

**বয়স:** ৩০-৪-২০২৬ তারিখে ৪৫ বছরের মধ্যে হতে হবে। সংরক্ষিত ক্যাটেগরির প্রার্থীরা নিয়মানুসারে বয়সের ছাড় পাবেন।

প্রার্থী বাছাই করা হবে ইন্টারভিউয়ের মাধ্যমে।

অনলাইন দরখাস্ত করতে হবে এই লিংকের মাধ্যমে: https://tsgrecruitment.edcil.co.in/login প্রার্থীর চালু ই-মেল আইডি থাকতে হবে। অনলাইন দরখাস্ত করা যাবে ৪ জুন পর্যন্ত। অনলাইন দরখাস্তের সময় প্রার্থীর যাবতীয় প্রয়োজনীয় নথিপত্র পিডিএফ ফর্ম্যাটে স্ক্যান করে আপলোড করতে হবে।

খুঁটিনাটি তথ্যের জন্য দেখুন এই ওয়েবসাইট: www.edcilindia.co.in


UTTARANCHAL UNIVERSITY DEHRADUN
NAAC GRADE A+ | nirf
25+ Years of Excellence
BEST UNIVERSITY with TOP PLACEMENTS
MBA | BBA
Also available with ACCA/ CMA Certification
B.Com.
Also available with ACCA/CMA Certification
₹30 LPA Highest Package
Admissions Open 2026
18002124201, 18002124221
Scan to avail Scholarship Seat
www.uudoon.in | Prem Nagar, Dehradun, Uttarakhand


## পাটের হস্তশিল্প সামগ্রী

প্রথম পাতার পর

পাটের জিনিস তৈরি করে ব্যবসার কথা ভাবলে যথাযথ প্রশিক্ষণ প্রয়োজন। পাটজাত বিভিন্ন দ্রব্য তৈরির প্রশিক্ষণ দেয় কেন্দ্রীয় সরকারের সংস্থা আইসিএআর-ন্যাশনাল ইনস্টিটিউট অব ন্যাচারাল ফাইবার ইঞ্জিনিয়ারিং অ্যান্ড টেকনোলজি। কলকাতাতেই আছে এই প্রতিষ্ঠানের অফিস। প্রশিক্ষণ ও ব্যবসার দিশা দেখানো হয় সেখানে।

২৯ জুন থেকে ১০ জুলাই, পাটের হস্তশিল্প সামগ্রী তৈরির প্রশিক্ষণ দেবে আইসিএআর-ন্যাশনাল ইনস্টিটিউট অব ন্যাচারাল ফাইবার ইঞ্জিনিয়ারিং অ্যান্ড টেকনোলজি। এটি অ্যাডভান্সড কোর্স। খরচ ১,২০০ টাকা, এর সঙ্গে অতিরিক্ত ১৮ শতাংশ জিএসটি যুক্ত হবে। প্রার্থীর শিক্ষাগত যোগ্যতা বা বয়সের কোনও বাধানিষেধ নেই। তবে প্রার্থী বাছাইয়ের সময় কর্মহীনরা অগ্রাধিকার পান। আসনসংখ্যা সীমিত।

ক্লাস হবে সকাল সাড়ে ৯টা থেকে বিকেল ৫টা পর্যন্ত। দৈনিক ১০০ থেকে ১৫০ টাকার বিনিময়ে হোস্টেলে থেকে প্রশিক্ষণ নেওয়ার সুযোগ আছে। এই প্রতিষ্ঠানের প্রযুক্তিগত আধিকারিক তরুণকুমার কুন্ডু বললেন, 'এই দুই সপ্তাহে শেখানো হবে মাটির দুর্গা, গণেশের মুখের উপর পাটের কাজ, আর্টওয়াক বা ফ্রেমের উপর পাট দিয়ে সিনারি তৈরি, ফুলদানি, পাখি, ময়ূর তৈরি ইত্যাদি।' কোর্স শেষে প্রশিক্ষিতরা সার্টিফিকেট পাবেন। সেই সার্টিফিকেট দেখিয়ে কেন্দ্রীয় বস্ত্রবয়ন মন্ত্রকের ডেভেলপমেন্ট কমিশনারের (পূর্বাঞ্চল) অফিস থেকে আর্টিজান বা হস্তশিল্পী হিসেবে স্বীকৃতি কার্ড পাওয়া যায়। কার্ডধারীরা আর্টিজান হিসেবে নাম নথিভুক্ত করতে পারবেন জেলা শিল্পকেন্দ্রগুলিতে। এই কার্ড থাকলে ব্যাঙ্ক থেকে ঋণ পেতেও সুবিধে হয়।

এই কোর্সে ভর্তির জন্য আবেদন করুন এখনই।

এই সংস্থা শুধু হাতে-কলমে কাজ শেখায় না, শিক্ষার্থীদের বিভিন্ন হস্তশিল্প মেলায় অংশ নেওয়ার জন্য উৎসাহিতও করে। পাটজাত হস্তশিল্প সামগ্রীর ব্যবসার ক্ষেত্রে মানুষের পছন্দ ও বর্তমান ট্রেন্ড সম্পর্কে জানা খুবই দরকারি।

ভর্তির জন্য যোগাযোগ করুন (সকাল ৯টা থেকে বিকেল সাড়ে



পাঁচটা): ডাঃ বিদ্যাভূষণ শম্ভু, বিজ্ঞানী, প্রযুক্তি হস্তান্তর বিভাগ, ফোন- ২৪২১-২১১৫/১৬/১৭, এক্সটেনশন-২৭৬। মোবাইল-৮৭৭৭৬-৭৫৯৯১। অথবা, তরুণকুমার কুণ্ডু, মোবাইল-৯০৩৮৬-৩৪৬৬৯/৯৭৪৮৫-৭৩২৯০

প্রতিষ্ঠানের ঠিকানা: আইসিএআর-ন্যাশনাল ইনস্টিটিউট অব ন্যাচারাল ফাইবার ইঞ্জিনিয়ারিং অ্যান্ড টেকনোলজি, ১২, রিজেন্ট পার্ক কলকাতা ৭০০ ০৪০। রানিকুঠি বাসস্টপে নেমে ২ মিনিটের হাঁটাপথ।

অনলাইন ফর্ম পূরণ করার জন্য দেখুন এই ওয়েবসাইট: http://www.nirjaft.res.in


THE LNM INSTITUTE OF INFORMATION TECHNOLOGY, JAIPUR
LNMIIT The LNM Institute of Information Technology
(Deemed-to-be-University, under Section 3 of UGC Act 1956)
A joint venture of Lakshmi & Usha Mittal Foundation and Govt. of Rajasthan
NAAC Accreditation: 'A' | AICTE Approved Engineering Programmes



ADMISSIONS 2026-27 / PROGRAMMES OFFERED

B.Tech.
- Artificial Intelligence & Data Science (AI&DS)
- Artificial Intelligence (AI)
- Communication and Computer Engineering (CCE)
- Computer Science and Engineering (CSE)
- Electronics and Communication Engineering (ECE)
- Mechanical Engineering (ME)

B.Tech. (Honours) with Specialization
- Communication and Computer Engineering (CCE) with specialization in Artificial Intelligence & Data Science
- Computer Science and Engineering (CSE) with specialization in Artificial Intelligence & Data Science
- Mechanical Engineering (ME) with specialization in Robotics & Automation

B.Tech.- M.Tech. (5-Year Integrated Degree)
- Computer Science and Engineering (CSE)
- Electronics and Communication Engineering (ECE)

B.Tech. in Mechanical Engineering for Working Professionals
- Mechanical Engineering for Working Professionals

B.Tech. with Minor
- Communication and Computer Engineering (CCE) with minor in Robotics & Automation
- Computer Science and Engineering (CSE) with minor in Robotics & Automation
- Electronics and Communication Engineering (ECE) with minor in Robotics & Automation
- Electronics and Communication Engineering (ECE) with minor in Artificial Intelligence & Data Science
- Mechanical Engineering (ME) with minor in Artificial Intelligence & Data Science

M.Tech. ▸ AI&DS, CSE, ECE
M.S. (by Research) ▸ CCE, CSE, ECE
M.Sc. ▸ Mathematics and Computing, Physics

Ph.D.
- CCE, CSE, ECE, MME, Physics, Mathematics, Humanities and Social Sciences

PLACEMENTS#* (for details visit: https://placements.lnmiit.ac.in/)

| 93.78 % of registered eligible students have been placed. | Median Package | Average Package | Highest Package |
|---|---|---|---|
| | 12 Lakhs | 13.36 Lakhs | 1.24 Cr. |

Scholarship, Assistantship and Fellowship Opportunities
- UG: Various scholarship and assistantship schemes are available for meritorious and need-based students. Up to a 100% tuition fee waiver in certain cases.
- M.Tech./M.S. (by Research): Candidates with a valid GATE score are eligible for the MHRD Scholarship. Zero effective tuition fee (under the HTTA/HTRA scheme) for all the Candidates.
- M.Sc.: INR 5000/- per month to the top 10 meritorious M.Sc students is available as a teaching assistantship (TA) on the basis of merit/selection.
- Ph.D.: For full-time students, the institute fellowship is INR 50000/- per month for three years. An extension of a maximum of 6 months (twice, at most) based on valid reasons leading to effectively 3+1=4 years maximum fellowship period.
- Tuition fee waiver in case of Q1 and equivalent publication.
- Provision for Ph.D. with financial assistantship from external funding agencies such as UGC, CSIR, NBHM, DST, DAE.
- Part-time enrollment is available.

Merit Based Admission | No Management Quota | No Capitation Fee

FOR ADMISSION INQUIRY
Toll Free No.: 1800-180-6566
Web: https://lnmiit.ac.in/admissions/

EMAIL
- ugadmissions@lnmiit.ac.in (UG Admissions)
- dasa@lnmiit.ac.in (International Admissions)
- mtech-ms.admissions@lnmiit.ac.in (PG Engineering)
- msc.admissions@lnmiit.ac.in (PG Science)
- phdadmissions@lnmiit.ac.in (PhD)

# কারেন্ট অ্যাফেয়ার্স ২

**১১ মে** দীর্ঘ জিজ্ঞাসাবাদের পরে পুরনিয়োগ দুর্নীতি মামলায় প্রাক্তন দমকলমন্ত্রী সুজিত বসুকে গ্রেফতার করল এনফোর্সমেন্ট ডিরেক্টরেট (ইডি)। এদিন সুজিতকে তাঁর সম্পত্তি ও ব্যবসা সংক্রান্ত আর্থিক লেনদেনের সমস্ত নথি নিয়ে সিজিও কমপ্লেক্সে তলব করা হয়েছিল। ওইসব নথির ভিত্তিতে সুজিতকে জিজ্ঞাসাবাদ করা হয়েছে বলে জানিয়েছেন তদন্তকারীরা। তাঁর বক্তব্যে বিস্তর অসঙ্গতি থাকায় শেষ পর্যন্ত গ্রেফতার করা হয়েছে বলে খবর। উল্লেখ্য, একসময় দক্ষিণ দমদম পুরসভার ভাইস চেয়ারম্যান ছিলেন সুজিত। পুরসভায় নিয়োগের ক্ষেত্রে দুর্নীতি হয়েছিল এবং মোটা টাকার বিনিময়ে, বেআইনিভাবে অযোগ্য ব্যক্তিদের চাকরির ব্যবস্থা করা হয়েছিল বলে তদন্তে উঠে এসেছে।

## মন্ত্রিসভার প্রথম বৈঠকেই একাধিক গুরুত্বপূর্ণ সিদ্ধান্ত



১১ মে: রাজ্যে প্রথম মন্ত্রিসভার বৈঠকের পর বেশ কয়েকটি গুরুত্বপূর্ণ সিদ্ধান্তের কথা ঘোষণা করলেন মুখ্যমন্ত্রী শুভেন্দু অধিকারী। আয়ুষ্মান ভারত-সহ সব কেন্দ্রীয় প্রকল্পের দরজা রাজ্যে খুলে দেওয়ার সিদ্ধান্ত হল। একইসঙ্গে মন্ত্রিসভার বৈঠকে সিদ্ধান্ত হয়েছে সরকারি চাকরিতে বয়সের উর্ধ্বসীমা পাঁচ বছর বাড়ানো হবে। এর ফলে বিপুল সংখ্যক চাকরি প্রার্থী যুবক-যুবতীর সুবিধা হবে বলে মনে করা হচ্ছে। পরে প্রশাসনিক বৈঠকে মুখ্যমন্ত্রী জানান, জুন মাস থেকেই সরকারি বাসে মহিলারা নিখরচায় যাতায়াতের সুবিধাও পাবেন।

**রাজ্যের নতুন মুখ্যসচিব হলেন** মনোজ আগরওয়াল। এসআইআর এবং ভোটের সময় তিনি ছিলেন রাজ্যের মুখ্য নির্বাচনী আধিকারিক। এদিন মুখ্যসচিব হিসেবে তাঁর নিয়োগে সিলমোহর দিল রাজ্য সরকার। সদ্য প্রাক্তন মুখ্যসচিব দুষ্যন্ত নারিয়ালা দিল্লিতে প্রধান রেসিডেন্ট কমিশনার হয়েছেন। মনোজ আগরওয়ালের নিয়োগ এবং সদ্যপ্রাক্তন স্পেশাল রোল অবজার্ভার সুব্রত গুপ্তকে মুখ্যমন্ত্রীর প্রধান উপদেষ্টা পদে আনার প্রবল সমালোচনা করেছে কংগ্রেস। দলীয় মুখপাত্র জয়রাম রমেশ সমাজ মাধ্যমে লিখেছেন, এই নিয়োগে নির্বাচন কমিশন এবং বিজেপির মধ্যে খোলাখুলি আঁতাত এবং যোগসাজশ স্পষ্ট হল।

**ভারত-বাংলাদেশ সীমান্তে** কাঁটাতারের বেড়া দিতে যতটা জমি প্রয়োজন, ৪৫ দিনের মধ্যে তা সীমান্ত রক্ষী বাহিনীকে (বিএসএফ) দেওয়ার সিদ্ধান্ত নিল রাজ্যের মন্ত্রিসভা। মুখ্যমন্ত্রী শুভেন্দু অধিকারী এই কাজে মুখ্যসচিব এবং ভূমিসচিবকেও দায়বদ্ধ করেছেন। প্রশাসনিক সূত্রের বক্তব্য, কেন্দ্রীয় স্বরাষ্ট্রমন্ত্রক অতীতে রাজ্যকে জমি দেওয়ার অনুরোধ করলেও কাজ হয়নি। প্রসঙ্গত, পশ্চিমবঙ্গে ভারত-বাংলাদেশের সীমান্তের দৈর্ঘ্য ২,২১৬.৭ কিলোমিটার, যার মধ্যে কাঁটাতার লাগানো বাকি রয়েছে প্রায় ৫৬৯ কিলোমিটার। এর মধ্যে নদী-নালা থাকায় ১১২.৭৮ কিলোমিটারে কাটাতার লাগানো সম্ভব নয়। বিএসএফের দাবি বাকি ৪৫৬.২২ কিলোমিটার সীমান্তে কাঁটাতার লাগানো সম্ভব। সেই বিষয়েই উদ্যোগী হয়েছে রাজ্য সরকার।

## প্রয়াত টুটু বসু



১২ মে: মোহনবাগান ক্লাবের প্রাক্তন সভাপতি স্বপন সাধন বসু (৭৯) প্রয়াত হলেন। ময়দানে যিনি টুটু বসু নামেই বেশি পরিচিত। ১৯৯১ সালে প্রথমবার মোহনবাগানের সচিব হন তিনি। ১৯৯৫ সালে হন ক্লাবের সভাপতি। ২০১৮ সাল পর্যন্ত একটানা সেই দায়িত্ব পালনের পর আরও দু-দফায় ২০২০-'২২ এবং ২০২২-'২৫ সভাপতি থাকেন। গতবছর দায়িত্ব থেকে অব্যাহতি নেন তিনি। টুটু বসুর আমলেই বিদেশি ফুটবলার না খেলানোর নিয়মে বদল আনা হয়। প্রথম বিদেশি হিসেবে চিমা ওকেরিকে সই করিয়ে টুটু আলোড়ন ফেলে দেন ভারতীয় ফুটবলে। এটিকে-র সঙ্গে সংযুক্তিকরণের নেপথ্যেও ছিলেন তিনি। মোহনবাগান রত্ন সম্মানও দেওয়া হয় টুটু বসুকে। 'সংবাদ প্রতিদিন'-এর প্রতিষ্ঠাতা সম্পাদক তিনি। রাজ্যসভায় তৃণমূল কংগ্রেসের সাংসদও হয়েছেন।

**রেটিং সামান্য কমা সত্ত্বেও** আইসিসি বার্ষিক ক্রম-তালিকায় একদিনের ক্রিকেটে শীর্ষ স্থান পেল ভারত। বিরাট কোহলি, রোহিত শর্মাদের দলের অর্জিত পয়েন্ট ১১৮। দ্বিতীয় স্থানে নিউজিল্যান্ড (১১৩)। তিন নম্বরে অস্ট্রেলিয়া (১০৯)। চতুর্থ স্থানে দক্ষিণ আফ্রিকা (১০২)। একধাপ নেমে পাকিস্তান রয়েছে পঞ্চম স্থানে (৯৮)। শ্রীলঙ্কা নেমে গিয়েছে ষষ্ঠ স্থানে। তাৎপর্যপূর্ণভাবে আফগানিস্তান সপ্তম। তাদেরও পিছনে রয়েছে ইংল্যান্ড, বাংলাদেশ, ওয়েস্ট ইন্ডিজ। সবশেষে জিম্বাবোয়ে।

**ইউরোপিয়ান টি-টোয়েন্টি প্রিমিয়ার** লিগে একটি দল কিনলেন রাহুল দ্রাবিড়। ডাবলিন গার্ডিয়ান্স ফ্র্যাঞ্চাইজির কর্ণধার হলেন তিনি। মোট ছ'টি দল নিয়ে হবে এই প্রতিযোগিতা। শুরু হবে অগস্ট থেকে। এই প্রতিযোগিতায় খেলবেন স্টিভ স্মিথ, মিচেল মার্শ, গ্লেন ম্যাক্সওয়েল, মিচেল স্যান্টনারের মতো ক্রিকেটাররা।

**১২ মে** প্ররোচনামূলক মন্তব্য ও ইভিএম নিয়ে গুজব ছড়ানোর অভিযোগে বাংলা পক্ষ সংগঠনের গর্গ চট্টোপাধ্যায়কে গ্রেফতার করা হল। নগরপাল অজয় নন্দ জানান, নির্বাচন কমিশনের অভিযোগ, ভোটের সময়ে ইভিএম বিকৃতি ঘটানো নিয়ে গর্গ সমাজ মাধ্যমে লেখেন ও রাজনৈতিক দলকে আন্দোলনের আহ্বান জানান। ফলে নানা গুজব ছড়াচ্ছিল। উল্লেখ্য, গর্গ ইন্ডিয়ান স্ট্যাটিসটিক্যাল ইনস্টিটিউটের সাইকোলজি রিসার্চ ইউনিটের অধ্যাপক। ডাক্তারির কৃতী ছাত্র এবং মস্তিষ্ক বিজ্ঞানের গবেষক তিনি। বিগত কয়েক বছর ধরে 'বাংলা পক্ষ' বলে একটি মঞ্চের মুখ তিনি। রাজ্যের সদ্য সমাপ্ত ভোটে গর্গ বিজেপির বিরুদ্ধে অবস্থান নিয়েছিলেন।

**পশ্চিমবঙ্গের অষ্টাদশ বিধানসভার** প্রোটেম স্পিকার হিসেবে শপথ নিলেন বিজেপি বিধায়ক তাপস রায়। এদিন লোকভবনে রাজ্যপাল আর এন রবি তাঁকে শপথবাক্য পাঠ করান। উপস্থিত ছিলেন মুখ্যমন্ত্রী শুভেন্দু অধিকারী। পরিষদীয় রীতি মেনে যিনি প্রোটেম স্পিকার হন তাঁর উপরেই নতুন বিধায়কদের শপথ গ্রহণ করানোর দায়িত্ব থাকে।

**অবসরের বয়স পেরিয়ে যাওয়ার** পরেও সরকারি পদে বহাল বিভিন্ন স্তরের কর্মীদের চাকরিতে ইতি টানা শুরু করল নতুন রাজ্য সরকার। তৃণমূল সরকারের আমলে নতুন পদে নিয়োগ কার্যত বন্ধ হয়ে গেলেও, বছরের পর বছর বিভিন্ন পর্যায়ের অবসরপ্রাপ্ত আধিকারিকদের বহাল রাখা হয়েছিল। এজন্য বিপুল অর্থ রাজ্যের কোষাগার থেকে খরচও হচ্ছিল। সরকারি তরফে এদিন ২৪৩ জন অবসরপ্রাপ্ত অথচ চাকরিতে বহাল এমন কর্মী-আধিকারিকদের নাম প্রকাশ করা হয়েছে। যদিও প্রশাসনিক সূত্রে জানা গিয়েছে সব মিলিয়ে সংখ্যাটা পাঁচশোর বেশি।

**১৩ মে** খরিফ মরসুমে শস্য বপণের আগে ১৪টি ফসলের ন্যূনতম সহায়ক মূল্য (এমএসপি) বাড়াল কেন্দ্র। কেন্দ্রীয় মন্ত্রিসভার বৈঠকে ২০২৬-২৭ অর্থবর্ষের জন্য এই সিদ্ধান্ত নেওয়া হয়েছে। কেন্দ্রের দাবি, এর ফলে উৎপাদন খরচের তুলনায় অন্তত ১.৫ গুণ বেশি দাম পাবেন চাষিরা। তাঁদের কাছে পৌঁছবে ২.৬ লক্ষ কোটি টাকা। এছাড়া কয়লা থেকে গ্যাস উৎপাদনে ৩৭,৫০০ কোটি টাকার আর্থিক সাহায্যেও সায় দিয়েছে মন্ত্রিসভা। এর ফলে ভবিষ্যতে এই ক্ষেত্রে আমদানি নির্ভরতা কমবে বলে মনে করা হচ্ছে।

**ভারতে অপরাধ করা বিদেশিদের** মধ্যে বাংলাদেশিদের সংখ্যাই সবচেয়ে বেশি বলে জানাল জাতীয় ক্রাইম রেকর্ডস বুরো (এনসিআরবি)। তাদের পরিসংখ্যান অনুযায়ী, ২০২৪ সালে গোটা দেশে বাংলাদেশের মোট ৩০৯১ জন বাসিন্দাকে গ্রেফতার করা হয়েছে। তাঁদের অধিকাংশের বিরুদ্ধেই এ দেশে অভিবাসন নীতি ভাঙার অভিযোগ রয়েছে। পরিসংখ্যান বলছে, ২০২৪ সালে বিদেশি নাগরিকদের দ্বারা এদেশে মোট ২৫৪৪টি অপরাধ সংঘটিত হয়েছে। তার মধ্যে ৯৯২টি ঘটনাই ঘটেছে পশ্চিমবঙ্গে। বাংলার পরেই রয়েছে মহারাষ্ট্র (৩৮৬)।

**রাজ্যের মহিলা কমিশনের** চেয়ারপার্সনের পদ ছাড়লেন লীনা গঙ্গোপাধ্যায়। দিন দুয়েক আগেই তিনি ইস্তফা দিয়েছেন বলে এদিন খবরে প্রকাশ। সম্প্রতি অভিনেতা রাহুল বন্দ্যোপাধ্যায়ের মৃত্যুর পর লীনা ও শৈবাল বন্দ্যোপাধ্যায়ের প্রযোজনা সংস্থা ম্যাজিক মোমেন্টসের বিরুদ্ধে গাফিলতির অভিযোগ ওঠে। ওই সংস্থার ধারাবাহিকের শুটিংয়েই তালসারি সৈকতে সমুদ্রে ডুবে মৃত্যু হয় অভিনেতার। কিন্তু তখন মহিলা কমিশন থেকে লীনার পদত্যাগের দাবি উঠলেও পদ ছাড়েননি তিনি। জুন মাস পর্যন্ত তাঁর কাজের মেয়াদ ছিল। কিন্তু নতুন সরকার আসার পরেই তিনি ইস্তফার সিদ্ধান্ত নেন বলে জানা গিয়েছে।

**রাজ্য বিধানসভায় ভবানীপুরের** বিধায়ক হিসেবেই শপথ নিলেন মুখ্যমন্ত্রী শুভেন্দু অধিকারী। ছেড়ে দিলেন তাঁর পুরনো বিধানসভা নন্দীগ্রাম আসন। নির্বাচন কমিশনের নিয়ম অনুযায়ী, জোড়া কেন্দ্রে কোনও প্রার্থী জিতলে, ফল ঘোষণার ১৪ দিনের মধ্যে যে-কোনও একটি আসন তাঁকে ছাড়তে হয়। শপথ গ্রহণের পর এদিন শুভেন্দু বলেন, 'দু-জায়গায় বিধায়ক হিসেবে শপথ নিতে পারি না। ভবানীপুর থেকে শপথ নিলাম। আইন অনুযায়ী নন্দীগ্রাম আসন ছাড়তে হবে।' তবে তাঁর আশ্বাস, 'নন্দীগ্রামের মানুষকে বুঝতে দেব না, তাঁদের বিধায়ক শুভেন্দু অধিকারী নন।' অন্যদিকে, মুর্শিদাবাদে জোড়া কেন্দ্রে জয়ী আম জনতা উন্নয়ন পার্টির চেয়ারম্যান হুমায়ুন কবীর ঘোষণা করেছেন, নওদা আসনটি রেখে রেজিনগর ছাড়বেন তিনি।

**১৪ মে** দেশে প্রতিরক্ষা ব্যবস্থা নিয়ে প্রশ্নের মুখে ইস্তফা দিলেন লাটভিয়ার প্রধানমন্ত্রী ইভিকা সিলিনা। ৭ মে সেদেশের আকাশসীমায় ইউক্রেনীয় ড্রোনের অনুপ্রবেশের ঘটনা ঘটে। এই ঘটনার পর প্রগ্রেসিভ পার্টির সদস্য তথা প্রতিরক্ষা মন্ত্রী আন্দিস স্প্রুডসকে বরখাস্ত করেন সিলিনা। এরপরেই বামপন্থী প্রগ্রেসিভ পার্টি সিলিনার জোট সরকারের উপর থেকে সমর্থন তুলে নেয়। তারপরেই পদত্যাগের কথা ঘোষণা করেন সিলিনা।

## ঝড়ে লন্ডভন্ড উত্তরপ্রদেশে মৃত ১১১




১৪ মে: প্রবল ঝড়-বৃষ্টিতে উত্তরপ্রদেশের ৩০টি জেলা ভয়াবহ ক্ষতিগ্রস্ত হল। মারা গিয়েছেন অন্তত ১১১ জন। জখম শতাধিক। প্রবল ঝড়ের সঙ্গে অবিশ্রান্ত বৃষ্টির জেরে মাটির বাড়ি ও দেওয়াল ধসে, গাছ উপড়ে এবং বজ্রপাতে বহু মানুষ মারা গিয়েছেন। কোনও কোনও এলাকায় ধুলোর ঝড়েও আক্রান্ত হয়েছেন সাধারণ মানুষ। পোল উপড়ে এবং বিদ্যুতের তারের উপর গাছ পড়ে বহু জায়গায় বিদ্যুৎ বিচ্ছিন্ন হয়েছে। মৃতদের মধ্যে সবচেয়ে বেশি রয়েছেন খেতমজুর, দিনমজুর, ট্রাকচালক এবং মাটির বাড়িতে বসবাস করা দরিদ্র মানুষ। বরেলী থেকে এক ভয়ঙ্কর ভিডিয়োয় দেখা গিয়েছে ঝড়ের দাপটে টিনের ছাউনি ধরে দাঁড়িয়ে থাকা এক ব্যক্তি ছাউনির সঙ্গেই ৩০ ফুট শূন্যে উড়ে গিয়ে ফের আছড়ে পড়ছেন। পরে জানা যায় হাত-পা ভেঙে গুরুতর জখম ওই ব্যক্তি।

## আবারও প্রশ্ন ফাঁস, বাতিল নিট




১২ মে: প্রশ্ন ফাঁসে আবারও বাতিল হল 'নিট'। গত ৩ মে সারা দেশে আয়োজিত হয়েছিল ন্যাশনাল এলিজিবিলিটি কাম এন্ট্রান্স টেস্ট (আন্ডার গ্র্যাজুয়েট) বা নিট। দু'বছর আগেও নিট-এ প্রশ্ন ফাঁস হওয়ার ঘটনা ঘটেছিল। গতবারের মতো এবারেও প্রশ্ন ফাঁসের মূল অভিযোগটি ওঠে রাজস্থানে। তদন্তের ভার দেওয়া হয়েছে সিবিআইকে। 'নিট' বাতিল হওয়ায় সাময়িক ভাবে অনিশ্চিত হয়ে পড়েছে চিকিৎসক হতে চাওয়া ২২.৭৯ লক্ষ পরীক্ষার্থীর ভবিষ্যৎ। কংগ্রেস নেতা রাহুল গান্ধী এ বিষয়ে কটাক্ষ করে বলেছেন, 'প্রধানমন্ত্রীর তথাকথিত অমৃতকাল এখন দেশের জন্য বিষকালে পরিণত হয়েছে।'

## লা লিগা জয় বার্সেলোনার



১১ মে: রিয়াল মাদ্রিদকে ২-০ গোলে হারিয়ে টানা দ্বিতীয়বার লা লিগা খেতাব জয় করল বার্সেলোনা। খেলার প্রথমার্ধেই ২-০ এগিয়ে যায় বার্সেলোনা। ৯ মিনিটেই ফ্রি-কিক থেকে দুরন্ত শটে দলকে এগিয়ে দেন র‍্যাশফোর্ড। ১৮ মিনিটে দ্বিতীয় গোলটি আসে ফেরান তোরেসের পা থেকে। লিগ টেবিলে ৩৫ ম্যাচের শেষে ৯১ পয়েন্ট প্রাপ্তি খেতাব এনে দিল বার্সেলোনাকে।

## চাকরির পরীক্ষায় কর্মক্ষেত্র কোচিং

# ডব্লু বি সি এস প্রিলিমিনারি

### পরীক্ষার নমুনা প্রশ্নোত্তর

*গত সংখ্যার পর*

58. স্বরাজ পার্টি কে প্রতিষ্ঠা করেন?
(a) জওহরলাল নেহরু (b) চিত্তরঞ্জন দাশ ও মোতিলাল নেহরু (c) মহাত্মা গান্ধী (d) সুভাষচন্দ্র বসু

59. সাইমন কমিশন কত সালে ভারতে এসেছিল?
(a) 1927 (b) 1928 (c) 1929 (d) 1930

60. কংগ্রেসের কোন অধিবেশনে প্রথম 'পূর্ণ স্বরাজ'-এর দাবি তোলা হয়?
(a) কলকাতা (1928) (b) লাহোর (1929) (c) করাচি (1931) (d) হরিপুরা (1938)

61. ডান্ডি অভিযান ও লবণ সত্যাগ্রহ কত তারিখে শুরু হয়েছিল?
(a) 12 মার্চ, 1930 (b) 6 এপ্রিল, 1930 (c) 26 জানুয়ারি, 1930 (d) 2 অক্টোবর, 1930

62. 'গান্ধী আরউইন চুক্তি' কত সালে স্বাক্ষরিত হয়?
(a) 1930 সালে (b) 1931 সালে (c) 1932 সালে (d) 1933 সালে

63. সূর্য সেন কোন ঘটনার সঙ্গে যুক্ত ছিলেন?
(a) কাকোরি ষড়যন্ত্র মামলা (b) চট্টগ্রাম অস্ত্রাগার লুণ্ঠন (c) লাহোর ষড়যন্ত্র মামলা (d) আলিপুর বোমা মামলা

64. পুনা চুক্তি (1932) কাদের মধ্যে স্বাক্ষরিত হয়েছিল?
(a) মহাত্মা গান্ধী ও মহম্মদ আলি জিন্নাহ (b) মহাত্মা গান্ধী ও বি আর আম্বেদকর (c) জওহরলাল নেহরু ও বি আর আম্বেদকর (d) মদনমোহন মালব্য ও মহম্মদ আলি জিন্নাহ

65. ফরোয়ার্ড ব্লক কে গঠন করেছিলেন?
(a) রাসবিহারী বসু (b) সুভাষচন্দ্র বসু (c) জয়প্রকাশ নারায়ণ (d) আচার্য নরেন্দ্র দেব

66. 'ভারত ছাড়ো' আন্দোলনের প্রস্তাব কংগ্রেসের কোন অধিবেশনে গৃহীত হয়?
(a) কলকাতা (b) বোম্বাই (বর্তমানে মুম্বাই) (c) দিল্লি (d) লখনউ

67. 'করেঙ্গে ইয়া মরেঙ্গে' স্লোগানটি কে দিয়েছিলেন?
(a) সুভাষচন্দ্র বসু (b) জওহরলাল নেহরু (c) মহাত্মা গান্ধী (d) সর্দার প্যাটেল

68. আজাদ হিন্দ ফৌজ প্রথম কে গঠন করেছিলেন?
(a) সুভাষচন্দ্র বসু (b) ক্যাপ্টেন মোহন সিং (c) রাসবিহারী বসু (d) শাহ নওয়াজ খান

69. ভারতীয় জাতীয় কংগ্রেসের প্রথম মহিলা সভাপতি কে ছিলেন?
(a) অ্যানি বেসান্ত (b) সরোজিনী নাইডু (c) নেলী সেনগুপ্ত (d) অরুণা আসফ আলি

70. ভারত যখন স্বাধীন হয় (1947), তখন ব্রিটিশ প্রধানমন্ত্রী কে ছিলেন?
(a) উইনস্টন চার্চিল (b) ক্লিমেন্ট এটলি (c) রামসে ম্যাকাডোনাল্ড (d) লর্ড মাউন্টব্যাটেন

71. 'পভার্টি অ্যান্ড আন-ব্রিটিশ রুল ইন ইন্ডিয়া' (Poverty and un-British rule in India) বইটি কার লেখা?
(a) রমেশচন্দ্র দত্ত (b) দাদাভাই নওরোজি (c) মহাদেব গোবিন্দ রানাডে (d) মহাত্মা গান্ধী

72. মাস্টারদা নামে কে পরিচিত ছিলেন?
(a) যতীন্দ্রনাথ মুখোপাধ্যায় (b) সূর্য সেন (c) বারীন্দ্র কুমার ঘোষ (d) প্রফুল্ল চাকি

73. ক্যাবিনেট মিশন কত সাল ভারতে আসে?
(a) 1945 সালে (b) 1946 সালে (c) 1947 সালে (d) 1944 সালে

74. কে 'সীমান্ত গান্ধী' নামে পরিচিত ছিলেন?
(a) আবুল কালাম আজাদ (b) খান আব্দুল গফফর খান (c) মহাত্মা গান্ধী (d) লিয়াকত আলি খান

75. স্বাধীন ভারতের প্রথম ও শেষ ভারতীয় গভর্নর জেনারেল কে ছিলেন?
(a) লর্ড মাউন্টব্যাটেন (b) চক্রবর্তী রাজাগোপালাচারী (c) রাজেন্দ্রপ্রসাদ (d) জওহরলাল নেহরু

76. ভারতের দীর্ঘতম নদী কোনটি?
(a) গোদাবরী (b) গঙ্গা (c) সিন্ধু (d) ব্রহ্মপুত্র

77. আয়তনের বিচারে ভারতের বৃহত্তম রাজ্য কোনটি?
(a) উত্তর প্রদেশ (b) মধ্যপ্রদেশ (c) মহারাষ্ট্র (d) রাজস্থান

78. ক্ষেত্রফলের হিসেবে পশ্চিমবঙ্গের ক্ষুদ্রতম জেলা কোনটি?
(a) দক্ষিণ দিনাজপুর (b) কলকাতা (c) কালিম্পং (d) হাওড়া

79. পশ্চিমবঙ্গের সর্বোচ্চ শৃঙ্গ কোনটি?
(a) ফালুট (b) সবরগ্রাম (c) সান্দাকাফু (d) টংলু

80. ভারতের দক্ষিণতম বিন্দুটির নাম কী?
(a) কন্যাকুমারী (b) ইন্দিরা পয়েন্ট (c) কিবিথু (d) গুহার মোতি

81. পশ্চিমবঙ্গের কোন জেলার ওপর দিয়ে কর্কটক্রান্তি রেখা গেছে?
(a) বীরভূম (b) নদিয়া (c) হাওড়া (d) মালদা

82. ভারতের একমাত্র সক্রিয় আগ্নেয়গিরি কোনটি?
(a) নারকোন্ডাম (b) ব্যারন দ্বীপ (c) ডেকান ট্রাপ (d) ধিনোধর পাহাড়

83. তিস্তা নদীর পশ্চিম ভাগ কী নামে পরিচিত?
(a) তরাই (b) ডুয়ার্স (c) তাল (d) দিয়ারা

84. ভারতের কোন রাজ্যে হিমালয় ও সমুদ্র উভয়ই বর্তমান?
(a) ওড়িশা (b) গুজরাট (c) পশ্চিমবঙ্গ (d) কর্নাটক

85. ভারতের দীর্ঘতম হিমবাহ কোনটি?
(a) গঙ্গোত্রী (b) যমুনোত্রী (c) সিয়াচেন (d) পিন্ডারি

86. পশ্চিমবঙ্গের কোন জেলাকে 'ধানের গোলা' বলা হয়?
(a) মুর্শিদাবাদ (b) পূর্ব বর্ধমান (c) হুগলি (d) পশ্চিম মেদিনীপুর

87. লোকটাক হ্রদ ভারতের কোন রাজ্যে অবস্থিত?
(a) মেঘালয় (b) মণিপুর (c) মিজোরাম (d) আসাম

88. সুন্দরবনকে কত সালে 'ওয়ার্ল্ড হেরিটেজ সাইট' ঘোষণা করা হয়?
(a) 1985 (b) 1987 (c) 1989 (d) 2001

89. দক্ষিণ ভারতের গঙ্গা কোন নদীকে বলা হয়?
(a) কৃষ্ণা (b) গোদাবরী (c) কাবেরী (d) মহানদী

90. পশ্চিমবঙ্গের শুষ্কতম জেলা কোনটি?
(a) বীরভূম (b) বাঁকুড়া (c) পুরুলিয়া (d) পশ্চিম বর্ধমান

91. নীলগিরি পর্বতের সর্বোচ্চ শৃঙ্গের নাম কী?
(a) আনাইমুদি (b) দোদাবেতা (c) গুরুশিখর (d) মহেন্দ্রগিরি

92. ভারতের বৃহত্তম মিষ্টি জলের হ্রদ কোনটি?
(a) উলার হ্রদ (b) চিলিকা হ্রদ (c) ডাল হ্রদ (d) সাম্ভার হ্রদ

93. পশ্চিমবঙ্গের কোন শহরকে 'উত্তর-পূর্ব ভারতের প্রবেশদ্বার' বলা হয়?
(a) জলপাইগুড়ি (b) শিলিগুড়ি (c) কোচবিহার (d) আলিপুরদুয়ার

94. ভারতের কোন রাজ্যে প্রথম সূর্যোদয় হয়?
(a) নাগাল্যান্ড (b) সিকিম (c) অরুণাচল প্রদেশ (d) আসাম

95. হলদিয়া একটি প্রসিদ্ধ কী কেন্দ্র?
(a) পেট্রো-রাসায়নিক শিল্প (b) লৌহ ইস্পাত শিল্প (c) বস্ত্রবয়ন শিল্প (d) চর্ম শিল্প

96. আড়াবাড়ি মডেল কীসের জন্য বিখ্যাত?
(a) ধান চাষ (b) যৌথ বন ব্যবস্থাপনা (c) রেশম শিল্প (d) দুগ্ধ উৎপাদন

97. ভারতের ম্যানচেস্টার কাকে বলা হয়?
(a) মুম্বাই (b) আমেদাবাদ (c) কোয়েম্বাটুর (d) কানপুর

98. পশ্চিমবঙ্গের মালভূমি অঞ্চলের প্রধান নদী কোনটি?
(a) অজয় (b) দামোদর (c) কংসাবতী (d) রূপনারায়ণ

99. কফি উৎপাদনে ভারতের কোন রাজ্য প্রথম স্থান অধিকার করে?
(a) কেরালা (b) কর্নাটক (c) তামিলনাড়ু (d) অন্ধ্রপ্রদেশ

100. তিলপাড়া বাঁধ কোন নদীর ওপর অবস্থিত?
(a) দামোদর (b) ময়ূরাক্ষী (c) শিলাবতী (d) অজয়

101. ভারতীয় সংবিধানের কত নম্বর অনুচ্ছেদে 'অস্পৃশ্যতা দূরীকরণ' সম্পর্কে বলা হয়েছে?
(a) 14 নম্বর অনুচ্ছেদে (b) 15 নম্বর অনুচ্ছেদে (c) 17 নম্বর অনুচ্ছেদে (d) 18 নম্বর অনুচ্ছেদে

102. ভারতের রাষ্ট্রপতি কার দ্বারা নির্বাচিত হন?
(a) লোকসভার সদস্যদের দ্বারা (b) সাধারণ মানুষের সরাসরি ভোটে (c) একটি নির্বাচক মণ্ডলী দ্বারা (d) প্রধান বিচারপতির দ্বারা

103. ভারতীয় সংবিধানের 'অভিভাবক' কাকে বলা হয়?
(a) রাষ্ট্রপতি (b) প্রধানমন্ত্রী (c) সুপ্রিম কোর্ট (d) সংসদ

104. অর্থ বিল (Money Bill) কেবলমাত্র কোথায় পেশ করা যায়?
(a) লোকসভায় (b) রাজ্যসভায় (c) সংসদের যৌথ অধিবেশনে (d) সুপ্রিম কোর্টে

105. রাজ্যসভার সদস্যদের কার্যকালের মেয়াদ কত বছর?
(a) 4 বছর (b) 5 বছর (c) 6 বছর (d) স্থায়ী কক্ষ, মেয়াদ নেই

106. পঞ্চায়েতি রাজ ব্যবস্থা প্রথম কোন রাজ্যে প্রবর্তিত হয়?
(a) পশ্চিমবঙ্গ (b) রাজস্থান (c) অন্ধ্রপ্রদেশ (d) গুজরাট

107. সম্পত্তির অধিকার বর্তমানে কী ধরনের অধিকার?
(a) মৌলিক অধিকার (b) আইনি অধিকার (c) সামাজিক অধিকার (d) রাজনৈতিক অধিকার

108. ভারতের সংবিধানের প্রস্তাবনায় কততম সংশোধনীর মাধ্যমে 'সমাজতান্ত্রিক' ও 'ধর্মনিরপেক্ষ' শব্দ দু'টি যুক্ত করা হয়?
(a) 44তম (b) 42তম (c) 73তম (d) 86তম

109. ভারতের সুপ্রিম কোর্টের বিচারকদের কে নিযুক্ত করেন?
(a) প্রধানমন্ত্রী (b) রাষ্ট্রপতি (c) উপ-রাষ্ট্রপতি (d) লোকসভার স্পিকার

110. মৌলিক কর্তব্য ভারতীয় সংবিধানের কোন অংশে বর্ণিত আছে?
(a) অংশ III (b) অংশ IV (c) অংশ IV-A (d) অংশ V

111. ভারতে 'জাতীয় জরুরি অবস্থা' জারি করার ক্ষমতা কার আছে?
(a) প্রধানমন্ত্রী (b) রাষ্ট্রপতি (c) লোকসভার স্পিকার (d) সুপ্রিম কোর্ট

112. নীতি আয়োগ কত সালে গঠিত হয়?
(a) 1 জানুয়ারি, 2015 (b) 1 জানুয়ারি, 2014 (c) 15 অগস্ট, 2015 (d) 1 এপ্রিল, 2015

113. ভারতের কেন্দ্রীয় ব্যাঙ্কের নাম কী?
(a) স্টেট ব্যাঙ্ক অফ ইন্ডিয়া (b) রিজার্ভ ব্যাঙ্ক অফ ইন্ডিয়া (c) সেন্ট্রাল ব্যাঙ্ক অফ ইন্ডিয়া (d) নাবার্ড

114. ভারতে পঞ্চবার্ষিকী পরিকল্পনার ধারণাটি কোন দেশ থেকে নেওয়া হয়েছিল?
(a) আমেরিকা (b) গ্রেট ব্রিটেন (c) তৎকালীন সোভিয়েত ইউনিয়ন (d) জার্মানি

115. GST (পণ্য ও পরিষেবা কর) ভারতে কত তারিখ থেকে চালু হয়?
(a) 1 এপ্রিল, 2017 (b) 1 জুলাই, 2017 (c) 1 জানুয়ারি, 2018 (d) 15 অগস্ট, 2017

*এরপর দশের পাতায়*

# নার্সিংয়ের সার্টিফিকেট ও ডিপ্লোমা

### এ এন এম, জি এন এম-এর প্রবেশিকার নমুনা প্রশ্নোত্তর

1. নীচের কোন পদ্ধতিতে গ্যামেটের মিলন ছাড়াই ভ্রূণ উৎপন্ন হয়?
(a) সিনগ্যামি (b) আইসোগ্যামি (c) অ্যাপোগ্যামি (d) অ্যাপোস্পোরি

2. ডায়াটমের কোষপ্রাচীরে থাকে:
(a) লিগনিন (b) কার্বনেট (c) ক্যালসিয়াম (d) সিলিকা

3. ব্যাক্টেরিয়ার আবিষ্কর্তা কে?
(a) লুই পাস্তুর (b) এ ভি লিউওয়েন হুক (c) রবার্ট কচ (d) বরার্ট হুক

4. নীচের কোন প্রকার জলে ব্যাক্টেরিয়া লক্ষ্য করা যায় না?
(a) বৃষ্টির জল (b) সামুদ্রিক জল (c) জলের উষ্ণ প্রস্রবন (d) গভীর কূপের জল

5. PPLO হল:
(a) ভাইরয়েড (b) ভাইরাস (c) মাইকোপ্লাজমা (d) ব্যাক্টেরিয়া

6. ব্যাকটেরিয়ার কোষে কোন প্রকার কোষ বিভাজন লক্ষ্য করা যায়?
(a) মাইটোসিস (b) মিয়োসিস (c) অ্যামাইটোসিস (d) কোনওটিই নয়

7. নীচের কোনটিকে গভীর সমুদ্রে পাওয়া যায়?
(a) মৃতজীবী ছত্রাক (b) নীলাভ সবুজ শৈবাল (c) অর্কি ব্যাক্টেরিয়া (d) ইউব্যাক্টেরিয়া

8. প্রাথমিক অবস্থায় মানব ভ্রূণে উপস্থিত:
(a) ভ্রূ (b) গলবিলীয় ফুলকাছিদ্র (c) ফুলকা (d) কর্ণছত্র

9. প্যাপিলারি পেশি দেখা যায়:
(a) অলিন্দে (b) অলিন্দ-নিলয় কপাটিকাতে (c) নিলয়ে (d) পালমোনারি ভালভে

10. নীচের কোনটি হাইপারটেনশন নির্দেশ করে?
(a) 120/85 (b) 110/70 (c) 140/100 (d) 90/60

11. নীচের কোনটি জানার জন্য ECG study করা হয়?
(a) লাং এর এলমেন্ট (b) কিডনির ডিফেক্ট (c) হার্টের প্রবলেম (d) ব্রেনের ডিফেক্ট

12. দেহের middle man হল:
(a) রক্তরস (b) RBC (c) WBC (d) লসিকা

13. রক্ততঞ্চনকালে অনুচক্রিকাগুলি থেকে নির্গত হয়:
(a) ফাইব্রিনোজেন (b) থ্রম্বোপ্লাস্টিন (c) প্রোথ্রমবিন (d) থ্রমবিন

14. নীচের কোন কোষটি গোলাকার এবং দ্বি-অবতল?
(a) শ্বেত রক্ত কোষ (b) স্নায়ু কোষ (c) লোহিত রক্ত কোষ (d) মেসোফিল কোষ

15. গ্লাইকোসুরিয়া কী?
(a) মূত্রে স্বল্প পরিমাণ ফ্যাট (b) মূত্রে স্বল্প পরিমাণ সুগার (c) মূত্রে গড় পরিমাণ কার্বোহাইড্রেট (d) মূত্রে অত্যধিক পরিমাণ সুগার

16. রক্তে গ্লুকোজের স্বাভাবিক মাত্রা হল:
(a) 100 গ্রাম/লিটার (10)% (b) 0.1 গ্রাম/লিটার (0.01) (c) 1 গ্রাম/লিটার (0.1)% (d) 10 গ্রাম/লিটার (1)%

17. রক্তরসে উপস্থিত মুখ্য ক্যাটায়নটি হল:
(a) $Ca^{2+}$ (b) $K^{+}$ (c) $Na^{+}$ (d) $Mg^{2+}$

18. প্রতি মিনিটে মস্তিষ্কে যে পরিমাণ রক্ত গৃহীত হয় তার পরিমাণ হল:
(a) 1000 ml (b) 450 ml (c) 750 ml (d) 2500 ml

19. হৃৎপিণ্ডের সঙ্গে সংযুক্ত স্নায়ুর নাম কী?
(a) ভেগাস (b) ট্রকলিয়ার (c) অকিউলোমিটার (d) ট্রাইজেমিনাল

20. স্তন্যপায়ী প্রাণীদের বৃহত্তম রক্তকণিকাটি হল:
(a) বেসোফিল (b) লিম্ফোসাইট (c) মনোসাইট (d) এরিথ্রোসাইট

21. সর্বজনীন দাতা রক্তশ্রেণি কোনটি?
(a) A (b) AB (c) B (d) O

22. Rh ফ্যাক্টর কে আবিষ্কার করেন?
(a) ওয়াটসন (b) হার্ভে (c) ল্যান্ডস্টেইনার (d) উইনার

23. হৃৎপিণ্ডের আবরণীকে কী বলে?
(a) পেরিটোনিয়াম (b) পেরিকার্ডিয়াম (c) ভিসেরাল পর্দা (d) করোনারি সাইনাস

24. অ্যান্টিসিরামের উপাদান হল:
(a) অ্যান্টিবডি (b) লিউকোসাইট (c) অ্যান্টিজেন (d) a, b, c কোনওটিই নয়

25. অ্যালার্জিতে কোন শ্বেতকণিকার সংখ্যা বাড়ে?
(a) ইওসিনোফিল (b) মনোসাইট (c) নিউট্রোফিল (d) বেসোফিল

26. প্রাণীদেহে রক্তসংবহন আবিষ্কার করেন:
(a) ডারউইন (b) হার্ভে (c) অ্যারিস্টটল (d) মেলয়

27. কোন শ্বেতকণিকা হিস্টামিন ক্ষরণ করে?
(a) বেসোফিল (b) মনোসাইট (c) নিউট্রোফিল (d) ইওসিনোফিল

28. নীচের কোনটি শ্বেতরক্ত কণিকা নয়?
(a) লিম্ফোসাইট (b) থ্রম্বোসাইট (c) মনোসাইট (d) বেসোফিল

29. লসিকা দেখতে বর্ণহীন কারণ:
(a) WBC থাকে (b) WBC থাকে না (c) RBC থাকে না (d) হিমোগ্লোবিন থাকে না

30. কোন ভিটামিন রক্ততঞ্চনে সাহায্য করে?
(a) ভিটামিন A (b) ভিটামিন C (c) ভিটামিন K (d) ভিটামিন E

31. নীচের কোন কোষটি গোলাকার এবং দ্বিঅবতল?
(a) স্নায়ু কোষ (b) শ্বেত রক্তকোষ (c) লোহিত রক্তকোষ (d) মেসোফিল কোষ

32. মানবদেহে হিজের বান্ডিল দেখা যায় নীচের কোন অঙ্গে?
(a) হৃৎপিণ্ডে (b) বৃক্কে (c) মস্তিষ্কে (d) অগ্ন্যাশয়ে

33. হিস্টামিন, সেরোটোনিন এবং হেপারিন ক্ষরিত হয় ——— থেকে।
(a) ইওসিনোফিল (b) মনোসাইট (c) বেসোফিল (d) নিউট্রোফিল

34. মানবদেহের কোন কোষে মাইটোকনড্রিয়া থাকে না?
(a) লোহিত রক্ত কণিকা (b) স্নায়ুকোষ (c) যকৃৎ কোষ (d) শ্বেতরক্ত কোষ

*এরপর দশের পাতায়*

# চাকরির পরীক্ষায় কর্মক্ষেত্র কোচিং

## নার্সিংয়ের সার্টিফিকেট ও ডিপ্লোমা

### এ এন এম, জি এন এম-এর প্রবেশিকার নমুনা প্রশ্নোত্তর

*নয়ের পাতার পর*

35. একটি হৃৎচক্রে প্রতিটি নিলয় যত পরিমাণ রক্ত সংবহণ করে, তা হল:
(a) 70 ml (b) 100 ml (c) 500 ml (d) 1200 ml

36. লসিকা কলা হল:
(a) থাইমাস (b) টনসিল (c) লিম্ফনোড (d) সবক'টিই

37. এদের মধ্যে কোনটির গ্রহণে যকৃতের সিরোসিস রোগটি হয়ে থাকে?
(a) অ্যালকোহল (b) ওপিয়াম (c) কোকেইন (d) টোবাকো (চর্বন)

38. মানবিক অস্থিরতা এবং অতিরিক্ত মশলাযুক্ত খাদ্যগ্রহণ একজন স্বাভাবিক মানুষের ক্ষেত্রে যে অবস্থার সৃষ্টি করে, তা হল:
(a) বমি (b) জন্ডিস (c) ডায়ারিয়া (d) বদহজম/ইনডাইজেশন

39. প্রতিটি চোয়ালে বিভিন্ন প্রকার দাঁতের সংখ্যা হল:
(a) 4, 4, 2, 6 (b) 4, 2, 4, 6 (c) 6, 4, 2, 4 (d) 2, 4, 4, 6

40. নীচের কোন ভিটামিন জলে দ্রবীভূত হতে পারে ও অ্যান্টিঅক্সিডেন্ট হিসাবেও কাজ করে?
(a) ভিটামিন C (b) ভিটামিন A (c) ভিটামিন E (d) ভিটামিন D

41. ক্রোনোমিটার দ্বারা কী নির্ভুলভাবে মাপা হয়?
(a) সরণ C (b) ত্বরণ A (c) সময় (d) ওজন

42. এককহীন ভৌতরাশি কোনটি?
(a) আয়তন (b) ভার (c) ঘনত্ব (d) দ্রাব্যতা

43. 1 ফেমটোমিটার = কত মিটার?
(a) $10^{-9}$ (b) $10^{-15}$ (c) $10^{-12}$ (d) $10^{-18}$

44. উপগ্রহ উৎক্ষেপণকালে নির্ভুলভাবে সময় দেখা হয় কোন ঘড়ির সাহায্যে?
(a) মেট্রোনোম (b) স্টপওয়াচ (c) স্পিডোমিটার (d) মাইক্রোমিটার

45. সূর্যের মহাকর্ষবল পৃথিবীর কত গুণ?
(a) 6 (b) 9 (c) 27 (d) 36

46. ওষুধের ক্যাপসুল প্রস্তুত করা হয় কোন প্লাস্টিক দিয়ে?
(a) PVC (b) PHB (c) পলিথিন (d) অরলন

47. প্রাইমারি সোনার বিশুদ্ধতা হল:
(a) 22 ক্যারেট (b) 24 ক্যারেট (c) 26 ক্যারেট (d) 38 ক্যারেট

48. LPG-এর প্রধান উপাদান কী?
(a) মিথেন (b) বিউটেন (c) আর্গন (d) প্রপেন

49. সোডামাইডের সংকেত কী?
(a) $NaNH_2$ (b) 2NaH (c) $HNO_3$ (d) NaNH

50. আলোকের গতিবেগ কত?
(a) $3 \times 10^{10}$ cm/sec (b) $3 \times 20^{10}$ cm/sec (c) $5 \times 10^{20}$ cm/sec (d) $5 \times 100^{10}$ cm/sec

51. একটি প্রথম অ্যামিনো অ্যাসিডের নাম লিখুন:
(a) ইউরিয়া (b) হাইড্রোকার্বন (c) অ্যামোনিয়া সালফেট (d) গ্লাইসিন

52. সারা পৃথিবী জুড়ে উষ্ণতার ক্রমবর্ধমান অবস্থাকে কী বলে?
(a) গ্লোবাল হিটিং (b) গ্লোবাল চার্মিং (c) গ্লোবাল ওয়ার্মিং (d) গ্লোবাল সার্ভিং

53. মিউরিয়েটিক অ্যাসিডের সংকেত লিখুন:
(a) $H_2SO_3$ (b) HCl (c) $H_2S$ (d) $H_2SO_4$

54. পর্যায় সূত্র কোন বিজ্ঞানী প্রকাশ করেন?
(a) নিউটন (b) মেন্ডেল (c) রাদারফোর্ড (d) মেন্ডেলিফ

55. সবচেয়ে হালকা ধাতুটির নাম লিখুন:
(a) অক্সিজেন (b) লিথিয়াম (c) নাইট্রোজেন (d) হাইড্রোজেন

56. একটি বস্তুর বেগ 4 গুণ করা হলে গতিশক্তির পরিবর্তন হবে:
(a) 4 গুণ (b) 8 গুণ (c) 16 গুণ (d) একই থাকবে

57. সাধারণ তুলাযন্ত্রের বাহুর দৈর্ঘ্য অসম হলে, যদি $m_1$ ও $m_2$ যথাক্রমে বাম ও ডান তুলাপাত্রের বাটখারার ভর হয় তবে বস্তুর প্রকৃত ভর m = ——
(a) $\sqrt{2m_1m_2}$ (b) $\sqrt{m_1m_2}$ (c) $m_1\sqrt{m_2}$ (d) $2m_1\sqrt{m_2}$

58. লাউড স্পিকারে কথা বলার সময় শব্দশক্তি কোন শক্তিতে রূপান্তরিত হয়?
(a) যান্ত্রিক শক্তিতে (b) শব্দ শক্তিতে (c) তাপ শক্তিতে (d) তড়িৎ শক্তিতে

59. ফুটন্ত জলের উপর ভাসমান পাত্রের জল:
(a) কখনওই ফোটে না (b) ফোটে (c) স্টিম চালনা করলে ফোটে (d) কোনওটিই নয়

60. 0° C উষ্ণতায় 12 গ্রাম বরফকে গলিয়ে জলে পরিণত করতে প্রয়োজনীয় তাপ:
(a) 988 Cal (b) 980 Cal (c) 960 Cal (d) 940 Cal

**Directions (61 to 65):** *Choose the word opposite in meaning in the given word.*

61. Horrible
(a) Normal (b) Sensible (c) Fearful (d) Pleasant

62. Revenge
(a) Disclosure (b) Separation (c) Recompense (d) Forgiveness

63. Manage
(a) Wild (b) Bungle (c) Avil (d) Direct

64. Hardened
(a) Novice (b) Kind (c) Softened (d) Friendly

65. Important
(a) Valuable (b) Trivial (c) Valuable (d) Significant

**Directions (66 to 68):** *Choose the word which can be substituted of the given sentence.*

66. A Person without manners or polish.
(a) Barbarian (b) Boorish (c) Naive (d) Rustic

67. One who cannot die.
(a) Timeless (b) Perpetual (c) Immortal (d) Stable

68. A child of unusual or remarkable talent.
(a) Prodigy (b) Fraud (c) Freak (d) Marvel

**Directions (69 to 72):** *Choose the appropriate word to fill in the blanks.*

69. The bag was so ____ that he could ____ carry it.
(a) heavy, hardly (b) full, seldom (c) bulky, never (d) shabby, not

70. His ____ of work is the result of his ____ .
(a) negligence, honesty (b) diligence, sincerity (c) concentration, negligence (d) explore, cherished

71. If public sector units ____ to attain profit, they should get rid of _____ measures.
(a) fail, healthy (b) determine, cheap (c) decide, populist (d) expect, strong

72. I hope I can ____ my uncle to lend me his car for the weekend.
(a) order (b) persuade (c) exploit (d) authorise

**Directions (73 to 75):** *Choose the word which best expresses the same meaning of the given word.*

73. Terrific
(a) Tragic (b) Excellent (c) Big (d) Terrible

74. Sycophant
(a) Admirer (b) Follower (c) Flatterer (d) Spporter

75. Reciprocate
(a) Deliver (b) Receive (c) Grant (d) Interchange

76. যদি বৃত্তের পরিধি 88 সেমি হয় তবে বৃত্তের আয়তন নির্ণয় করুন:
(a) 49 বর্গসেমি (b) 154 বর্গসেমি (c) 98 বর্গসেমি (d) 616 বর্গসেমি

77. $\frac{2}{5} \times \frac{?}{22} \times \frac{11}{20} = 0.15$
(a) 13 (b) 14 (c) 15 (d) 16

78. দুই ব্যক্তির বয়সের অনুপাত 4 : 7। একজনের বয়স অন্যজনের চেয়ে 36 বছর বেশি। তাদের বয়সের যোগফল নির্ণয় করুন:
(a) 132 বছর (b) 130 বছর (c) 128 বছর (d) 126 বছর

79. একজন বালক 10 মিনিটে 3000 মিটার যায়। তার গতিবেগ (কিমি/ঘণ্টা) নির্ণয় করুন:
(a) 15 (b) 16 (c) 17 (d) 18

80. $\frac{0.625 \times 0.0729 \times 28.9}{.0081 \times 0.025 \times 1.7} = ?$
(a) 3826 (b) 2825 (c) 3824 (d) 3820

81. 1 থেকে 16 পর্যন্ত যতগুলি মৌলিক সংখ্যা আছে তাদের যোগফল নির্ণয় করুন:
(a) 41 (b) 40 (c) 39 (d) 38

82. 45% of 165 is 55% of x তাহলে x = ?
(a) 135 (b) 134 (c) 132 (d) 130

83. $3 \times 16^{3/4} = ?$
(a) 22 (b) 24 (c) 25 (d) 26

84. যদি $\frac{x}{x+1} = \frac{4}{5}$ হয় তাহলে x-এর মান কত?
(a) 4 (b) 5 (c) 6 (d) 7

85. কোনও মূলধন শতকরা 10 টাকা হারে সরল সুদে কত বছরে দ্বিগুণ হবে?
(a) 7 বছর (b) 8 বছর (c) 9 বছর (d) 10 বছর

86. ভারতে রেললাইন প্রথম কবে স্থাপিত হয়েছিল?
(a) 1852 (b) 1853 (c) 1854 (d) 1855

87. 'ভারতের নেপোলিয়ন' কাকে বলা হত?
(a) হর্ষবর্ধন (b) চন্দ্রগুপ্ত (c) অশোক (d) সমুদ্রগুপ্ত

88. গুপ্তযুগের মুদ্রা কী নামে পরিচিত?
(a) কর্ণপান (b) দিনারা (c) রূপক (d) পান

89. 'ভূত পত্রীর দেশ' নামক বইটি কে লিখেছেন?
(a) রবীন্দ্রনাথ ঠাকুর (b) সুকুমার রায় (c) দ্বিজেন্দ্রলাল রায় (d) মহাত্মা গান্ধী

90. 'রূপসী রাত্রি' কার রচনা?
(a) অবনীন্দ্রনাথ ঠাকুর (b) মির্জা গালিব (c) অচিন্ত্য কুমার সেনগুপ্ত (d) দ্বিজেন্দ্রলাল রায়

91. কত সালে সতীদাহ প্রথা নিষিদ্ধ হয়েছিল?
(a) 1829 সালে (b) 1827 সালে (c) 1825 সালে (d) 1824 সালে

92. 'দো বিঘা জমিন' ছবিটির পরিচালক কে ছিলেন?
(a) রাজকাপুর (b) বিমল রায় (c) শেখর কপুর (d) ঋত্বিক ঘটক

93. আফ্রিকা মহাদেশের সর্বনিম্ন বিন্দু কোনটি?
(a) ডেড সী (b) ডেথ ভ্যালি (c) লেক আয়ার (d) লেক আসাই

94. সারাবতী জলবিদ্যুৎ প্রকল্প কোন রাজ্যে অবস্থিত?
(a) ওড়িশা (b) তামিলনাড়ু (c) কর্নাটক (d) অন্ধ্রপ্রদেশ

95. 'আন্তর্জাতিক ধরিত্রী দিবস' কোন দিনে পালিত হয়?
(a) 22 এপ্রিল (b) 18 জুন (c) 17 মার্চ (d) 16 মে

নির্দেশ (96 ও 97): *শূন্যস্থান পূরণ করুন।*

96.

| | | |
|---|---|---|
| 8 | 12 | 18 |
| 20 | 30 | ? |

(a) 42 (b) 43 (c) 44 (d) 45

## ডব্লু বি সি এস প্রিলিমিনারি

### পরীক্ষার নমুনা প্রশ্নোত্তর

*নয়ের পাতার পর*

116. 'মিশ্র অর্থনীতি' বলতে কী বোঝায়?
(a) কৃষিকাজ ও শিল্পের সহাবস্থান (b) সরকারি ও বেসরকারি ক্ষেত্রের সহাবস্থান (c) আমদানি ও রপ্তানির ভারসাম্য (d) ছোট ও বড় শিল্পের মিশ্রণ

117. ভারতে মুদ্রাস্ফীতি পরিমাপের প্রধান সূচক কোনটি?
(a) GDP (b) GNP (c) Consumer Price Index (CPI) (d) Sensex

118. কোন সংস্থাকে ভারতের 'লেন্ডার অফ লাস্ট রিসোর্ট' বলা হয়?
(a) SBI (b) RBI (c) LIC (d) IDBI

119. সবুজ বিপ্লব ভারতে প্রথম কোন ফসলের ওপর সর্বাধিক প্রভাব ফেলেছিল?
(a) ধান (b) গম (c) ডাল (d) তৈলবীজ

#### উত্তর

58(b), 59(b), 60(b), 61(a), 62(b), 63(b) 64(b), 65(b), 66(b), 67(c), 68(b), 69(a), 70(b), 71(b), 72(b), 73(b), 74(b), 75(b), 76(b), 77(d), 78(b), 79(c), 80(b), 81(b), 82(b), 83(a), 84(c), 85(c), 86(b), 87(b), 88(b), 89(b), 90(c), 91(b), 92(a), 93(b), 94(c), 95(a), 96(b), 97(b), 98(b), 99(b), 100(b), 101(c), 102(c), 103(c), 104(a), 105(c), 106(b), 107(b), 108(b), 109(b), 110(c), 111(b), 112(a), 113(b), 114(c), 115(b), 116(b), 117(c), 118(b), 119(b).

এরপর আগামী সংখ্যায়

97.

| | | |
|---|---|---|
| 216 | 343 | ? |
| 2 | 6 | 2 |
| 4 | 1 | 3 |

(a) 125 (b) 124 (c) 123 (d) 122

নির্দেশ (98 to 100): *প্রশ্নবোধক স্থানে কোন সংখ্যাটি বসবে?*

98. 7, 12, 19, 28, 39, ?
(a) 49 (b) 50 (c) 52 (d) 57

99. 11, 23, 48, 99, ?, 409
(a) 200 (b) 201 (c) 202 (d) 203

100. 2, 4, 6, 10, 16, 26, 42, ?
(a) 68 (b) 69 (c) 70 (d) 74

#### উত্তর

1(c), 2(d), 3(b), 4(a), 5(c), 6(c), 7(d), 8(b), 9(c), 10(c), 11(c), 12(d), 13(b), 14(c), 15(d), 16(c), 17(a), 18(c), 19(a), 20(c), 21(d), 22(c), 23(b), 24(a), 25(d), 26(b), 27(d), 28(b), 29(c), 30(c), 31(c), 32(a), 33(c), 34(a), 35(a), 36(d), 37(a), 38(d), 39(b), 40(a), 41(c), 42(d), 43(b), 44(a), 45(c), 46(d), 47(b), 48(b), 49(a), 50(a), 51(d), 52(c), 53(b), 54(d), 55(b), 56(c), 57(b), 58(d), 59(a), 60(c), 61(d), 62(d), 63(b), 64(c), 65(b), 66(d), 67(c), 68(a), 69(a), 70(b), 71(c), 72(b), 73(d), 74(c), 75(d), 76(d), 77(c), 78(a), 79(d), 80(b), 81(a), 82(a), 83(b), 84(a), 85(d), 86(b), 87(d), 88(c), 89(b), 90(c), 91(a), 92(b), 93(d), 94(c), 95(a), 96(d), 97(a), 98(c), 99(c), 100(a).

#### সমাধান

60(c): এক গ্রামে প্রয়োজনীয় তাপ = 80 ক্যালোরি
12 গ্রামে প্রয়োজনীয় তাপ = 80 × 12 = 960 Cal.

76(d): ধরা যাক, বৃত্তের ব্যাসার্ধ = r
$\Rightarrow 2\pi r = 88 \Rightarrow 2 \times \frac{22}{7} r = 88 \Rightarrow r = \frac{88 \times 7}{44} = 14 \Rightarrow r = 14$ সেমি
বৃত্তের আয়তন $= \pi r^2 = \frac{22}{7} \times 14 \times 14 = 616$ বর্গসেমি।

77(c): $\frac{2}{5} \times \frac{?}{22} \times \frac{11}{20} = 0.15 \Rightarrow \frac{?}{20 \times 5} = 0.15 \Rightarrow \frac{?}{100} = 0.15$
$\Rightarrow ? = 0.15 \times 100 = 15.$

78(a): $7x - 4x = 36$ বা, $3x = 36$ বা, $x = 12$
$\therefore 7x + 4x = 11x = 11 \times 12 = 132$ বছর।

79(d): বেগ হল $= \left(\frac{3000 \times 60}{10 \times 1000}\right)$ কিমি/ঘণ্টা = 18 কিমি/ঘণ্টা।

80(b): $\frac{.625 \times 0.0729 \times 28.9}{.0081 \times 0.25 \times 1.7} = \frac{625 \times 729 \times 289}{81 \times 25 \times 17} = 25 \times 9 \times 17 = 3825.$

81(a): যোগফল $= 2 + 3 + 5 + 7 + 11 + 13 = 41.$

82(a): 165 এর 45% = x এর 55%
বা, $\frac{x}{165} = \frac{45}{55}$ বা, $x = \frac{165 \times 45}{55} = 135.$

83(b): $3 \times (16)^{3/4} = 3 \times (2^4)^{3/4} = 3 \times 2^3 = 24.$

84(a): $\frac{x}{x+1} = \frac{4}{5} \Rightarrow 5x = 4x + 4 \Rightarrow x = 4.$

85(d): $\frac{100}{10}$ বছর = 10 বছর।

96(d): $8 \times 2.5 = 20$, $12 \times 2.5 = 30$, একইভাবে, $18 \times 2.5 = 45.$

97(a): $(4 + 2)^3 = 216$, $(6 + 1)^3 = 343$, একইভাবে, $? = (3 + 2)^3 = 125.$

98(c): $7 \xrightarrow{+5} 12 \xrightarrow{+7} 19 \xrightarrow{+9} 28 \xrightarrow{+11} 39 \xrightarrow{+13} 52.$

99(c): $11 \times 2 + 1 = 23$, $23 \times 2 + 2 = 48$, $48 \times 2 + 3 = 99$
$99 \times 2 + 4 = 202$, $202 \times 2 + 5 = 409.$

100(a): $2 + 4 = 6$, $4 + 6 = 10$, $6 + 10 = 16$, $10 + 16 = 26$
$16 + 26 = 42 \therefore ? = 26 + 42 = 68.$

প্রস্তুত করেছেন: সাগর রায়

## ভারতীয় নৌবাহিনীতে
# টেকনিক্যাল অফিসার

টেকনিক্যাল শাখায় অফিসার পদে ৬০ জনকে নিয়োগ করবে ভারতীয় নৌবাহিনী। ট্রেনিং দিয়ে নিয়োগ করা হবে ১০+২ (বি টেক) ক্যাডেট এন্ট্রি স্কিমের মাধ্যমে, পার্মানেন্ট কমিশনে। কোর্স শুরু হবে ২০২৭-এর জানুয়ারি থেকে। মহিলা ও পুরুষ উভয়ই আবেদন করতে পারবেন। প্রার্থীকে অবশ্যই অবিবাহিত হতে হবে।

**শূন্যপদের বিন্যাস:** ৬০টি (মেকানিক্যাল শাখা ৩০টি, ইলেক্ট্রনিক্স অ্যান্ড কমিউনিকেশন ইঞ্জিনিয়ারিং ৩০টি)। এর মধ্যে মেকানিক্যাল শাখায় ৪টি এবং ইলেক্ট্রনিক্স অ্যান্ড কমিউনিকেশন ইঞ্জিনিয়ারিং শাখায় ৪টি পদ মহিলাদের জন্য সংরক্ষিত থাকবে।

**শিক্ষাগত যোগ্যতা:** ফিজিক্স, কেমিস্ট্রি ও অঙ্কে মোট অন্তত ৭০ শতাংশ নম্বর-সহ উচ্চ মাধ্যমিক বা সমতুল পাশ। পাশাপাশি, মাধ্যমিক অথবা উচ্চ মাধ্যমিকে ইংরেজিতে অন্তত ৫০ শতাংশ নম্বর থাকতে হবে। সেই সঙ্গে বি ই বা বি টেক পড়ার জন্য ২০২৬-এর সর্বভারতীয় জয়েন্ট এন্ট্রান্স এক্সামিনেশনে (মেন) প্রার্থীকে র‌্যাঙ্ক করে থাকতে হবে।

**জন্মতারিখ:** ২-৭-২০০৭ থেকে ১-১-২০১০-এর মধ্যে হতে হবে।

প্রার্থী বাছাই করা হবে সার্ভিস সিলেকশন বোর্ডের দু'পর্যায়ের ইন্টারভিউয়ের মাধ্যমে। ২০২৬-এর জয়েন্ট এন্ট্রান্স এক্সামিনেশন (মেন) পরীক্ষায় অল ইন্ডিয়া র‌্যাঙ্কের ভিত্তিতে বাছাই করা প্রার্থীদের প্রাথমিক তালিকা প্রস্তুত করা হবে। তালিকাভুক্ত প্রার্থীদের ইন্টারভিউ হবে কলকাতা বা ভোপাল বা বিশাখাপত্তনম বা ব্যাঙ্গালোরে, সেপ্টেম্বর মাসে। ইন্টারভিউ চলবে ৪ দিন ধরে। ইন্টারভিউয়ের প্রথম পর্যায়ে ইন্টেলিজেন্স টেস্ট, পিকচার পারসেপশন টেস্ট এবং গ্রুপ ডিসকাশন হবে। এই পরীক্ষায় ব্যর্থ হলে সেদিনই প্রার্থীকে ফেরত পাঠিয়ে দেওয়া হবে। সফল হলে দ্বিতীয় ধাপের পরীক্ষায় থাকবে সাইকোলজিক্যাল টেস্ট, গ্রুপ টেস্টিং ও ইন্টারভিউ। সবশেষে মেডিক্যাল এক্সামিনেশন হবে। প্রথম বার পরীক্ষা দিতে গেলে রেলের এসি থ্রি-টিয়ারের ভাড়া পাবেন প্রার্থী।

চূড়ান্ত সফল প্রার্থীদের কেরলের এঝিমালা ন্যাভাল অ্যাকাডেমিতে ইলেক্ট্রনিক্স অ্যান্ড কমিউনিকেশন ইঞ্জিনিয়ারিং বা মেকানিক্যাল ইঞ্জিনিয়ারিং বা ন্যাভাল আর্কিটেকচার অ্যান্ড শিপবিল্ডিংয়ে ৪ বছরের বি টেক কোর্স করতে পাঠানো হবে। কোর্সের শেষে জওহরলাল নেহরু বিশ্ববিদ্যালয় থেকে বি টেক ডিগ্রি পাবেন। প্রশিক্ষণের সমস্ত ব্যয়ভার বহন করবে নৌবাহিনী।

অনলাইন রেজিস্ট্রেশন করতে হবে এই ওয়েবসাইটের মাধ্যমে: www.joinindiannavy.gov.in প্রার্থীর চালু ই-মেল আইডি ও মোবাইল নম্বর থাকতে হবে। রেজিস্ট্রেশন করা যাবে ২৯ মে থেকে ১৮ জুন পর্যন্ত। মনে রাখবেন, অনলাইন দরখাস্ত পূরণ করার সময় প্রার্থীর স্ক্যান করা পাসপোর্ট মাপের রঙিন ফটো-সহ বয়স ও শিক্ষাগত যোগ্যতার যাবতীয় প্রয়োজনীয় নথিপত্র আপলোড করতে হবে। যথাযথ ভাবে অনলাইন দরখাস্ত পূরণ করে সাবমিট করুন। সাবমিটের পর পূরণ করা দরখাস্তের এক কপি প্রিন্ট আউট নিয়ে নেবেন। এটি কোথাও পাঠাতে হবে না। নিজের কাছে রাখবেন। প্রিন্ট আউট-সহ যাবতীয় মূল নথিপত্র ইন্টারভিউয়ের সময় সঙ্গে রাখবেন।

দৈহিক মাপজোক এবং দৃষ্টিশক্তি-সংক্রান্ত তথ্য-সহ খুঁটিনাটি জানতে দেখুন উপরোক্ত ওয়েবসাইট।

# ভারত ইলেক্ট্রনিক্সে ইঞ্জিনিয়ার

ফিল্ড অপারেশন ইঞ্জিনিয়ার ও প্রোজেক্ট ইঞ্জিনিয়ার-১ পদে ৫৬ জনকে নেবে ভারত ইলেক্ট্রনিক্স লিমিটেড। ৩ বছরের চুক্তিতে নিয়োগ করা হবে পঞ্জাব, উত্তরপ্রদেশ, মধ্যপ্রদেশ ও দিল্লিতে। সংস্থার প্রয়োজন অনুসারে চুক্তির মেয়াদ ফিল্ড অপারেশন ইঞ্জিনিয়ারের ক্ষেত্রে ২ বছর এবং প্রোজেক্ট ইঞ্জিনিয়ারের ক্ষেত্রে ১ বছর বাড়ানো হতে পারে। এই নিয়োগের বিজ্ঞপ্তি নম্বর: 383/HR/HLS&SCB/2025-26

**শূন্যপদের বিবরণ: ফিল্ড অপারেশন ইঞ্জিনিয়ার:** ২৫টি (সাধারণ ১১, তফসিলি জাতি ৪, তফসিলি উপজাতি ২, ওবিসি ৬, আর্থিক ভাবে অনগ্রসর ২)। **শিক্ষাগত যোগ্যতা:** ইলেক্ট্রনিক্স বা ইলেক্ট্রনিক্স অ্যান্ড কমিউনিকেশন বা ইলেক্ট্রনিক্স অ্যান্ড টেলিকমিউনিকেশন বা টেলিকমিউনিকেশন বা কমিউনিকেশন বা মেকানিক্যাল বা ইলেক্ট্রিক্যাল বা ইলেক্ট্রিক্যাল অ্যান্ড ইলেক্ট্রনিক্স বা কম্পিউটার সায়েন্স বা কম্পিউটার সায়েন্স অ্যান্ড ইঞ্জিনিয়ারিং বা কম্পিউটার ইঞ্জিনিয়ারিং বা ইনফর্মেশন সায়েন্স বা ইনফর্মেশন টেকনোলজিতে বি ই বা বি টেক বা এম ই বা এম টেক বা ৪ বছরের বি এসসি ইঞ্জিনিয়ারিং ডিগ্রি। কম্পিউটার অ্যাপ্লিকেশনে স্নাতকোত্তর (এমসিএ) ডিগ্রি থাকলেও আবেদন করা যাবে। এর পাশাপাশি সংশ্লিষ্ট কাজে অন্তত ৫ বছরের অভিজ্ঞতা থাকতে হবে। **বয়স:** ১-৬-২০২৬ তারিখে ৪০ বছরের মধ্যে হতে হবে। **বেতন:** প্রতি মাসে ৬০, ০০০ টাকা, সঙ্গে অন্যান্য সুযোগ-সুবিধা।

**প্রোজেক্ট ইঞ্জিনিয়ার-১:** ৩১টি (সাধারণ ১২, তফসিলি জাতি ৫, তফসিলি উপজাতি ২, ওবিসি ৯, আর্থিক ভাবে অনগ্রসর ৩) **শিক্ষাগত যোগ্যতা:** ইলেক্ট্রনিক্স বা ইলেক্ট্রনিক্স অ্যান্ড কমিউনিকেশন বা ইলেক্ট্রনিক্স অ্যান্ড টেলিকমিউনিকেশন বা টেলিকমিউনিকেশন বা কমিউনিকেশন বা মেকানিক্যাল বা ইলেক্ট্রিক্যাল বা ইলেক্ট্রিক্যাল অ্যান্ড ইলেক্ট্রনিক্স বা কম্পিউটার সায়েন্স বা কম্পিউটার সায়েন্স অ্যান্ড ইঞ্জিনিয়ারিং বা কম্পিউটার ইঞ্জিনিয়ারিং বা ইনফর্মেশন সায়েন্স বা ইনফর্মেশন টেকনোলজিতে বি ই বা বি টেক বা ৪ বছরের বি এসসি ইঞ্জিনিয়ারিং ডিগ্রি। এর পাশাপাশি সংশ্লিষ্ট কাজে অন্তত ২ বছরের অভিজ্ঞতা থাকতে হবে। **বয়স:** ১-৬-২০২৬ তারিখে ৩২ বছরের মধ্যে হতে হবে। **বেতন:** প্রতি মাসে ৪০,০০০ টাকা, সঙ্গে অন্যান্য সুযোগ-সুবিধা।

প্রার্থী বাছাই করা হবে ওয়াক-ইন ইন্টারভিউয়ের মাধ্যমে।

অনলাইন দরখাস্ত করতে হবে এই ওয়েবসাইটের মাধ্যমে: www.bel-india.in প্রার্থীর চালু ই-মেল আইডি ও মোবাইল নম্বর থাকতে হবে। ওয়েবসাইটে গিয়ে কিউআর কোডের মাধ্যমে মাইক্রোসফট অফিস ফর্ম পূরণ করে সাবমিট করবেন। দরখাস্তের শেষ তারিখ ৮ জুন।

দরখাস্তের ফি বাবদ অনলাইনে এসবিআই কালেক্টের মাধ্যমে দিতে হবে ফিল্ড অপারেশন ইঞ্জিনিয়ার পদের ক্ষেত্রে ৪৫০ টাকা এবং প্রোজেক্ট ইঞ্জিনিয়ার-১ পদের ক্ষেত্রে ৪০০ টাকা। জিএসটি অতিরিক্ত। তফসিলি ও দৈহিক প্রতিবন্ধীদের ফি লাগবে না। ফি জমা দিয়ে পাওয়া রিসিটটি কম্পিউটারে সেভ করে রাখবেন, এটি আপলোড করতে হবে। রিসিটের এক কপি প্রিন্ট আউটও নিয়ে নেবেন।

ইন্টারভিউয়ের সময় সঙ্গে নিয়ে যাবেন, প্রার্থীর বয়স ও শিক্ষাগত যোগ্যতার যাবতীয় নথিপত্র, কাস্ট, ওবিসি, দৈহিক প্রতিবন্ধকতার সার্টিফিকেট, আর্থিক ভাবে অনগ্রসর প্রার্থীদের ক্ষেত্রে যথাযথ সার্টিফিকেট, কাজের অভিজ্ঞতার সার্টিফিকেট ও অন্যান্য প্রয়োজনীয় নথিপত্রের নকল, ফি জমা দেওয়ার রিসিট এবং সাবমিট করা দরখাস্তের এক কপি প্রিন্ট আউট। মূল নথিপত্রগুলিও সঙ্গে রাখবেন।

খুঁটিনাটি তথ্যের জন্য দেখুন উপরোক্ত ওয়েবসাইট।

# কেন্দ্রীয় সরকারে সিনিয়র অ্যাডমিনিস্ট্রেটিভ অফিসার, অ্যাসিস্ট্যান্ট মাইনিং ইঞ্জিনিয়ার

সিনিয়র অ্যাডমিনিস্ট্রেটিভ অফিসার গ্রেড-টু ও অ্যাসিস্ট্যান্ট মাইনিং অফিসার পদে ৩৩ জনকে নেবে কেন্দ্রীয় সরকার। নিয়োগ করা হবে যথাক্রমে প্রতিরক্ষা ও খনি মন্ত্রকে। প্রার্থী বাছাই করবে ইউনিয়ন পাবলিক সার্ভিস কমিশন। প্রবেশন সিনিয়র অ্যাডমিনিস্ট্রেটিভ অফিসার পদের ক্ষেত্রে ১ বছর ও অ্যাসিস্ট্যান্ট মাইনিং অফিসার পদের ক্ষেত্রে ২ বছরের। এই নিয়োগের বিজ্ঞপ্তি নম্বর: 04/2026.

**শূন্যপদের বিবরণ: ভ্যাকেন্সি নম্বর 26050408409: সিনিয়র অ্যাডমিনিস্ট্রেটিভ অফিসার গ্রেড-টু:** ২৯টি (সাধারণ ১১, তফসিলি জাতি ৪, তফসিলি উপজাতি ৩, ওবিসি ৮, আর্থিক ভাবে অনগ্রসর ৩। এর মধ্যে ১টি শূন্যপদ দৈহিক প্রতিবন্ধীর জন্য সংরক্ষিত থাকবে। **শিক্ষাগত যোগ্যতা:** যে-কোনও শাখায় স্নাতক। সেই সঙ্গে সংশ্লিষ্ট ক্ষেত্রে ৩ বছরের অভিজ্ঞতা থাকতে হবে। **বয়স:** ৩৫ বছরের মধ্যে হতে হবে। **বেতনক্রম:** সপ্তম বেতন কমিশনের লেভেল-১০ অনুসারে। নিয়োগ করা হবে প্রতিরক্ষা মন্ত্রকের অধীনস্থ ডিফেন্স রিসার্চ অ্যান্ড ডেভেলপমেন্ট অর্গানাইজেশনে।

**ভ্যাকেন্সি নম্বর 26050409609: অ্যাসিস্ট্যান্ট মাইনিং ইঞ্জিনিয়ার:** ৪টি (সাধারণ ২, ওবিসি ২)। এর মধ্যে ১টি শূন্যপদ দৈহিক প্রতিবন্ধীর জন্য সংরক্ষিত থাকবে। **শিক্ষাগত যোগ্যতা:** মাইনিং ইঞ্জিনিয়ারিংয়ে বি ই বা বি টেক। সেই সঙ্গে সংশ্লিষ্ট ক্ষেত্রে ২ বছরের অভিজ্ঞতা থাকতে হবে। এম ই বা এম টেক ডিগ্রি থাকলে অগ্রাধিকার। **বয়স:** ৩০ বছরের মধ্যে হতে হবে। **বেতনক্রম:** সপ্তম বেতন কমিশনের লেভেল-৭ অনুসারে। নিয়োগ করা হবে খনি মন্ত্রকের অধীনস্থ ইন্ডিয়ান ব্যুরো অব মাইনসে।

সব ক্ষেত্রেই ২৯-৫-২০২৬ তারিখে প্রার্থীর নির্দিষ্ট বয়স হতে হবে। তফসিলিরা ৫, ওবিসি-রা ৩, দৈহিক প্রতিবন্ধীরা ১০ বছরের ছাড় পাবেন।

প্রার্থী বাছাই করা হবে রিক্রুটমেন্ট টেস্ট ও ইন্টারভিউয়ের মাধ্যমে।

অনলাইন দরখাস্ত করতে হবে এই ওয়েবসাইটের মাধ্যমে: https://upsconline.nic.in/ora/ অনলাইন দরখাস্তের শেষ তারিখ ২৯ মে। প্রার্থীর চালু ই-মেল আইডি থাকতে হবে। অনলাইন-দরখাস্ত পূরণের সময় প্রার্থীর তাৎক্ষণিক ছবি (লাইভ ফটো) তুলতে হবে এবং সই-সহ যাবতীয় প্রয়োজনীয় নথিপত্র স্ক্যান করে আপলোড করতে হবে।

ফি বাবদ দিতে হবে ২৫ টাকা। মহিলা, তফসিলি ও দৈহিক প্রতিবন্ধীদের ফি লাগবে না। অনলাইনে নেট ব্যাঙ্কিং বা ভিসা বা মাস্টার বা রুপে ক্রেডিট বা ডেবিট কার্ড বা ইউপিআইয়ের মাধ্যমে ফি জমা দেওয়া যাবে।

খুঁটিনাটি তথ্য পাওয়া যাবে এই ওয়েবসাইটে: www.upsc.gov.in

## হিন্দুস্তান কপারে
# ডেপুটি ম্যানেজার

বিভিন্ন শাখায় ডেপুটি ম্যানেজার পদে ৩২ জনকে নেবে হিন্দুস্তান কপার লিমিটেড। এটি কেন্দ্রের খনি মন্ত্রকের অধীনস্থ একটি সংস্থা। নিয়োগ করা হবে মাইনিং, সিভিল, ফিনান্স-সহ বিভিন্ন শাখায় ই-২ গ্রেডে। এই নিয়োগের বিজ্ঞপ্তি নম্বর: Estt./1/2033/2025-26

**শূন্যপদের বিন্যাস: মাইনিং:** ৭টি (সাধারণ ৩, তফসিলি জাতি ১, ওবিসি ১, আর্থিক ভাবে অনগ্রসর ২)। শিক্ষাগত যোগ্যতা: মাইনিং ইঞ্জিনিয়ারিংয়ে স্নাতক। সেই সঙ্গে ফার্স্ট ক্লাস মাইন ম্যানেজারস কম্পিটেন্সি সার্টিফিকেট (আনরেস্ট্রিক্টেড) থাকলে অগ্রাধিকার।

**এনভায়রনমেন্ট ম্যানেজমেন্ট:** ৩টি (সাধারণ ২, ওবিসি ১)। **শিক্ষাগত যোগ্যতা:** এনভায়রনমেন্ট ইঞ্জিনিয়ারিং বা টেকনোলজিতে স্নাতক। অথবা যে-কোনও বিষয়ে বি ই বা বি টেক ডিগ্রি সহ এনভায়রনমেন্টাল ইঞ্জিনিয়ারিং বা এনভায়রনমেন্টাল ম্যানেজমেন্ট বা এনভায়রনমেন্ট সায়েন্সে পোস্ট গ্র্যাজুয়েট ডিগ্রি বা ডিপ্লোমা।

**সেফটি অ্যান্ড ফায়ার সার্ভিসেস:** ৪টি (সাধারণ ১, তফসিলি জাতি ১, ওবিসি ১, আর্থিক ভাবে অনগ্রসর ১)। **শিক্ষাগত যোগ্যতা:** যে-কোনও বিষয়ে বি ই বা বি টেক ডিগ্রি সহ সেফটি ইঞ্জিনিয়ারিং ম্যানেজমেন্টে পোস্ট গ্র্যাজুয়েট ডিগ্রি বা ডিপ্লোমা। অথবা সেফটি বা ফায়ার ইঞ্জিনিয়ারিংয়ে বি টেক।

**কনসেনট্রেটর (মিনারেল প্রসেসিং):** ৩টি (সাধারণ ২, ওবিসি ১)। **শিক্ষাগত যোগ্যতা:** মিনারেল অ্যান্ড মেটালার্জিক্যাল ইঞ্জিনিয়ারিং বা মিনারেল ইঞ্জিনিয়ারিংয়ে বি ই বা বি টেক ডিগ্রি।

**ইলেক্ট্রিক্যাল:** ৪টি (সাধারণ ২, তফসিলি জাতি ১, ওবিসি ১)। **শিক্ষাগত যোগ্যতা:** ইলেক্ট্রিক্যাল ইঞ্জিনিয়ারিংয়ে বি ই বা বি টেক।

**মেকানিক্যাল:** ৪টি (সাধারণ ২, তফসিলি জাতি ১, ওবিসি ১)। **শিক্ষাগত যোগ্যতা:** মেকানিক্যাল ইঞ্জিনিয়ারিং বা মাইনিং মেশিনারিতে ব্যাচেলর্স ডিগ্রি।

**সিভিল:** ৩টি (সাধারণ ২, ওবিসি ১)। **শিক্ষাগত যোগ্যতা:** সিভিল ইঞ্জিনিয়ারিংয়ে ব্যাচেলর্স ডিগ্রি।

**ফিনান্স:** ৪টি (সাধারণ ২, ওবিসি ১, আর্থিক ভাবে অনগ্রসর ১)। **শিক্ষাগত যোগ্যতা:** ইনস্টিটিউট অব চার্টার্ড অ্যাকাউন্ট্যান্টস অব ইন্ডিয়া অথবা ইনস্টিটিউট অব কস্ট অ্যাকাউন্ট্যান্টস অব ইন্ডিয়ার ফাইনাল পরীক্ষায় পাশ।

উপরোক্ত সব ক্ষেত্রেই সংশ্লিষ্ট কাজে অন্তত ৩ বছরের অভিজ্ঞতা থাকা বাধ্যতামূলক।

**বয়স:** ১-৫-২০২৬ তারিখে ৪০ বছরের মধ্যে হতে হবে। তফসিলি ও খেলোয়াড়রা ৫, ওবিসি-রা ৩ বছরের ছাড় পাবেন। প্রাক্তন সমরকর্মীরাও নিয়মানুসারে ছাড় পাবেন।

**মোট বেতন:** মাসিক ৯৩,৪০০ টাকা।

প্রার্থী বাছাই করা হবে পার্সোন্যাল ইন্টারভিউয়ের মাধ্যমে।

অনলাইন দরখাস্ত করতে হবে এই ওয়েবসাইটের মাধ্যমে: www.hindustancopper.com প্রার্থীর চালু ই-মেল আইডি ও মোবাইল নম্বর থাকতে হবে। অনলাইন দরখাস্ত করা যাবে ২৫ জুন পর্যন্ত। অনলাইন দরখাস্তের সময় প্রার্থীর পাসপোর্ট মাপের রঙিন ফটো, সই (জেপেগ ফর্ম্যাটে) এবং প্রয়োজনীয় যাবতীয় নথিপত্র স্ক্যান করে আপলোড করতে হবে। অনলাইন দরখাস্ত সাবমিটের পর পূরণ করা দরখাস্তের এক কপি সিস্টেম জেনারেটেড প্রিন্ট আউট ও অ্যাকনলেজমেন্ট স্লিপের প্রিন্ট আউট নিয়ে নেবেন। এগুলি কোথাও পাঠাতে হবে না। নিজের কাছে রাখবেন। পরে প্রয়োজন হবে।

দরখাস্তের ফি বাবদ দিতে হবে ৫০০ টাকা। অনলাইনে ফি জমা দিতে হবে। তফসিলি ও দৈহিক প্রতিবন্ধীদের কোনও ফি দিতে হবে না।

খুঁটিনাটি তথ্যের জন্য দেখুন উপরোক্ত ওয়েবসাইট।

# দুর্গাপুর স্টিল প্ল্যান্টে চাকরি

বিভিন্ন বিভাগে ৪৬ জন কর্মী নেবে স্টিল অথরিটি অব ইন্ডিয়া (সেইল)। নিয়োগ করা হবে দুর্গাপুর স্টিল প্ল্যান্ট ও ইসকো স্টিল প্ল্যান্টে। প্রাথমিক ভাবে ৩ বছরের চুক্তিতে নিয়োগ করা হবে। কর্তৃপক্ষ মনে করলে চুক্তির মেয়াদ আরও ২ বছরের জন্য বৃদ্ধি করতে পারে। এই নিয়োগের বিজ্ঞপ্তি নম্বর: ISP/YP/2026/01.

**প্ল্যান্ট ও বিভাগ অনুসারে শূন্যপদের বিন্যাস: প্রোজেক্টস ডিভিশন:** দুর্গাপুর স্টিল প্ল্যান্ট: ৮টি। ইসকো স্টিল প্ল্যান্ট: ২৬টি। **ওয়ার্কস ডিভিশন:** দুর্গাপুর স্টিল প্ল্যান্ট: ৮টি। ইসকো স্টিল প্ল্যান্ট: ২টি। **মেটিরিয়ালস ম্যানেজমেন্ট ডিভিশন:** ইসকো স্টিল প্ল্যান্ট: ২টি।

**শিক্ষাগত যোগ্যতা:** সংশ্লিষ্ট ইঞ্জিনিয়ারিং শাখায় মোট অন্তত ৬৫ শতাংশ নম্বর-সহ বি ই বা বি টেক। এম ই বা এম টেক বা পিএইচডি থাকলে অগ্রাধিকার। সেই সঙ্গে পদ অনুযায়ী ৩, ৬ ও ১০ বছরের অভিজ্ঞতা থাকতে হবে।

**বয়স:** অন্তত ২৩ বছর হতে হবে। বয়সের উর্ধ্বসীমা পদ অনুযায়ী ৩৫, ৩৮ এবং ৪২ বছর। তফসিলিরা ৫, ওবিসি-রা ৩ ও দৈহিক প্রতিবন্ধীরা ১০ বছরের ছাড় পাবেন।

**বেতন:** গ্রেড অনুযায়ী নির্দিষ্ট মাসিক ৭০,০০০ টাকা, ১,০০,০০০ টাকা ও ১,৪০,০০০ টাকা।

প্রার্থী বাছাই করা হবে কম্পিউটার-ভিত্তিক পরীক্ষা এবং ইন্টারভিউয়ের মাধ্যমে।

অনলাইন দরখাস্ত করতে হবে এই দুই ওয়েবসাইটের যে-কোনও একটির মাধ্যমে: www.sail.co.in, https://sailcareers.com প্রার্থীর চালু ই-মেল আইডি থাকতে হবে। অনলাইন দরখাস্ত করা যাবে ৬ জুন পর্যন্ত। অনলাইন দরখাস্তের সময় প্রার্থীর পাসপোর্ট মাপের রঙিন ফটো (৫০ কেবি সাইজের মধ্যে), সই (২০ কেবি সাইজের মধ্যে) এবং প্রয়োজনীয় যাবতীয় নথিপত্র (৩০০ কেবি সাইজের মধ্যে) স্ক্যান করে আপলোড করতে হবে।

অনলাইনে দরখাস্তের ফি বাবদ দিতে হবে ৫০০ টাকা।

বিশদ জানতে দেখুন উপরোক্ত ওয়েবসাইট।

## রবীন্দ্রভারতীতে সেমিনার
# নারী সুরক্ষা-নিরাপত্তা

**নিজস্ব প্রতিনিধি:** মহিলাদের সুরক্ষা ও নিরাপত্তা নিয়ে চর্চা হচ্ছে দেশ জুড়ে। আজও ভারতের অধিকাংশ মহিলার কাছে তাঁদের অধিকার ও সুরক্ষার বিষয়টি স্পষ্ট নয়। ফলে বারবার তাঁরা অধিকার বঞ্চিত হন। পাশাপাশি নিজেদের স্বাস্থ্য ও সুস্থতা নিয়েও অধিকাংশ ভারতীয় নারী উদাসীন।

## আইন, স্বাস্থ্য ও সুস্থতা নিয়ে আলোচনা

এই প্রেক্ষাপটে রবীন্দ্রভারতী বিশ্ববিদ্যালয়ের উইমেন্স স্টাডিজ সেন্টারে ১৬ থেকে ১৯ জুন, চার দিনের আলোচনা সভার আয়োজন করা হয়েছে। বিষয়, নারী সুরক্ষা-নিরাপত্তা: আইন, স্বাস্থ্য ও সুস্থতা। আলোচনা করবেন সমাজের বিশিষ্ট জনেরা। থাকবে ইন্টার-অ্যাকটিভ সেশনও।

এই সেমিনারে যোগ দিতে পারবেন স্নাতকোত্তর পড়ুয়া ও গবেষকরা। যাঁরা আইন নিয়ে পড়াশোনা করছেন, নারী সুরক্ষা যাঁদের গবেষণা ও কাজের বিষয়, তাঁদের জন্য উপযুক্ত এই আলোচনা সভা।

আলোচনা সভায় যোগ দেওয়ার জন্য এখনই আবেদন করতে পারেন। আরেদনের শেষ তারিখ ৭ জুন। অনলাইন আবেদন করা যাবে রবীন্দ্রভারতী বিশ্ববিদ্যালয়ের এই ওয়েবসাইটের মাধ্যমে: https://www.rbu.ac.in/ বিশদ তথ্যও পাবেন এই ওয়েবসাইটেই।

# ব্যাঙ্ক অব বরোদায় ৫০০০ অ্যাপ্রেন্টিস

দেশ জুড়ে ৫,০০০ তরুণ-তরুণীকে অ্যাপ্রেন্টিসশিপ ট্রেনিং দেবে ব্যাঙ্ক অব বরোদা। প্রশিক্ষণের মেয়াদ ১ বছর। প্রশিক্ষণ চলাকালীন স্টাইপেন্ড পাওয়া যাবে। প্রার্থীকে সংশ্লিষ্ট রাজ্যের স্থানীয় ভাষা বলতে, পড়তে ও লিখতে জানতে হবে। তাই এখানে পশ্চিমবঙ্গের জন্য নির্দিষ্ট ১৯৪টি আসনের বিষয়ে জানানো হল। প্রশিক্ষণের বিজ্ঞপ্তি নম্বর: BOB/HRM/APPRENTICE/ADVT/2026/01.

পশ্চিমবঙ্গে আসনসংখ্যার বিবরণ: মোট আসন: ১৯৪টি (সাধারণ ৮০, তফসিলি জাতি ৪৪, তফসিলি উপজাতি ৯, ওবিসি ৪২, আর্থিক ভাবে অনগ্রসর ১৯)। এর মধ্যে ১টি শূন্যপদ বৌদ্ধিক প্রতিবন্ধী এবং ২টি করে শূন্যপদ শ্রবণ, দৃষ্টি-সংক্রান্ত প্রতিবন্ধী ও চলাফেরায় অসুবিধা আছে এমন প্রার্থীদের জন্য সংরক্ষিত থাকবে।

**শিক্ষাগত যোগ্যতা:** স্নাতক।

ন্যাশনাল অ্যাপ্রেন্টিসশিপ ট্রেনিং স্কিমে নথিভুক্ত প্রার্থীরা, ১-৫-২০২৬ তারিখ অনুসারে ৪ বছরের বেশি সময় আগে যোগ্যতামান নির্ণায়ক পরীক্ষায় পাশ করে থাকলে আবেদন করবেন না। এর আগে কোথাও অ্যাপ্রেন্টিসশিপ ট্রেনিং নিয়ে থাকলে, কোনও সংস্থায় ১ বছর বা তার বেশি সময়ের কাজের অভিজ্ঞতা থাকলে আবেদন করবেন না।

**বয়স:** ১-৫-২০২৬ তারিখে ২০ থেকে ২৮ বছরের মধ্যে হতে হবে। সংরক্ষিত ক্যাটেগরির প্রার্থীরা নিয়মানুসারে বয়সের ছাড় পাবেন।

**স্টাইপেন্ড:** প্রতি মাসে ১৫,০০০ টাকা।

প্রার্থী বাছাই করা হবে অনলাইন পরীক্ষা, নথিপত্র যাচাই এবং স্থানীয় ভাষার পরীক্ষার মাধ্যমে। ১০০ নম্বরের অনলাইন পরীক্ষায় প্রশ্ন হবে জেনারেল বা ফিনান্সিয়াল অ্যাওয়্যারনেস, কোয়ান্টিটেটিভ অ্যান্ড রিজনিং অ্যাপ্টিটিউড, কম্পিউটার নলেজ ও জেনারেল ইংলিশ বিষয়ে। সময়সীমা ১ ঘণ্টা। নেগেটিভ মার্কিং নেই।

প্রার্থীকে প্রথমে অ্যাপ্রেন্টিস হিসেবে নাম নথিভুক্ত করতে হবে এই অনলাইন পোর্টালের মাধ্যমে: https://nats.education.gov.in অথবা https://www.apprenticeshipindia.gov.in নাম নথিভুক্তির পর পাওয়া এনরোলমেন্ট আইডি বা অ্যাপ্রেন্টিস রেজিস্ট্রেশন কোড লিখে রাখবেন। এরপর সংশ্লিষ্ট ওয়েবসাইটেই এসট্যাব্লিশমেন্ট সার্চ অপশনে ক্লিক করে ব্যাঙ্ক অব বরোদায় প্রশিক্ষণের জন্য আবেদন করতে হবে। সব শেষে প্রার্থীর ই-মেল আইডিতে BFSI SSC (info@bfsissc.com)-এর তরফে ফি প্রদানের লিঙ্ক পাঠানো হবে।

আবেদনের শেষ তারিখ ৮ জুন। দরখাস্তের ফি বাবদ অনলাইন দিতে হবে ৮০০ টাকা (মহিলা ও ট্রান্সজেন্ডার প্রার্থীদের ক্ষেত্রে ৬০০ টাকা, তফসিলি ও দৈহিক প্রতিবন্ধীদের ক্ষেত্রে ২০০ টাকা)।

দরখাস্ত যথাযথ ভাবে পূরণ করে সাবমিট করুন। সাবমিট করা দরখাস্ত এবং ফি জমা দিয়ে পাওয়া ই-রিসিটের এক কপি করে প্রিন্ট আউট নিয়ে নেবেন। এগুলি কোথাও পাঠাতে হবে না। নিজের কাছে রাখবেন। পরে কাজে লাগবে।

হিন্দি ও ইংরেজিভাষী রাজ্যের আসনসংখ্যা-সহ খুঁটিনাটি তথ্যের জন্য দেখুন এই ওয়েবসাইট: https://bankofbaroda.bank.in

# রাজ্যে অ্যাসিস্ট্যান্ট প্রফেসর

## বয়সের উর্ধ্বসীমা ও আবেদনের সময়সীমা বাড়ানো হল

**নিজস্ব প্রতিনিধি:** অন্যান্য সরকারি চাকরির মতো রাজ্যের সরকারি সহায়তাপ্রাপ্ত কলেজগুলিতে অ্যাসিস্ট্যান্ট প্রফেসর পদে আবেদনের জন্য বয়সের উর্ধ্বসীমা ৫ বছর বাড়ানো হয়েছে। সেই প্রেক্ষিতে এই পদে আবেদনের সময়সীমা বাড়ানো হল। পশ্চিমবঙ্গ কলেজ সার্ভিস কমিশন সম্প্রতি এক বিজ্ঞপ্তিতে (বিজ্ঞপ্তি নম্বর ১/২০২৬) জানিয়েছে, রাজ্যে সরকারি সহায়তাপ্রাপ্ত কলেজগুলিতে অ্যাসিস্ট্যান্ট প্রফেসর নিয়োগের যে-প্রক্রিয়া চলছে, সরকারি চাকরিতে বয়সের উর্ধ্বসীমা বৃদ্ধির ফলে আরও অনেক প্রার্থী বয়সের শর্তের দিক থেকে তাতে অংশ নেওয়ার যোগ্য। ফলে নতুন করে আবেদনের সময়সীমা নির্ধারণ করা হয়েছে। অনলাইন আবেদন করা যাবে ১৮ জুন পর্যন্ত। উল্লেখ্য, রাজ্যে অ্যাসিস্ট্যান্ট প্রফেসরের শূন্যপদে আবেদনের জন্য সাধারণ ক্যাটেগরির প্রার্থীদের বয়সের উর্ধ্বসীমা ৪০ বছর থেকে বেড়ে হয়েছে ৪৫ বছর। তফসিলি, ওবিসি এবং দৈহিক প্রতিবন্ধীরা নিয়মানুসারে বয়সের ছাড় পাবেন। ১-১-২০২৬ তারিখে নির্দিষ্ট বয়স থাকতে হবে। ১৮-৬-২০২৬ তারিখের মধ্যে শিক্ষাগত ও অন্যান্য যোগ্যতা অর্জন করতে হবে।

খুঁটিনাটি তথ্যের জন্য দেখবেন এই ওয়েবসাইট: https://wbcsc.org.in/wbcsc/AsstProfLib.aspx

# অ্যাকসেঞ্চারে ৬০০

*প্রথম পাতার পর*

না থাকলেও আবেদন করা যাবে। ৩০০-র বেশি শূন্যপদ রয়েছে অভিজ্ঞতাবিহীন ও স্বল্প-অভিজ্ঞদের জন্য।

যে-কোনও শাখার গ্র্যাজুয়েটরা আবেদন করতে পারেন। তবে কাজের প্রকৃতি অনুসারে কিছু অতিরিক্ত দক্ষতার দরকার হবে। মূলত বিপণন-সংক্রান্ত যোগাযোগের কাজ। ফলে ডিজিটাল কমিউনিকেশন, কনটেন্ট রাইটিং, কনটেন্ট ডিজাইনিং, ডিজিটাল মার্কেটিং প্রভৃতির মতো বিষয়ে অবহিত ও দক্ষরা এন্ট্রি লেভেলের চাকরির ক্ষেত্রে এগিয়ে থাকবেন।

আগ্রহীরা এখনই অনলাইন আবেদন করতে পারেন। দেখুন এই ওয়েবসাইট: https://www. accenture.com/in-en/careers/jobsearch

ওয়েবসাইটের সাইড বারে 'এরিয়া অব ইন্টারেস্ট'-এ মার্কেটিং ও কমিউনিকেশন সংলগ্ন বক্সে ক্লিক করলে এই বিভাগে নিয়োগ-বিষয়ক তথ্য ও পদ অনুসারে আবেদনের লিঙ্ক পাবেন।

## অবসরপ্রাপ্ত রেলওয়ে কর্মীদের সম্পূর্ণরূপে চুক্তির ভিত্তিতে নিয়োগ

মেসার্স নিগম এন্টারপ্রাইজেস এমজিআর রেলওয়ে সাইডিং, বঙ্গাইগাঁও তাপবিদ্যুৎ কেন্দ্র, চালেকাটি, কোকরাঝার, আসামে সম্পূর্ণ চুক্তির ভিত্তিতে যোগ্য অবসরপ্রাপ্ত ভারতীয় রেলওয়ে কর্মীদের নিম্নোক্ত পদে নিয়োগের জন্য আবেদন আহ্বান করছে:

| | | | |
|---|---|---|---|
| স্টেশন মাস্টার | ০২ | টিএক্সআর | ০৪ |
| অ্যাসিস্ট্যান্ট স্টেশন মাস্টার | ০৮ | পিডব্লুআই | ০১ |
| লোকো পাইলট | ১৬ | সিগন্যাল ইন্সপেক্টর | ০১ |
| পয়েন্টসম্যান/শান্টম্যান | ২৪ | ইএসএম | ০৬ |

- **যোগ্যতার শর্তাবলী :** অবশ্যই ভারতীয় রেলওয়ে থেকে অবসরপ্রাপ্ত, বয়স ৬৫ বছরের নিচে এবং শারীরিকভাবে ফিট হতে হবে।
- **পারিশ্রমিক :** ৮০,০০০ টাকা-১,০০,০০০ টাকা মাসিক বেতন। (এইচআরএ প্রযোজ্য)।
- **নির্বাচন :** নথি যাচাই→পেশাগত দক্ষতা পরীক্ষা→ইন্টারভিউ→শারীরিক পরীক্ষা।
- **অবস্থান :** বঙ্গাইগাঁও তাপ বিদ্যুৎ কেন্দ্র (বিজিটিপিএস), চালেকাটি, কোকরাঝার, আসাম-৭৮৩৩৬৯।

আবেদন পদ্ধতি : আগ্রহী প্রার্থীরা তাঁদের নথিপত্র mgrsalakati01@gmail.com-তে ইমেল করতে পারেন। কোনো জিজ্ঞাসা থাকলে, অনুগ্রহ করে +৯১-৭০৪৯৩২০৮৫৭-তে যোগাযোগ করুন।

## HOOGHLY COCHIN SHIPYARD LIMITED


HOWRAH- 711 109
(A Govt. of India Enterprise)
(Under Ministry of Port, Shipping & Waterways)

No. HCSL/HR/RECTT/CONT/2026-27/(1 & 2) Date: 20.05.2026
No. HCSL/HR/RECTT/PERMA/2026-27/1 Date: 20.05.2026

Hooghly Cochin Shipyard Limited (Hooghly CSL), a wholly owned subsidiary of Cochin Shipyard Limited, invites **Online applications** from eligible experienced candidates for the following Experienced Professionals, Workman in Regular / Contract position at Hooghly CSL.

| Sl No. | Name of Posts | No. of Posts |
|---|---|---|
| | **Experienced Professional (On Contract Basis)** | |
| 1 | Chief Project Engineer On Contract Basis | 01 |
| | **Permanent** | |
| 1 | Storekeeper in W7 Pay Scale | 01 |
| | **On Contract Position** | |
| 1 | Nursing Assistant Cum First Aider On Contract Basis | 01 |

For more details on age, reservation, educational qualification, experience, remuneration etc, please read the vacancy notification on Hooghly CSL website (www.hooghlycsl.com) in the careers section /CSL website (www.cochinshipyard.in/career) in the section Hooghly CSL (Kolkata) Ph: 033-29558283 (Ext No. 241). Sd/-
**Senior Manager (IR & HR)**




স্বর্ণাক্ষর প্রকাশনী প্রাইভেট লিমিটেড-এর পক্ষে অমরেন্দ্র চক্রবর্তী কর্তৃক ২৯/১এ, ওল্ড বালিগঞ্জ সেকেন্ড লেন, কলকাতা-১৯ থেকে প্রকাশিত ও এবিপি প্রাঃ লিঃ, মৌজা: বড়বেড়িয়া, পোঃ জগন্নাথপুর, থানা: বারাসাত, জেলা: ২৪ পরগনা (উঃ) থেকে মুদ্রিত। প্রধান সম্পাদক: অমরেন্দ্র চক্রবর্তী সম্পাদক: মহাশ্বেতা সমাজদার ফোন: ২২৮৩-২৩২০, ২২৯০-০০০৮ ফ্যাক্স: ২২৮৭-৬৪৪৮
E-mail: swarnakshar.prakasani@gmail.com Website: www.swarnakshar.in